# পার্ট বি পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট

পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি

জুন ২০১৬

## ৩–২১ বছর বয়সী প্রতিবন্ধী শিক্ষার্থীদের পিতামাতার অধিকার

পিতামাতা হিসেবে আপনি নিউ ইয়র্ক স্টেটে বিশেষ শিক্ষা কমিটি (সি.এস.ই.) বা প্রি–স্কুল বিশেষ শিক্ষা কমিটির (সি.পি.এস.ই.) একজন গুরুত্বপূর্ণ সদস্য। আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিষেবা সংক্রান্ত সুপারিশমালা প্রণয়নের দায়িত্ব সি.এস.ই./সি.পি.এস.ই.–এর । আপনাকে অবশ্যই আপনার সন্তানের বিশেষ শিক্ষার চাহিদা বিষয়ে সি.এস.ই./সি.পি.এস.ই. এর আলোচনা ও সিদ্ধান্ত প্রণয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগ দিতে হবে। নিচের তথ্যগুলো পদ্ধতিগত সুরক্ষা সম্পর্কিত। বিশেষ শিক্ষার প্রক্রিয়া সম্পর্কে অবগত থাকা ও এর সাথে যুক্ত থাকা এবং আপনার সন্তানের বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা (এফ.এ.পি.ই.) লাভ নিশ্চিত করার জন্য ফেডারেল ও স্টেট আইনের অধীনে এগুলো হল আপনার আইনগত অধিকার।

বছরে একবার আপনাকে অবশ্যই এই পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তির একটি কপি দিতে হবে। এছাড়া নিচের কারণগুলোর ক্ষেত্রেও তা দিতে হবে:

- প্রাথমিক পরামর্শপত্র বা আপনার সন্তানকে মূল্যায়ন করার জন্য আপনার অনুরোধের পরিপ্রেক্ষিতে।
- যখনই আপনি কোন কপির জন্য অনুরোধ জানাবেন
- মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানির অনুরোধ জানিয়ে দাখিল করা স্কুলবর্ষের প্রথম সঠিক প্রক্রিয়ায় অভিযোগ গ্রহণের পর।
- কোন স্কুলবর্ষে প্রথমবার যখন স্কুল ডিস্ট্রিক্ট নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টে (এন.ওয়াই.এস.ই.ডি.) আপনার দাখিল করা স্টেট বরারা অভিযোগের কপি পাবে।
- যখন আপনার সন্তানকে শৃঙ্খলা সংক্রান্ত কোন কারণে সাময়িকভাবে বহিষ্কার করা বা সরিয়ে নেয়ার সিদ্ধান্ত নেওয়া হয় এবং এর ফলে বর্তমান শাস্তির ব্যবস্থায় কোন পরিবর্তন আসে।

ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ইউ.এস.ডি.ও.ই.) প্রণীত মডেল ফরমের আদলে এই পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি প্রণীত হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের শর্তাবলি অনুসারে এতে তথ্য যুক্ত করা হয়েছে।

**দি ইউনিভার্সিটি অব দি স্টেট অব নিউ ইয়র্ক**
নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট

প্রতিবন্ধী ব্যক্তির জন্য
অফিস অব দি ভোকেশনাল অ্যান্ড এডুকেশনাল সার্ভিসেস

# সূচিপত্র

**সাধারণ তথ্য** ........ ১
পুর্বে প্রদত্ত লিখিত নোটিস (সুপারিশের নোটিস) ........ ১
মাতৃভাষা ........ ২
ইলেক্ট্রনিক মেইল ........ ২
পিতামাতার সম্মতি– সংজ্ঞা ........ ২
পিতামাতার সম্মতি ........ ৩
স্বাধীন শিক্ষাগত মূল্যায়ন ........ ৬

**তথ্যের গোপনীয়তা** ........ ৮
সংজ্ঞা ........ ৮
ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য ........ ৮
পিতামাতাকে নোটিস ........ ৮
অভিগমনের অধিকার ........ ৯
অভিগমনের রেকর্ড ........ ৯
একাধিক সন্তান সম্পর্কিত রেকর্ড ........ ১০
তথ্যের ধরন ও অবস্থানের তালিকা ........ ১০
ফি ........ ১০
পিতামাতার অনুরোধে রেকর্ড সংশোধন ........ ১০
শুনানির সুযোগ ........ ১০
শুনানির পদ্ধতি ........ ১১
শুনানির ফল ........ ১১
ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য প্রকাশের সম্মতি ........ ১১
সুরক্ষা ........ ১২
তথ্য বিনাশ ........ ১২

**স্টেট বরাবর অভিযোগের পদ্ধতি** ........ ১৩
সঠিক প্রক্রিয়ায় শুনানির অভিযোগ ও স্টেট বরাবর অভিযোগের পদ্ধতির মধ্যে পার্থক্য ........ ১৩
স্টেট বরাবর অভিযোগের পদ্ধতি গ্রহণ ........ ১৩
স্টেট বরাবর অভিযোগের ন্যূনতম পদ্ধতি ........ ১৪
অভিযোগ দায়ের্ ১৫

**সঠিক প্রক্রিয়ায় অভিযোগের পদ্ধতি** ........উৎৎড়ৎ! ইড়ড়শসধৎশ হড়ঃ ফবভরহবফ.
সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দাখিল ........ ১৬
সঠিক প্রক্রিয়ায় অভিযোগ ........ ১৬
মডেল ফরম ........ ১৮
মধ্যস্থতা ........ ১৮

সঠিক প্রক্রিয়ায় অভিযোগ ও শুনানি স্থগিত থাকাকালে শিক্ষার্থী ভর্তি ........ ২০
নিষ্পত্তি প্রক্রিয়া ........ ২০

**সঠিক প্রক্রিয়ায় অভিযোগ শুনানি ........ ২৩**
নিরপেক্ষ সঠিক প্রক্রিয়ায় শুনানি ........ ২৩
শুনানির অধিকার ........ ২৪
শুনানির সিদ্ধান্ত ........ ২৫

**আপিল ........ ২৬**
চূড়ান্ত সিদ্ধান্ত; আপিল; নিরপেক্ষ পর্যালোচনা ........ ২৬
শুনানি ও পর্যালোচনার সময়সীমা ও সুবিধাজনক সময় ........ ২৭
আইনগত ব্যবস্থা এবং এসব ব্যবস্থা গ্রহণের সময়সীমা ........ ২৭
আইনজীবীর ফি ........ ২৮

**প্রতিবন্ধী শিক্ষার্থীদের শাসন করার পদ্ধতি ........ ৩০**
স্কুল কর্মীদের কর্তৃত্ব ........ ৩০
শাস্তিমূলক অপসারণের কারণে ভর্তির পরিবর্তন ........ ৩৩
পারিপার্শ্বিকতা নির্ণয় ........ ৩৪
আপিল ........ ৩৪
আপিল চলাকালে ভর্তি ........ ৩৫
বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবার জন্য এখনও অনুপযুক্ত শিক্ষার্থীদের জন্য সুরক্ষা ........ ৩৫
আইন প্রয়োগকারী এবং বিচার বিভাগীয় কর্তৃপক্ষের কাছে প্রেরণ এবং পদক্ষেপ গ্রহণ ........ ৩৭

**সরকারি ও বেসরকারি সুবিধা/বীমার ব্যবহার ........ ৩৮**
যেসব প্রতিবন্ধী শিক্ষার্থী সরকারি বীমার আওতাভুক্ত ........ ৩৮
যেসব প্রতিবন্ধী শিক্ষার্থী বেসরকারি বীমার আওতাভুক্ত ........ ৩৯

**সরকারি খরচে বেসরকারি স্কুলগুলোতে শিক্ষার্থীদের পিতামাতা কর্তৃক এককভাবে ভর্তির শর্তাবলি ........ ৪০**
সাধারণ ........ ৪০

রিসোর্সেস ........ ৪১

## পূর্বে প্রদত্ত লিখিত নোটিস (সুপারিশের নোটিস)

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০৩; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (এ) এবং (সি)

নোটিস

আপনার স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে অবশ্যই লিখিত নোটিস প্রদান করবে (আপনাকে লিখিতভাবে কিছু তথ্য জানাবে) যখনই এটি:

১. আপনার সন্তানের পরিচয়, মূল্যায়ন বা শিক্ষাগত অবস্থান পরিবর্তনের বা শুরুর প্রস্তাব করবে; বা আপনার সন্তানের জন্য বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষার (এফ.এ.পি.ই.) ব্যবস্থা করার প্রস্তাব করবে; বা

২. আপনার সন্তানের পরিচয়, মূল্যায়ন বা শিক্ষাগত অবস্থান বা আপনার সন্তানের এফ.এ.পি.ই. ব্যবস্থার পরিবর্তন বা শুরু করতে অস্বীকৃতি জানাবে।

যদি পূর্বে প্রদত্ত লিখিত নোটিসটি স্কুল ডিস্ট্রিক্টের কোন পদক্ষেপ সম্পর্কে হয়ে থাকে যাতে অভিভাবকের সম্মতির প্রয়োজন রয়েছে, তাহলে ডিস্ট্রিক্ট তখনই নোটিস প্রদান করবে যখন সে এ ধরনের সম্মতির জন্য অনুরোধ জানাবে।

নোটিসের বিষয়বস্তু

লিখিত নোটিসে অবশ্যই থাকতে হবে:

১. আপনার স্কুল ডিস্ট্রিক্ট যে পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করছে বা গ্রহণে অস্বীকৃতি জানাচ্ছে তার বিবরণ;

২. কেন আপনার স্কুল ডিস্ট্রিক্ট পদক্ষেপটি গ্রহণের প্রস্তাব করছে বা গ্রহণে অস্বীকৃতি জানাচ্ছে তার ব্যাখ্যা;

৩. পদক্ষেপটি গ্রহণ বা প্রত্যাখ্যানের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার সময়ে আপনার স্কুল ডিস্ট্রিক্ট যে মূল্যায়ন পদ্ধতি, যাচাই বাছাই, রেকর্ড বা প্রতিবেদন ব্যবহার করেছে তার প্রতিটির বিবরণ

৪. প্রতিবন্ধী শিক্ষা বিধির (আই.ডি.ই.এ.) পার্ট বি এর পদ্ধতিগত সুরক্ষা নীতিমালার অধীনে আপনি যে সুরক্ষিত সে সম্পর্কিত একটি বিবৃতি অন্তর্ভুক্ত করা;

৫. আপনার স্কুল ডিস্ট্রিক্ট যে পদক্ষেপ গ্রহণ বা প্রত্যাখ্যান করছে তা যদি মূল্যায়নের জন্য প্রাথমিক সুপারিশ না হয় তাহলে আপনি কীভাবে পদ্ধতিগত সুরক্ষা নোটিসটির একটি বিবরণ পেতে পারেন সে সম্পর্কে আপনাকে বলা;

৬. আই.ডি.ই.এ. এর পার্ট বি বুঝতে সাহায্যলাভে আপনি যেসব স্থানে যোগাযোগ করতে পারেন সে সম্পর্কে তথ্য/উপকরণ অন্তর্ভুক্ত করা।

৭. আপনার সন্তানের বিশেষ শিক্ষা কমিটি (সি.এস.ই.) বা প্রি-স্কুল বিশেষ শিক্ষা কমিটি (সি.পি.এস.ই.) যদি অন্যকোন সিদ্ধান্ত বিবেচনা করে থাকে তবে তা এবং কেন ঐ সিদ্ধান্তগুলো প্রত্যাখ্যাত/বাতিল হয়েছে তার কারণ ব্যাখ্যা করা; এবং

৮. আপনার স্কুল ডিস্ট্রিক্ট কেন পদক্ষেপটি গ্রহণ বা প্রত্যাখ্যান করেছে তার অন্যান্য কারণ বিবৃত করা।

বোধগম্য ভাষায় নোটিস

নোটিস অবশ্যই সাধারণ মানুষের বোধগম্য ভাষায় লিখতে হবে এবং যদি একেবারেই অসম্ভব না হয় তাহলে আপনার মাতৃভাষায় বা আপনার ব্যবহৃত অন্যকোন যোগাযোগের মাধ্যম ব্যবহার করে প্রদান করতে হবে।

আপনার মাতৃভাষা বা যোগাযোগের অন্যান্য মাধ্যম যদি লেখার ভাষা না হয়, তাহলে আপনার স্কুল ডিস্ট্রিক্টকে যা অবশ্যই নিশ্চিত করতে হবে তা হল:

১. নোটিসটি অন্যকোন উপায়ে মৌখিকভাবে আপনার মাতৃভাষায় বা যোগাযোগের অন্যকোন ভাষায় অনুবাদ করা।

২. যাতে আপনি নোটিসের বিষয়বস্তু বুঝতে পারেন তা নিশ্চিত করা; এবং

৩. ১ এবং ২ নং শর্ত পূরণ হওয়ার লিখিত প্রমাণ নিশ্চিত করা।

## মাতৃভাষা

### ৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.২৯; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.১ (এফ.এফ.)

ইংরেজিতে সীমিত দক্ষতাসম্পন্ন কোন ব্যক্তির সাথে যখন *মাতৃভাষা* ব্যবহার করা হয় তার অর্থ:

১. ঐ ব্যক্তি সাধারণত এই ভাষা ব্যবহার করে থাকে বা একজন শিক্ষার্থীর ক্ষেত্রে, শিক্ষার্থীর পিতামাতা সাধারণত এই ভাষা ব্যবহার করে থাকে।

২. শিক্ষার্থীর সাথে সব ধরনের সরাসরি যোগাযোগের ক্ষেত্রে (শিক্ষার্থীর মূল্যায়নসহ) এই শিক্ষার্থী তার বাড়িতে বা শিক্ষণ পরিবেশে সাধারণত এই ভাষা ব্যবহার করে থাকে।

বধির বা অন্ধ ব্যক্তি বা এমন ব্যক্তির ক্ষেত্রে যার কোন লিখিত ভাষা নেই, যোগাযোগের মাধ্যম হবে ঐ ব্যক্তি সাধারণত যা ব্যবহার করে (যেমন সাংকেতিক ভাষা, ব্রেইল, মৌখিক যোগাযোগ)

## ইলেক্ট্রনিক মেইল

### ৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০৫; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (এ), (এফ) এবং (আই)

আপনার স্কুল ডিস্ট্রিক্ট যদি পিতামাতাকে ই-মেলের মাধ্যমে কাগজপত্র পাওয়ার সুযোগ দিয়ে থাকে, তাহলে আপনি নিম্নলিখিত কাগজপত্রগুলো ই-মেলের মাধ্যমে গ্রহণ করতে পারেন:

১. পূর্ব প্রদত্ত লিখিত নোটিস (সুপারিশের নোটিস )

২. পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি; এবং

৩. সঠিক প্রক্রিয়ার অভিযোগ সংক্রান্ত নোটিস

## পিতামাতার সম্মতি-সংজ্ঞা

### ৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৯; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.১ (আই)

#### সম্মতি

*সম্মতি* অর্থ:

১. আপনি যে পদক্ষেপের জন্য সম্মতি দিচ্ছেন সেটি সম্পর্কে সকল তথ্য আপনাকে আপনার মাতৃভাষায় বা যোগাযোগের অন্যকোন মাধ্যমে (যেমন সাংকেতিক ভাষা, ব্রেইল বা মৌখিত যোগাযোগ) সম্পূর্ণরূপে অবগত করা হয়েছে।

২. আপনি পদক্ষেপটি বুঝবেন এবং লিখিতভাবে সেটির সাথে একমত পোষণ করবেন। সম্মতিতে পদক্ষেপটির বিবরণ থাকবে এবং যে রেকর্ড (যদি থাকে) প্রকাশ করা হবে তার তালিকা এবং যার কাছে প্রকাশ করা হবে তার উল্লেখ থাকবে; এবং

৩. আপনি জানেন যে আপনি স্বেচ্ছায় এই সম্মতি প্রদান করেছেন এবং যেকোন সময়ে আপনি আপনার সম্মতি প্রত্যাহার করে নিতে পারেন।

আপনার সম্মতি প্রদানের পর এবং তা প্রত্যাহার করে নেয়ার পূর্বে যে পদক্ষেপটি গৃহীত হয়েছে আপনার সম্মতি প্রত্যাহারের ফলে তা বাতিল হয়ে যাবে না।

## পিতামাতার সম্মতি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৩০০; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (এ) এবং (বি)

### প্রাথমিক মূল্যায়নের জন্য সম্মতি

প্রথমে আপনাকে প্রস্তাবিত পদক্ষেপ সম্পর্কে পূর্বপ্রদত্ত লিখিত নোটিস প্রদান এবং *অভিভাবকের সম্মতি* শিরোনামের অধীনে প্রদত্ত বর্ণনা অনুসারে আপনার সম্মতি গ্রহণ ব্যতীত আপনার সন্তান আই.ডি.ই.এ.-র পার্ট বি এর অধীনে বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা লাভের যোগ্য কিনা আপনার স্কুল ডিস্ট্রিক্ট তা নির্ধারণের উদ্দেশ্যে প্রাথমিক মূল্যায়ন সম্পন্ন করতে পারবে না।

আপনার সন্তান প্রতিবন্ধী শিশু কিনা সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণে প্রাথমিক মূল্যায়নের জন্যে আপনার জ্ঞাত সম্মতি আদায় করতে আপনার স্কুল ডিস্ট্রিক্টের অবশ্যই উচিত যথাসম্ভব প্রচেষ্টা চালানো।

প্রাথমিক মূল্যায়নের জন্য আপনার সম্মতি প্রদানের অর্থ এই নয় যে, আপনি স্কুল ডিস্ট্রিক্টকে আপনার সন্তানকে বিশেষ শিক্ষা ও এতদ্‌সংক্রান্ত পরিষেবা প্রদান শুরু করারও অনুমতি দিয়ে দিয়েছেন।

যদি আপনার সন্তান কোন সরকারি স্কুলে ভর্তি হয় বা কোন সরকারি স্কুলে ভর্তি হওয়ার চেষ্টা করে এবং আপনি যদি প্রাথমিক মূল্যায়নের জন্য কোন অনুরোধে সাড়া প্রদানে ব্যর্থ হন বা সম্মতি প্রদানে অস্বীকৃত জানান এবং আপনার সন্তান যদি স্কুলে যাবার বয়সী হয়ে থাকে, তাহলে আপনার স্কুল ডিস্ট্রিক্ট, তবে তা আবশ্যিক নয়, মধ্যস্থতা বা সঠিক প্রক্রিয়ায় অভিযোগ, নিষ্পত্তি বৈঠক, এবং নিরপেক্ষ সঠিক প্রক্রিয়ার শুনানি পদ্ধতি ব্যবহার করে আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন সম্পন্ন করতে চাইতে পারে। এসকল পরিস্থিতিতে আপনার সন্তানের মূল্যায়ন না করলে আপনার স্কুল ডিস্ট্রিক্ট আপনার সন্তানকে চিহ্নিত, শনাক্ত ও মূল্যায়ন করার বিষয়ে এর আইনগত বাধ্যবাধ্যকতার লঙ্ঘনও করবে না এবং আপনার সন্তান যদি যোগ্যও হয়ে থাকে তবুও বিশেষ শিক্ষা পরিষেবা পাবে না।

### স্টেট প্রতিপালিত শিশুদের প্রাথমিক মূল্যায়নের জন্য বিশেষ নিয়ম

যদি কোন শিশু স্টেট কর্তৃক প্রতিপালিত হয় এবং তার পিতামাতার সাথে বসবাস না করে, তাহলে শিশুটি প্রতিবন্ধী শিশু কিনা তা নির্ধারণের জন্য প্রাথমিক মূল্যায়ন সম্পন্ন করতে স্কুল ডিস্ট্রিক্টের পিতামাতার কাছ থেকে সম্মতি গ্রহণের প্রয়োজন হবে না যদি:

১. যদি আন্তরিক প্রচেষ্টা চালানোর পরও স্কুল ডিস্ট্রিক্ট শিশুটির পিতামাতাদের খুঁজে না পায়;

২. স্টেট আইন অনুসারে পিতামাতা তাদের অধিকার হারালে; অথবা

৩. যদি পিতামাতা ব্যতীত অন্যকোন ব্যক্তিকে বিচারক শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের এবং প্রাথমিক মূল্যায়নের জন্য সম্মতি প্রদানের অধিকার দিয়ে থাকে।

নিউ ইয়র্ক স্টেটে, *ওয়ার্ড অব স্টেট* হল একুশ বছরের কম বয়সী শিশু বা কিশোর

১. যাকে সামাজিক পরিষেবা আইনের ৩৫৮-এ ৩৮৪ বা ৩৮৪-এ সেকশন অনুসারে বা পারিবারিক আদালত বিধির ৩,৭ বা ১০ ধারা অনুসারে আটক রাখা হয়েছে বা পুলিশি হেফাজতে নেওয়া হয়েছে বা সামাজিক পরিষেবা আইনের সেকশন ৩৮৩-সি,৩৮৪, বা ৩৮৪-বি সেকশন অনুসারে পোষ্য হিসেবে গ্রহণের জন্য মুক্ত করে দেওয়া হয়েছে; বা

২. যে সামাজিক পরিষেবা কমিশনার বা শিশু ও পরিবার পরিষেবা অফিসের তত্ত্বাবধানে রয়েছে; বা

৩. সামাজিক পরিষেবা আইনের সেকশন ৩৯৮ (১) অনুসারে যে শিশুকে দুঃস্থ বলা হয়।

## পরিষেবার জন্য অভিভাবকের/পিতামাতার সম্মতি

প্রথমবারের জন্য আপনার সন্তানকে বিশেষ শিক্ষা এবং এতদ্‌সংক্রান্ত পরিষেবা প্রদানের পূর্বে আপনার স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই আপনার জ্ঞাত সম্মতি গ্রহণ করতে হবে।

প্রথমবারের জন্য আপনার সন্তানকে বিশেষ শিক্ষা এ সংক্রান্ত পরিষেবা প্রদানের পূর্বে স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই আপনার জ্ঞাত সম্মতি আদায় করার জন্য যথাসাধ্য প্রচেষ্টা চালাতে হবে।

প্রথমবারের জন্য আপনার সন্তানের বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা গ্রহণে আপনার সম্মতি প্রদানের জন্য কোন অনুরোধের জবাবে আপনি যদি কোন সাড়া না দেন, বা আপনি যদি সম্মতি দিতে অস্বীকার করেন, তাহলে আপনার সম্মতি ব্যতীত আপনার সন্তানকে বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা (আপনার সন্তানের সি.এস.ই. বা সি.পি.এস.ই. এর সুপারিশ অনুসারে) প্রদান করা যাবে- এরূপ কোন সম্মতি বা রায় পেতে আপনার স্কুল ডিস্ট্রিক্ট সঠিক পদ্ধতি (যেমন: মধ্যস্থতা, নিষ্পত্তি বৈঠক, বা নিরপেক্ষ সঠিক প্রক্রিয়ায় শুনানি) ব্যবহার করতে নাও পারে।

আপনি যদি প্রথমবারের জন্য আপনার সন্তানের বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা গ্রহণের জন্য সম্মতি প্রদান করতে অস্বীকার করেন বা এ ধরনের কোন অনুরোধের কোন জবাব না দেন এবং আপনার স্কুল ডিস্ট্রিক্ট যদি আপনার সন্তানকে বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা প্রদান না করে যার জন্য সেটি আপনার সম্মতি চেয়েছিল, তাহলে আপনার স্কুল ডিস্ট্রিক্ট:

১. আপনার সন্তানকে এইসব পরিষেবা প্রদানে ব্যর্থ হওয়ার কারণে এফ.এ.পি.ই. প্রদানের শর্তাবলি ভঙ্গ করবে না; এবং

২. আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবার জন্য আইইপি সভা বা আই.ই.পি প্রণয়নে বাধ্য থাকবে না যার জন্য সে আপনার সম্মতি প্রার্থনা করেছিল।

## পিতামাতার সম্মতি প্রত্যাহার

আপনি যদি স্কুল ডিস্ট্রিক্টকে লিখিতভাবে জানান যে, আপনার সন্তানকে বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিসেবা প্রদানের সম্মতি আপনি প্রত্যাহার (ফিরিয়ে নিচ্ছেন) করছেন, সে ক্ষেত্রে আপনার স্কুল ডিস্ট্রিক্ট:

১. আপনার সন্তানকে বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিসেবা প্রদান অব্যাহত নাও রাখতে পারে;

২. আপনার সন্তানকে পরিসেবা প্রদান করা যেতে পারে এই মর্মে সম্মতি প্রাপ্তি অথবা আদেশ জারির নিয়মিত প্রক্রিয়ার পদ্ধতি (যেমন মধ্যস্থতা, সিদ্ধান্ত গ্রহণের সভা, অথবা পক্ষপাতহীন নিয়মিত প্রক্রিয়ার শুনানি) নাও ব্যবহার করতে পারে;

৩. কোন শর্ত লঙ্ঘন করছে না যাতে আপনার সন্তানের জন্য পরবর্তীতে বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিসেবা লাভে এফএপিই পেতে ডিস্ট্রিক্টের ব্যর্থতা গণ্য হয়;

৪. আপনার সন্তানের পরবর্তী বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিসেবা প্রদানের ব্যবস্থা গ্রহণে তার জন্য কোন আইইপি মিটিং অনুষ্ঠান অথবা আইইপি তৈরিতে দায়বদ্ধ থাকবে না;

৫. সম্মতি প্রত্যাহারের কারণে আপনার সন্তানের বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিসেবা প্রাপ্তির যেকোন উল্লিখিত অংশ তার শিক্ষা রেকর্ড থেকে মুছে ফেলতে সেটি পরিবর্তন করতে বাধ্য থাকবে না।

## পুনর্মূল্যায়নের জন্য পিতামাতার সম্মতি

আপনার সন্তানকে পুনরায় মূল্যায়ন করার পূর্বে আপনার স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই আপনার জ্ঞাত সম্মতি গ্রহণ করবে; যদি না আপনার স্কুল ডিস্ট্রিক্ট দেখাতে পারে:

১. আপনার সন্তানের পুনর্মূল্যায়নের জন্য আপনার সম্মতি আদায় করতে এটি যুক্তিযুক্ত পদক্ষেপ গ্রহণ করেছে; এবং

২. আপনি কোন সাড়া প্রদান করেননি।

আপনি যদি আপনার সন্তানের পুনর্মূল্যায়নের জন্য সম্মতি প্রদানে অসম্মতি জানান, তাহলে আপনার স্কুল ডিস্ট্রিক্ট, যদিও তা আবশ্যক নয়, মধ্যস্থতা, সঠিক প্রক্রিয়ায় অভিযোগ, নিষ্পত্তি বৈঠক এবং নিরপেক্ষ সঠিক প্রক্রিয়ায় শুনানির পদ্ধতি ব্যবহার করে আপনার সন্তানের পুনর্মূল্যায়নে আপনার অসম্মতিতে অতিক্রম করে আপনার সন্তানের পুনর্মূল্যায়ন করতে পারে। প্রথমবারের মূল্যায়নের মতই, যদি আপনার স্কুল ডিস্ট্রিক্ট এ ক্ষেত্রেও পুনর্মূল্যায়ন করতে অস্বীকার করে তাহলে সে আই.ডি.ই.এ. এর পার্ট বি এর অধীনে এর আইনগত বাধ্যবাধকতার লঙ্ঘন করে না।

### পিতামাতার সম্মতি আদায়ের যুক্তিযুক্ত প্রচেষ্টার প্রমাণ

প্রথমবারের জন্য বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা প্রদানের জন্য এবং প্রাথমিক মূল্যায়নের জন্য ‘ওয়ার্ডস অব স্টেট’–এর পিতামাতাকে খুঁজে বের করতে আপনার স্কুলকে অবশ্যই পিতামাতার সম্মতি আদায়ের যুক্তিযুক্ত প্রচেষ্টার লিপিবদ্ধ প্রমাণ সংরক্ষণ করতে হবে। এর মধ্যে নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে স্কুল ডিস্ট্রিক্টের প্রচেষ্টার রেকর্ড অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে:

১. ফোন করার বা ফোন করার উদ্যোগ গ্রহণের এবং এসব ফোনের ফলাফলের বিস্তারিত বিবরণ।

২. পিতামাতার কাছে পাঠানো চিঠিপত্রের কপি এবং তাদের কাছ থেকে পাওয়া জবাব; এবং

৩. পিতামাতাদের বাড়ি বা কর্মস্থল পরিদর্শন এবং এসব পরিদর্শনের বিস্তারিত ফল।

### বিমা করার জন্য পিতামাতার সম্মতি

*সরকারি ও বেসরকারি সুবিধা/বিমা ব্যবহার* শিরোনামের আওতায় যেরূপ বর্ণিত রয়েছে, কোন পিতামাতার বেসরকারি বা সরকারি বিমায় অভিগম্যতা লাভে স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই আগেভাগেই পিতামাতার সম্মতি গ্রহণ করতে হবে।

### পিতামাতা কর্তৃক ভর্তি করা এবং বাড়িতে শিক্ষা নির্দেশনা প্রাপ্ত শিক্ষার্থীদের জন্য সম্মতি

যদি আপনার সন্তানকে আপনি নিজ খরচে কোন বেসরকারি স্কুলে ভর্তি করিয়ে থাকেন বা আপনার সন্তানকে বাড়িতে পড়ান এবং আপনি যদি আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন বা পুনর্মূল্যায়নের জন্য আপনার সম্মতি প্রদান না করেন, বা আপনার সম্মতি প্রদানের অনুরোধের জবাব দিতে ব্যর্থ হন, তাহলে স্কুল ডিস্ট্রিক্ট অসম্মতিকে অতিক্রম করার পদ্ধতিসমূহ (যেমন, মধ্যস্থতা, সঠিক প্রক্রিয়ায় অভিযোগ, নিষ্পত্তি বৈঠক, বা নিরপেক্ষ সঠিক প্রক্রিয়ায় শুনানি) ব্যবহার নাও করতে পারে এবং আপনার সন্তানকে ন্যায্য পরিষেবা পাবার যোগ্য বলে বিবেচনা নাও করতে পারে।

অন্যান্য সম্মতির শর্তাবলি

আপনার সম্মতি গ্রহণ না করেও স্কুল ডিস্ট্রিক্ট যা করতে পারবে:

১. আপনার সন্তানের মূল্যায়ন বা পুনর্মূল্যায়নের অংশ হিসেবে বিদ্যমান উপাত্ত পর্যালোচনা করতে

২. সব শিক্ষার্থীর পিতামাতাদের কাছ থেকে যে পরীক্ষা বা মূল্যায়নের পূর্বে সম্মতি গ্রহণের প্রয়োজন হয় না যদি সব শিক্ষার্থীর সাথে আপনার সন্তান সেই পরীক্ষা বা মূল্যায়নে অংশগ্রহণ করে।

কোন একটি পরিষেবা বা কার্যক্রমের বিষয়ে আপনার অসম্মতিকে আপনার স্কুল ডিস্ট্রিক্ট অন্য কোন পরিষেবা, সুযোগ, বা কার্যক্রম থেকে আপনার সন্তানকে বঞ্চিত করতে ব্যবহার নাও করতে পারে।

এসব অন্যান্য পরিষেবা এবং কার্যক্রমের কোন একটিতে আপনার সম্মতি প্রদানের অস্বীকৃতি যাতে আপনার সন্তানকে এফ.এ.পি.ই. প্রদানে ব্যর্থতার কারণ না হয় তা নিশ্চিত করতে স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই কর্মপদ্ধতি প্রণয়ন ও তা বাস্তবায়ন করতে হবে।

## স্বাধীন শিক্ষাগত মূল্যায়ন

### ৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০২,৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (জি)

সাধারণ

নিচে যেমনটি বর্ণিত হয়েছে, আপনার স্কুল ডিস্ট্রিক্ট আপনার সন্তানের যে মূল্যায়ন করবে তার সাথে যদি আপনি একমত না হন তাহলে আপনার সন্তানের স্বাধীন শিক্ষাগত মূল্যায়ন (আই.ই.ই.) করার অধিকার আপনার রয়েছে।

আপনি যদি কোন আই.ই.ই. এর জন্য অনুরোধ জানান, তাহলে আপনি তা কোথা থেকে করাতে পারেন এবং আই.ই.ই. এর ক্ষেত্রে স্কুল ডিস্ট্রিক্টের কোন কোন মানদণ্ড প্রযোজ্য হবে সে সম্পর্কে স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে তথ্য প্রদানে বাধ্য থাকবে।

সংজ্ঞা

আপনার সন্তানের শিক্ষার জন্য দায়ী স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক নিযুক্ত নয় এমন একজন যোগ্য পরীক্ষক কর্তৃক পরিচালিত মূল্যায়নকেই *স্বাধীন শিক্ষাগত মূল্যায়ন* বলা হয়।

*সরকারি ব্যয়* কথাটির অর্থ স্কুল ডিস্ট্রিক্টটি মূল্যায়নের পুরো ব্যয় বহন করবে বা আই.ডি.ই.এ. এর পার্ট বি এর বিধি অনুসারে এটা নিশ্চিত করবে যে এই মূল্যায়নের জন্য আপনাকে কোন খরচ বহন করতে হবে না। আই.ডি.ই.এ. এর পার্ট বি এর শর্তাবলি পূরণের জন্য প্রতিটি স্টেট রাষ্ট্রে প্রাপ্ত রাষ্ট্রীয়, স্থানীয়, ফেডারেল এবং বেসরকারি সকল সহায়ক সম্পদ ব্যবহার করতে পারবে।

সরকারি ব্যয়ে মূল্যায়নের ক্ষেত্রে পিতামাতাদের অধিকার

আপনি যদি আপনার স্কুল ডিস্ট্রিক্টের করা আপনার সন্তানের মূল্যায়নের সাথে দ্বিমত পোষণ করেন, তাহলে নিম্নলিখিত শর্তে সরকারি ব্যয়ে আপনার সন্তানের আই.এ.এ. করানোর অধিকার আপনার রয়েছে:

১. আপনি যদি সরকারি ব্যয়ে আপনার সন্তানের আই.ই.ই.-এর জন্য অনুরোধ জানান, কোন ধরনের অহেতুক কালক্ষেপণ ছাড়াই আপনার স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই, হয়: (ক) শুনানির জন্য একটি সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করবে যাতে সে দেখাতে পারে যে আপনার সন্তানের যে মূল্যায়ন করা হয়েছে তা সঠিক। বা (খ) সরকারি ব্যয়ে আই.ই.ই.- এর ব্যবস্থা করা, যদি না স্কুল ডিস্ট্রিক্ট শুনানিতে দেখাতে পারে যে আপনার সন্তানের যে মূল্যায়ন আপনি লাভ করেছেন তা স্কুল ডিস্ট্রিক্টের মানদণ্ড পূরণ করেনি।

২. যদি আপনার স্কুল ডিস্ট্রিক্ট কোন শুনানির জন্য অনুরোধ করে এবং চূড়ান্ত রায়ে বলা হয় যে আপনার স্কুল ডিস্ট্রিক্ট আপনার সন্তানের যে মূল্যায়ন করেছে তা সঠিক, তারপরও আপনার আই.ই.ই. করার অধিকার রয়েছে, তবে তা সরকারি খরচে নয়।

৩. আপনি যদি আপনার সন্তানের জন্য আই.ই.ই. এর অনুরোধ করেন, তাহলে স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে জিজ্ঞাসা করতে পারে আপনি কেন আপনার স্কুল ডিস্ট্রিক্টের করা মূল্যায়নের বিরোধিতা করছেন। তবে আপনার স্কুল ডিস্ট্রিক্টের কোন ব্যাখ্যার প্রয়োজন না হতে পারে এবং সরকারি ব্যয়ে আপনার সন্তানের জন্য আই.ই্.ই. এর ব্যবস্থা করতে বা স্কুল ডিস্ট্রিক্ট আপনার সন্তানের যে মূল্যায়ন করেছে তাকে সমর্থনের জন্য সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করার মাধ্যমে সঠিক প্রক্রিয়ায় শুনানির অনুরোধ জানানোর ব্যবস্থা করতে অহেতুক কালক্ষেপণ করবে না।

যতবার আপনার স্কুল ডিস্ট্রিক্টের করা আপনার সন্তানের মূল্যায়নের সাথে আপনি দ্বিমত পোষণ করবেন, প্রতিবারই আপনি কেবল একবার করে সরকারি ব্যয়ে আপনার সন্তানের আই.ই.ই. করাতে পারবেন।

## পিতামাতার উদ্যোগে মূল্যায়ন

আপনি যদি সরকারি ব্যয়ে আপনার সন্তানের আই.ই.ই. করিয়ে থাকেন বা আপনি যদি বেসরকারি ব্যয়ে আপনার সন্তানের মূল্যায়ন করিয়ে স্কুল ডিস্ট্রিক্টের সাথে তা নিয়ে আলোচনা করতে চান:

১. তাহলে শিক্ষার্থীকে এফ.এ.পি.ই. প্রদানের সিদ্ধান্তগ্রহণের ক্ষেত্রে আপনার স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই বিবেচনা করে দেখবে যে মূল্যায়নের ফলাফল আই.ই.ই. এর জন্য স্কুল ডিস্ট্রিক্টের মানদণ্ড পূরণ করেছে কিনা; এবং

২. আপনার সন্তানের বিষয়ে যেকোন আইনগত শুনানিতে আপনি বা আপনার স্কুল ডিস্ট্রিক্ট এই মূল্যায়নকে সাক্ষ্যপ্রমাণ হিসেবে উপস্থাপন করতে পারেন।

## নিরপেক্ষ শুনানি কর্মকর্তা কর্তৃক মূল্যায়নের অনুরোধ

যদি একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তা কোন সঠিক প্রক্রিয়ায় শুনানির অংশ হিসেবে আপনার সন্তানের আই.ই.ই এর জন্য অনুরোধ জানায়, তাহলে এই মূল্যায়ন অবশ্যই সরকারি ব্যয়ে হবে।

## স্কুল ডিস্ট্রিক্টের মানদণ্ড

স্কুল ডিস্ট্রিক্ট যখন মূল্যায়ন শুরু করেছিল তখন যে মানদণ্ড (আপনার আই.ই.ই. করার অধিকারের সাথে যতদূর পর্যন্ত এসব মানদণ্ড সামঞ্জস্যপূর্ণ হয়) ছিল সরকারি ব্যয়ে আই.ই.ই. করা হলে মূল্যায়নের স্থান ও পরীক্ষকের যোগ্যতাসহ মূল্যায়নের ক্ষেত্রে একই ধরনের মানদণ্ড থাকতে হবে।

ওপরে বর্ণিত মানদণ্ড ব্যতীত, সরকারি ব্যয়ে আই.ই.ই. পাওয়ার ক্ষেত্রে স্কুল ডিস্ট্রিক্ট কোন শর্ত বা সময়সীমা আরোপ করতে পারবে না।

## সংজ্ঞা

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১১

তথ্যের গোপনীয়তা শিরোনামের আওয়ায় ব্যবহৃত :

*বিনাশ* কথাটির অর্থ বস্তুগত বিনাশ বা তথ্য থেকে ব্যক্তিগত শনাক্তকারী বিষয়গুলোকে সরিয়ে নেয়া যেন তথ্য আর ব্যক্তিগতভাবে শনাক্ত করার যোগ্য না থাকে।

*শিক্ষা রেকর্ড* শব্দবন্ধের অর্থ ৩৪ সি.এফ.আর. পার্ট ৯৯ (পারিবারিক শিক্ষা অধিকার ও গোপনীয়তা আইন ১৯৭৪, ২০ ইউ.এস.সি. ১২৩২জি (এফ.ই.আর.পি.এ) বাস্তবায়নকারী বিধি) অনুয়ায়ী "শিক্ষা রেকর্ডের" সংজ্ঞার আওতায় পড়ে এমন রেকর্ড।

*অংশগ্রহণকারী সংস্থা* শব্দবন্ধের অর্থ কোন স্কুল ডিস্ট্রিক্ট, এজেন্সি বা ইনস্টিটিউশন যারা ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য সংগ্রহ, সংরক্ষণ বা ব্যবহার করে অথবা আই.ডি.ই.এ.-এর পার্ট বি অনুযায়ী যাদের কাছ থেকে তথ্য লাভ করা হয়।

## ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৩২; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(ই)

*ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য* শব্দবন্ধের অর্থ যেসব তথ্যে নিচের বিষয়গুলো আছে:

(ক) আপনার সন্তানের নাম, পিতামাতা হিসেবে আপনার নাম, অথবা পরিবারের অন্যকোন সদস্যের নাম;

(খ) আপনার সন্তানের ঠিকানা;

(গ) একজন ব্যক্তিগত শনাক্তকারী, যেমন আপনার সন্তানের সামাজিক নিরাপত্তা নম্বর বা শিক্ষার্থী নম্বর;

অথবা

(ঘ) ব্যক্তিগত চারিত্রিক বৈশিষ্ট্যের একটি তালিকা বা অন্যান্য তথ্য, যার ফলে যৌক্তিক নিশ্চয়তার সাথে আপনার সন্তানকে শনাক্ত করা সম্ভব হয়।

## পিতামাতাকে নোটিস

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১২

যখন নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (এন.ওয়াই.এস.ই.ডি.) ও স্কুল ডিস্ট্রিক্ট ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য সংরক্ষণ করবে, তখন ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্যের গোপনীয়তা সম্পর্কে পিতামাতাকে পরিপূর্ণভাবে অবহিত করে অবশ্যই নোটিস দিতে হবে। এতে আরও থাকবে :

১. স্টেটের বিভিন্ন জনগোষ্ঠীর মাতৃভাষায় প্রদান করা নোটিসে এর একটি বিস্তারিত বিবরণ;

২. ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য সংরক্ষণ করা হচ্ছে এমন শিক্ষার্থীদের, যে ধরনের তথ্য চাওয়া হয়েছে তার, তথ্য সংগ্রহের ক্ষেত্রে ব্যবহৃত পদ্ধতি (যে সূত্র থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে, তা সহ), এবং তথ্য যেসব ক্ষেত্রে ব্যবহার করা হবে তার বিবরণ;

৩. ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য সংরক্ষণ, তৃতীয় পক্ষের কাছে প্রকাশ, ধারণ ও বিনাশের ক্ষেত্রে অংশগ্রহণকারী এজেন্সিগুলো যে নীতি ও পদ্ধতি অনুসরণ করবে তার একটি সংক্ষিপ্তসার; এবং

৪. এফ.ই.আর.পি.এ. এবং ৩৪ সি.এফ.আর. পার্ট ৯৯-এ উল্লেখিত এর বাস্তবায়নকারী প্রবিধানের অধীনে অধিকারসহ এই তথ্য সংশ্লিষ্ট পিতামাতা ও সন্তানদের যাবতীয় অধিকারের একটি বিবরণ;

বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবা প্রয়োজন আছে এমন শিক্ষার্থীদের শনাক্ত, চিহ্নিত ও মূল্যায়ন তৎপরতা সম্পর্কে পিতামাতাকে অবহিত করার জন্য যে কোন বড়ধরনের শনাক্তকরণ, চিহ্নিতকরণ বা মূল্যায়ন কর্মকাণ্ডের জন্য (এটা "শিক্ষার্থী শনাক্ত" নামেও পরিচিত) প্রর্যাপ্ত প্রচার আছে এমন সংবাদপত্র বা অন্য মিডিয়ায়, অথবা উভয়ক্ষেত্রে অবশ্যই বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে বা ঘোষণা দিতে হবে।

## অভিগমনের অধিকার

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১৩; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.২(বি)(৬) ও ২০০.৫(ডি)(৬)

অংশগ্রহণকারী এজেন্সি আই.ডি.ই.এ.-এর পার্ট বি অনুযায়ী আপনার সন্তান সম্পর্কে সংগৃহীত, সংরক্ষিত বা আপনার স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক ব্যবহৃত যে কোন শিক্ষা রেকর্ড পর্যবেক্ষণ ও নিরীক্ষার ব্যাপারে অবশ্যই আপনাকে অনুমতি প্রদান করবে। অংশগ্রহণকারী এজেন্সি কালবিলম্ব না করে এবং আই.ই.পি. বৈঠক বা যে কোন নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়ায় শুনানি (কোন মীমাংসা সংক্রান্ত বৈঠক বা শৃঙ্খলা সম্পর্কিত শুনানি)-এর আগেই আপনার সন্তানের শিক্ষা রেকর্ড পর্যবেক্ষণ ও নিরীক্ষার ব্যাপারে আপনার অনুরোধ প্রতিপালন করবে, এবং আপনার অনুরোধ পাওয়ার পর তা কোন অবস্থাতেই ৪৫ ক্যালেন্ডার দিনের বাইরে যেতে পারবে না।

শিক্ষা রেকর্ড পর্যবেক্ষণ ও নিরীক্ষার ব্যাপারে আপনার অধিকারের মধ্যে রয়েছে:

১. রেকর্ড ব্যাখ্যা বা বিবরণের ব্যাপারে আপনার যৌক্তিক অনুরোধের পরিপ্রেক্ষিতে অংশগ্রহণকারী এজেন্সির কাছ থেকে জবাব পাওয়া;

২. আপনি রেকর্ডের যেসব কপি না পেলে তা ভালোভাবে পর্যবেক্ষণ ও নিরীক্ষা করতে না পারবেন না তা সরবরাহের ব্যাপারে অংশগ্রহণকারী এজেন্সিকে কোন অনুরোধ; এবং

৩. আপনার প্রতিনিধিকে রেকর্ড পর্যবেক্ষণ ও নিরীক্ষা করতে দেয়া।

অভিভাবকত্ব, বা পৃথক হওয়া ও বিচ্ছেদ সম্পর্কিত বিষয়গুলো নিয়ন্ত্রণকারী প্রযোজ্য স্টেট আইন-এর আওতায় আপনার কোন কর্তৃত্ব নেই বলে পরামর্শ না দিলে, আপনার সন্তান সংশ্লিষ্ট রেকর্ড পর্যবেক্ষণ ও নিরীক্ষার কর্তৃত্ব আপনার রয়েছে বলে অংশগ্রহণকারী এজেন্সি ধরে নেবে।

## অভিগমনের রেকর্ড

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১৪

প্রত্যেক অংশগ্রহণকারী এজেন্সি আই.ডি.ই.এ. পার্ট বি-এর (পিতামাতা বা অংশগ্রহণকারী এজেন্সির অনুমতিপ্রাপ্ত কর্মী ছাড়া) আওতায় সংগৃহীত, সংরক্ষিত বা ব্যবহৃত শিক্ষা রেকর্ড দেখার অধিকার লাভকারী পক্ষগুলো সম্পর্কে অবশ্যই রেকর্ড সংরক্ষণ করবে। এই রেকর্ডের মধ্যে থাকবে পক্ষের নাম, কবে দেখার সুযোগ দেয়া হয়েছে এবং পক্ষকে যে উদ্দেশ্যে রেকর্ড ব্যবহারের অনুমতি দেয়া হয়েছে।

## একাধিক সন্তান সম্পর্কিত রেকর্ড

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১৫

কোন শিক্ষা রেকর্ডে যদি একাধিক সন্তান সম্পর্কিত রেকর্ড অন্তর্ভুক্ত থাকে তবে সেসব সন্তানের পিতামাতাদের কেবল তাদের সন্তান সম্পর্কিত তথ্য পর্যবেক্ষণ ও নিরীক্ষার অধিকার থাকবে অথবা তাদেরকে কেবল সেই সুনির্দিষ্ট তথ্য অবহিত করা হবে।

## তথ্যের ধরন ও অবস্থানের তালিকা

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১৬

অনুরোধের পরিপ্রেক্ষিতে, প্রত্যেক অংশগ্রহণকারী এজেন্সি অবশ্যই আপনাকে, এজেন্সি কর্তৃক সংগৃহীত, সংরক্ষিত ও ব্যবহৃত শিক্ষা রেকর্ডের ধরন ও অবস্থানের একটি তালিকা সরবরাহ করবে।

## ফি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১৭

যদি না, ওইসব রেকর্ড পর্যবেক্ষণ ও নিরীক্ষার ব্যাপারে আপনার অধিকার প্রয়োগের ক্ষেত্রে কার্যকর বাধা সৃষ্টি করে, তবে প্রত্যেক অংশগ্রহণকারী এজেন্সি আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় প্রস্তুতকৃত রেকর্ড নকলের জন্য একটি ফি ধার্য করবে।

আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় তথ্য অনুসন্ধান বা হাসিলের জন্য কোন অংশগ্রহণকারী এজেন্সি ফি ধার্য করতে পারবে না।

## পিতামাতার অনুরোধে রেকর্ড সংশোধন

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১৮

আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় আপনার সন্তান সম্পর্কে সংগৃহীত, সংরক্ষিত বা ব্যবহৃত শিক্ষা রেকর্ডের তথ্য ভুল, বিভ্রান্তিকর বা আপনার সন্তানের ব্যক্তিগত গোপনীয়তা বা অন্যকোন অধিকার লঙ্ঘন করে বলে যদি আপনি বিশ্বাস করেন তবে আপনি তথ্যের সংরক্ষক অংশগ্রহণকারী এজেন্সিকে অনুরোধ জানাতে পারেন এই তথ্য পরিবর্তনের জন্য।

আপনার অনুরোধ পাওয়ার পর আপনার অনুরোধ অনুযায়ী তথ্য পরিবর্তন করা হবে কিনা সে ব্যাপারে অংশগ্রহণকারী এজেন্সি অবশ্যই যৌক্তিক সময়সীমার মধ্যে সিদ্ধান্ত নেবে।

আপনার অনুরোধমত তথ্য পরিবর্তনে অংশগ্রহণকারী এজেন্সি অস্বীকার করলে, এই প্রত্যাখ্যান সম্পর্কে আপনাকে অবশ্যই অবহিত করতে হবে এবং এর কারণ সম্পর্কে শুনানির জন্য ***শুনানির সুযোগ*** অনুচ্ছেদে বর্ণিত আপনার অধিকারের ব্যাপারে পরামর্শ দেবে।

## শুনানির সুযোগ

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬১৯

অনুরোধের পরিপ্রেক্ষিতে অংশগ্রহণকারী এজেন্সি অবশ্যই আপনার সন্তান সম্পর্কিত শিক্ষা রেকর্ডের তথ্য চ্যালেঞ্জ করার জন্য একটি শুনানির সুযোগ দেবে, যাতে এই তথ্য যে ভুল, বিভ্রান্তিকর নয় বা অন্যকোনভাবে আপনার সন্তানের ব্যক্তিগত গোপনীয়তা বা অন্যকোন অধিকার লঙ্ঘিত হচ্ছে না তা নিশ্চিত করা যায়।

## শুনানির পদ্ধতি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬২১

শিক্ষা রেকর্ডের তথ্য চ্যালেঞ্জ করে কোন শুনানি অবশ্যই এফ.ই.আর.পি.এ.-এর শুনানি আয়োজন পদ্ধতি অনুসরণ করা হবে।

## শুনানির ফল

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬২০

শুনানির ফল অনুযায়ী, এই তথ্য ভুল, বিভ্রান্তিকর বা অন্যকোনভাবে আপনার সন্তানের ব্যক্তিগত গোপনীয়তা বা অন্যকোন অধিকার লঙ্ঘন করছে বলে অংশগ্রহণকারী এজেন্সি যদি মনে করে তবে তাকে অবশ্যই নিয়ম অনুযায়ী তা পরিবর্তন করতে হবে এবং লেখা সম্পর্কে আপনাকে অবহিত করতে হবে।

শুনানির ফল অনুযায়ী যদি, এই তথ্য ভুল, বিভ্রান্তিকর নয় বা অন্যকোনভাবে আপনার সন্তানের ব্যক্তিগত গোপনীয়তা বা অন্যকোন অধিকার লঙ্ঘন করছে না বলে অংশগ্রহণকারী এজেন্সি যদি মনে করে তবে সে অবশ্যই বিষয়টি রেকর্ডভুক্ত করার ব্যাপারে আপনার অধিকারের বিষয়টি অবহিত করবে। সেই সঙ্গে আপনার সন্তানের ব্যাপারে অংশগ্রহণকারী এজেন্সির সিদ্ধান্তের সঙ্গে আপনার মতভেদের ব্যাপারে কোন তথ্য বা কোন কারণের ওপর মন্তব্যসূচক একটি বিবৃতি সংরক্ষণ করা হচ্ছে বলে অবহিত করবে।

আপনার সন্তানের ব্যাপারে রেকর্ডে এ ধরনের ব্যাখ্যায় যা অবশ্যই থাকবে :

১. অংশগ্রহণকারী এজেন্সি কর্তৃক ততদিন এই রেকর্ড বা এর আপত্তিকর অংশ সংরক্ষিত হবে যতদিন, অংশগ্রহণকারী এজেন্সি আপনার সন্তানের রেকর্ডের অংশ হিসেবে এটা সংরক্ষণ করবে।

২. অংশগ্রহণকারী এজেন্সি যদি আপনার সন্তানের রেকর্ড বা আপত্তিকর অংশ তৃতীয় কোন পক্ষের কাছে প্রকাশ করে, তবে সেই পক্ষের কাছে এর ব্যাখ্যাও দিতে হবে।

## ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য প্রকাশের সম্মতি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬২২; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(বি)

তথ্য শিক্ষা রেকর্ডে অন্তর্ভুক্ত না থাকলে এফ.ই.আর.পি.এ.-এর আওতায় অভিভাবকের সম্মতি ছাড়া প্রকাশের কর্তৃত্ব দেয়া হলে, অংশগ্রহণকারী এজেন্সির অফিসার ছাড়া অন্য কোন পক্ষের কাছে ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য প্রকাশের আগে অবশ্যই আপনার সম্মতি গ্রহণ করতে হবে। নিচে উল্লিখিত পরিস্থিতি ছাড়া, আই.ডি.ই.এ. পার্ট বি-এর প্রয়োজন পূরণের উদ্দেশ্যে অংশগ্রহণকারী এজেন্সির অফিসারদের কাছে ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য প্রকাশের জন্য আপনার সম্মতি গ্রহণের প্রয়োজন নেই।

পরিবৃত্তি পরিষেবার জন্য অর্থ যোগান দিচ্ছে বা পরিশোধ করছে এমন অংশগ্রহণকারী এজেন্সির অফিসারদের কাছে ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য প্রকাশের আগে অবশ্যই আপনার অথবা একজন উপযুক্ত সন্তান, যে স্টেট আইন অনুযায়ী প্রাপ্তবয়স্ক (১৮ বছর) হয়েছে তার সম্মতি গ্রহণ করতে হবে।

আপনার সন্তান যায় বা যাওয়ার প্রস্তুতি নিচ্ছে এমন একটি বেসরকারি স্কুল যদি আপনার আবাসিক এলাকার স্কুল ডিস্ট্রিক্টে না হয় তবে, বেসরকারি স্কুলটি যে স্কুল ডিস্ট্রিক্টে অবস্থিত এবং আপনার বাসস্থান যে স্কুল ডিস্ট্রিক্টে অবস্থিত, এই দুই স্কুল ডিস্ট্রিক্টের অফিসারদের মধ্যে আপনার সন্তানের ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য প্রকাশের আগে অবশ্যই আপনার সম্মতি গ্রহণ করতে হবে।

## সুরক্ষা

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬২৩

ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য সংগ্রহ, সংরক্ষণ, প্রকাশ ও বিনাশের বিভিন্ন পর্যায়ে প্রত্যেক অংশগ্রহণকারী এজেন্সি অবশ্যই গোপনীয়তা রক্ষা করে চলবেন।

যে কোন ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্যের গোপনীয়তা নিশ্চিত করার জন্য প্রত্যেক অংশগ্রহণকারী এজেন্সির একজন অফিসার দায়িত্ব নেবেন।

ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য সংগ্রহ বা ব্যবহারকারী সকল ব্যক্তি অবশ্যই, আই.ডি.ই.এ. পার্ট বি ও এফ.ই.আর.পি.এ.-এর আওতায় গোপনীয়তা সংশ্লিষ্ট নিউ ইয়র্ক স্টেটের নীতি ও পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ ও নির্দেশনা গ্রহণ করবে।

ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্যে প্রবেশ করতে পারে, এজেন্সির এমন কর্মচারীদের নাম ও পদমর্যাদার একটি বর্তমান তালিকা প্রত্যেক অংশগ্রহণকারী এজেন্সি জনগণের পরিদর্শনের জন্য সংরক্ষণ করবে।

## তথ্য বিনাশ

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৬২৪

আপনার সন্তানকে শিক্ষা পরিষেবা প্রদানের জন্য যখন আর ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য সংগ্রহ, সংরক্ষণ বা ব্যবহার প্রয়োজন হবে না, সে ব্যাপারে আপনার স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই আপনাকে অবহিত করবে।

আপনার অনুরোধের পরিপ্রেক্ষিতে এই তথ্য অবশ্যই ধ্বংস করা হবে। যদিও, আপনার সন্তানের নাম, ঠিকানা ও ফোন নম্বর, তার গ্রেড, উপস্থিতির রেকর্ড, ক্লাসে হাজিরা, সমাপ্ত গ্রেড লেভেল এবং সমাপ্ত বছর সম্পর্কিত একটি স্থায়ী রেকর্ড কোন সময়সীমা ছাড়াই রক্ষা করা হবে।

## সঠিক প্রক্রিয়ায় শুনানির অভিযোগ ও স্টেট অভিযোগ পদ্ধতির মধ্যে পার্থক্য

আই.ডি.ই.এ.এ. পার্ট বি–এর প্রবিধানে স্টেট বরাবর অভিযোগ এবং সঠিক প্রক্রিয়ায় অভিযোগ ও শুনানির জন্য পৃথক পদ্ধতি ঘোষণা করা হয়। নিচে যেমন ব্যাখ্যা করা হয়েছে, যেকোন ব্যক্তি বা সংস্থা কোন স্কুল ডিস্ট্রিক্ট, এন.ওয়াই.এস.ই.ডি. বা অন্যকোন সরকারি এজেন্সি কর্তৃক পার্ট বি–এর শর্তাবলির কোনরকম লঙ্ঘনের দায়ে স্টেটের কাছে অভিযোগ দায়ের করতে পারেন। কোন প্রতিবন্ধী শিক্ষার্থীর শনাক্তকরণ, মূল্যায়ন বা ভর্তি অথবা শিশুর এফ.এ.পি.ই.–এর সুবিধা প্রবর্তন বা পরিবর্তনের কোন প্রস্তাবকরণ বা প্রত্যাখ্যানের সঙ্গে সংশ্লিষ্ট কোন বিষয়ে কেবল আপনি বা আপনার স্কুল ডিস্ট্রিক্ট একটি সঠিক প্রক্রিয়ায় শুনানি অভিযোগ দায়ের করতে পারেন। এন.ওয়াই.এস.ই.ডি. কর্মীদের সাধারণত ৬০ ক্যালেন্ডার দিন সময়সীমার মধ্যে অবশ্যই স্টেট বরাবর অভিযোগ নিষ্পত্তি করতে হয়, যদি না সময়সীমা যথাযথভাবে বৃদ্ধি করা হয়। কোন নিরপেক্ষ সঠিক প্রক্রিয়ার শুনানি অফিসার সুনির্দিষ্টভাবে সময়সীমা বৃদ্ধি অনুমোদন না করলে, (কোন নিষ্পত্তি বৈঠক বা মধ্যস্থতার মাধ্যমে সমাধান না হলে) শুনানি অফিসার অবশ্যই একটি সঠিক প্রক্রিয়ায় অভিযোগের শুনানির ব্যবস্থা করবেন এবং নিষ্পত্তি মেয়াদের পর স্কুল বয়সী শিক্ষার্থীর জন্য ৪৫ ক্যালেন্ডার দিন এবং স্কুল–পূর্ববর্তী শিক্ষার্থীর বেলায় ৩০ ক্যালেন্ডার দিনের মধ্যে একটি লিখিত সিদ্ধান্ত প্রদান করবেন (নিষ্পত্তি প্রক্রিয়া শিরোনামে এই দলিলে যেমনটা বর্ণিত আছে)। আপনার বা স্কুল ডিস্ট্রিক্টের অনুরোধে এ ধরনের সময় বৃদ্ধি হতে পারে। স্টেট বরাবর অভিযোগ ও সঠিক প্রক্রিয়ায় অভিযোগ, নিষ্পত্তি ও শুনানির পদ্ধতি আরো পরিপূর্ণভাবে নিচে উল্লেখ করা হয়েছে।

## স্টেট বরাবর অভিযোগের পদ্ধতি গ্রহণ

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৩২; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(আই)

### সাধারণ

এন.ওয়াই.এস.ই.ডি.–এর যেসব বিষয়ে লিখিত পদ্ধতি থাকতে হবে :

১. অন্য স্টেটের কোন সংস্থা বা ব্যক্তির দায়ের করা কোন অভিযোগসহ যে কোনো অভিযোগের নিষ্পত্তি ।

২. এন.ওয়াই.এস.ই.ডি.–তে কোন অভিযোগ দায়ের। স্টেট বরাবর অভিযোগ পাঠানো যেতে পারে :

Statewide Special Education Coordinator
New York State Education Department
Office of Special Education
89 Washington Avenue, Room 309 EB
Albany, NY 12234

৩. পিতামাতা প্রশিক্ষণ ও তথ্য কেন্দ্র, সুরক্ষা ও সমর্থক সংস্থাসমূহ, স্বাধীন আবাসিক কেন্দ্র ও অন্যান্য উপযুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে পিতামাতা ও অন্যান্য আগ্রহী ব্যক্তির কাছে স্টেট বরাবর অভিযোগের পদ্ধতি ব্যাপকভাবে প্রচার করা।

### যথাযথ পরিষেবা প্রত্যাখানের ব্যাপারে প্রতিকার

স্টেট অভিযোগ নিরসনে যথোপযুক্ত পরিষেবা প্রদানে ব্যর্থ হয়েছে বলে এন.ওয়াই.এস.ই.ডি. দেখতে পেলে এন.ওয়াই.এস.ই.ডি. যে বিষয়গুলো সমাধান করবে :

১. শিক্ষার্থীর প্রয়োজন পূরণের জন্য যথোপযুক্ত সংশোধনমূলক পদক্ষেপসহ যথাযথ পরিষেবা প্রদানে ব্যর্থতার বিষয়টি; এবং

২. সকল প্রতিবন্ধী শিশুর জন্য ভবিষ্যতে যথোপযুক্ত পরিষেবার ব্যবস্থা।

## স্টেট বরাবর অভিযোগের ন্যূনতম পদ্ধতি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.১৫২; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(আই)

### সময় সীমা; ন্যূনতম পদ্ধতি

কোন অভিযোগ দায়ের করা হলে এন.ওয়াই.এস.ই.ডি.কে অবশ্যই এর স্টেট বরাবর অভিযোগ পদ্ধতিতে নিচের কাজগুলোর জন্য ৬০ ক্যালেন্ডার দিবসের একটি সময়সীমা নির্ধারণ করতে হবে:

১. এন.ওয়াই.এস.ই.ডি. যদি তদন্ত চালানো প্রয়োজন বলে মনে করে তবে একটি স্বাধীন সরেজমিন তদন্ত পরিচালনা;

২. অভিযোগের ব্যাপারে লিখিত বা মৌখিক আরও তথ্য প্রদানের জন্য অভিযোগকারীকে (যিনি অভিযোগ দায়ের করেছেন) সুযোগ প্রদান;

৩. অভিযোগের জবাব প্রদানের জন্য স্কুল ডিস্ট্রিক্ট বা অন্য সরকারি এজেন্সিকে সুযোগ প্রদান। এর মধ্যে থাকবে অন্তত : (ক) অভিযোগ নিষ্পত্তির ব্যাপারে এজেন্সিকে সুযোগ প্রদান, এবং (খ) অভিযোগ দায়েরকারী পিতামাতা ও এজেন্সিকে স্বেচ্ছায় আপসরফা করার সুযোগ প্রদান;

৪. সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা করে স্কুল ডিস্ট্রিক্ট বা অন্যকোন সরকারি এজেন্সি আই.ডি.ই.এ.–এর কোন শর্তাবলি লঙ্ঘন করেছে কিনা সে বিষয়ে একটি স্বাধীন স্থির সিদ্ধান্তে পৌঁছাতে হবে; এবং

৫. প্রত্যেকটি অভিযোগ খতিয়ে দেখা হয়েছে, এ ব্যাপারে একটি লিখিত সিদ্ধান্ত অভিযোগকারী বরাবর পাঠাতে হবে এবং এতে থাকবে (ক) উদঘাটিত প্রকৃত তথ্য ও উপসংহার এবং (খ) এন.ওয়াই.এস.ই.ডি.–এর চূড়ান্ত সিদ্ধান্তের কারণ।

### সময় বৃদ্ধি; চূড়ান্ত সিদ্ধান্ত; বাস্তবায়ন

ওপরে বর্ণিত এন.ওয়াই.এস.ই.ডি.–এর পদ্ধতিতে অবশ্যই আরও থাকবে :

১. ৬০ ক্যালেন্ডার দিবসের সীমা বৃদ্ধি অনুমোদন, কেবল যদি; (ক) কোন সুনির্দিষ্ট স্টেট বরাবর অভিযোগের ক্ষেত্রে ব্যতিক্রমী পারিপার্শ্বিক অবস্থা বিরাজ করে; অথবা (খ) সংশ্লিষ্ট পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট বা অন্য সরকারি এজেন্সি যদি মধ্যস্থতার মাধ্যমে বিষয়টি নিষ্পত্তির জন্য স্বেচ্ছায় সময় বাড়াতে সম্মত হয়;

২. প্রয়োজনে এন.ওয়াই.এস.ই.ডি. –এর চূড়ান্ত সিদ্ধান্ত কার্যকরভাবে বাস্তবায়নের জন্য পদ্ধতি অন্তর্ভুক্ত থাকবে, যাতে থাকবে (ক) কারিগরি সহায়তা কর্মকাণ্ড, (খ) আলোচনা এবং (গ) মেনে চলার জন্য সংশোধনমূলক পদক্ষেপ।

অভিযোগের জন্য এনওয়াইএসইডি প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত এবং তা আপিলযোগ্য নয়। যদিও স্কুল ডিস্ট্রিক্ট এবং পিতামাতার অধিকার রয়েছে অভিযোগে উত্থাপিত একই বিষয়ের সমাধানে নিরপেক্ষ হিয়ারিং শুরু করার, কিন্তু এই নিরপেক্ষ হিয়ারিং স্টেট অভিযোগের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল হিশেবে ব্যবহৃত হবে না।

স্টেট বরাবর অভিযোগ ও শুনানির সঠিক প্রক্রিয়া

যদি এমন স্টেট বরাবর অভিযোগ পাওয়া যা নিচে বর্ণিত *সঠিক প্রক্রিয়ায় শুনানির অভিযোগ দাখিল* শিরোনামের আওতায় একটি সঠিক প্রক্রিয়ায় শুনানির বিষয়, অথবা স্টেট অভিযোগে যদি এমন বহুবিধ বিষয় অন্তর্ভুক্ত থাকে যার এক বা একাধিক এধরনের শুনানির অংশ, তাহলে এন.ওয়াই.এস.ই.ডি. অবশ্যই স্টেট বরাবর অভিযোগ বা স্টেট বরাবর অভিযোগের যে অংশটুকুর সঠিক পদ্ধতির শুনানি প্রয়োজন তা, শুনানি শেষ না হওয়া পর্যন্ত মুলতবি রাখবে। সঠিক প্রক্রিয়ায় শুনানির অংশ নয়, স্টেট বরাবর অভিযোগের এমন যে কোন বিষয় অবশ্যই ওপরে বর্ণিত সময়সীমার মধ্যে নিষ্পত্তি করতে হবে।

স্টেট বরাবর অভিযোগে যদি এমন কোন বিষয় উত্থাপিত হয়, যা ইতোপূর্বে সঠিক প্রক্রিয়ায় শুনানির মাধ্যমে নিষ্পত্তি হয়েছে এবং উক্ত পক্ষগুলো (আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট) এখানেও জড়িত, তাহলে সেই ইস্যুতে সঠিক প্রক্রিয়ায় শুনানির সিদ্ধান্ত অবশ্যপালনীয় এবং সিদ্ধান্তটি যে অবশ্যই পালনীয় সে ব্যাপারে এন.ওয়াই.এস.ই.ডি. অভিযোগকারীকে অবশ্যই অবহিত করবে।

সঠিক প্রক্রিয়ায় শুনানির সিদ্ধান্ত বাস্তবায়নে কোন স্কুল ডিস্ট্রিক্ট বা অন্য কোন সরকারি এজেন্সি ব্যর্থ হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেলে এন.ওয়াই.এস.ই.ডি. অবশ্যই তার নিষ্পত্তি করবে।

## অভিযোগ দায়ের

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.১৫৩; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(আই)

ওপরে উল্লিখিত পদ্ধতির আওতায় কোন সংস্থা বা ব্যক্তি তার স্বাক্ষরিত স্টেট বরাবর অভিযোগ দায়ের করতে পারেন।

স্টেট বরাবর অভিযোগে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে :

১. কোন স্কুল ডিস্ট্রিক্ট বা অন্য কোন সরকারি এজেন্সি আই.ডি.ই.এ পার্ট বি-এর কোনো শর্ত বা এর প্রবিধান লঙ্ঘন করেছে বলে একটি বিবৃতি;

২. বিবৃতিটি যেসব প্রকৃত তথ্যের ভিত্তিতে তৈরি;

৩. অভিযোগকারীর স্বাক্ষর ও যোগাযোগ সম্পর্কিত তথ্য এবং

৪. লঙ্ঘনের অভিযোগ কোন বিশেষ শিক্ষার্থীর ক্ষেত্রে হলে :

   (ক) শিক্ষার্থীর নাম ও শিক্ষার্থীর বাড়ির ঠিকানা;

   (খ) শিক্ষার্থী যে স্কুলে পড়ছে তার নাম;

   (গ) গৃহহীন শিশু বা কিশোর হলে, উক্ত শিক্ষার্থীর সঙ্গে যোগাযোগের জন্য যেসব তথ্য পাওয়া যায় এবং সে যে স্কুলে পড়ছে তার নাম;

   (ঘ) সমস্যা সংশ্লিষ্ট বাস্তব ঘটনাসহ শিক্ষার্থী যে সমস্যার সম্মুখীন হয়েছে তার প্রকৃতি সম্পর্কিত একটি বিবরণ

   এবং

   (ঙ) অভিযোগ দায়েরকালে যে পক্ষ অভিযোগ দায়ের করেছেন তার জানামতে এবং প্রাপ্ত সমস্যাটির একটি প্রস্তাবিত সমাধান।

*স্টেট বরাবর অভিযোগ পদ্ধতি গ্রহণ* শিরোনামের আওতায় যেমনটা বর্ণিত আছে, দায়েরকৃত অভিযোগ এমন হতে হবে যেন লঙ্ঘনটি অভিযোগপ্রাপ্তির দিন থেকে এক বছরের বেশি সময় আগে না ঘটে।

স্টেট অভিযোগ দায়েরকারী পক্ষ এন.ওয়াই.এস.ই.ডি.-তে অভিযোগ দায়ের করার সময় অবশ্যই স্কুল ডিস্ট্রিক্ট বা শিক্ষার্থীকে পরিষেবা দিচ্ছে এমন অন্য সরকারি এজেন্সিকে অভিযোগের একটি কপি প্রদান করবে।

## সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দাখিল

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০৭; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(আই) এবং সেকশন ২০০.৫(জে)

### সাধারণ

আপনার সন্তানের শনাক্তকরণ, মূল্যায়ন বা ভর্তি অথবা আপনার সন্তানের এফ.এ.পি.ই.-এর সুবিধা প্রবর্তন বা পরিবর্তন আনার প্রস্তাব বা প্রত্যাখ্যান সম্পর্কিত যে কোন বিষয়ে আপনি অথবা স্কুল ডিস্ট্রিক্ট সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করতে পারেন।

সঠিক প্রক্রিয়ার অভিযোগে দুই বছরের আগে ঘটেনি এমন লঙ্ঘনের অভিযোগই কেবল থাকবে, যে সময়কালে আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট সেই অভিযোগের ঘটনা সম্পর্কে জেনেছেন বা জানা উচিত ছিল, যা সঠিক প্রক্রিয়ায় অভিযোগের ভিত্তি তৈরি করে।

সময়সীমার মধ্যে আপনি সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দাখিল না করলেও উপরোক্ত সময়সীমা আপনার জন্য প্রযোজ্য হবে না কারণ :

১. অভিযোগে চিহ্নিত বিষয়গুলো নিষ্পত্তি করা হয়েছে এইমর্মে স্কুল ডিস্ট্রিক্ট সুনির্দিষ্টভাবে ভুল ব্যাখ্যা উপস্থাপন করেছে; অথবা

২. আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় আপনাকে জানানো প্রয়োজন ছিল এমন কোন তথ্য যদি স্কুল ডিস্ট্রিক্ট গোপন রাখে।

### পিতামাতার জন্য তথ্য

আপনি তথ্যের জন্য অনুরোধ করলে অথবা আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট যদি কোন সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করেন, তবে স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে ওই এলাকায় সহজলভ্য বিনামূল্যে অথবা স্বল্পমূল্যে আইনগত বা সংশ্লিষ্ট অন্য পরিষেবা সম্পর্কে অবশ্যই অবহিত করবে।

## সঠিক প্রক্রিয়ায় অভিযোগ

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০৮; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(আই) এবং (জে)

### সাধারণ

কোন শুনানির অনুরোধ জানানোর জন্য, আপনি অথবা স্কুল ডিস্ট্রিক্ট (অথবা আপনার আইনজীবী বা স্কুল ডিস্ট্রিক্টের আইনজীবী) অবশ্যই অন্য পক্ষকে একটি সঠিক প্রক্রিয়ায় অভিযোগ প্রদান করবেন। এই অভিযোগে নিচে উল্লিখিত তালিকার প্রতিটি বিষয় উল্লেখ থাকবে এবং তা অবশ্যই গোপনে সংরক্ষণ করা হবে।

আপনি অথবা স্কুল ডিস্ট্রিক্ট, যেই অভিযোগ দায়ের করুক না কেন, অবশ্যই এন.ওয়াই.এস.ই.ডি.-কে অভিযোগের একটি কপি প্রদান করবেন।

### অভিযোগে যা থাকবে :

১. শিক্ষার্থীর নাম;

২. শিক্ষার্থীর বাড়ির ঠিকানা;

৩. শিক্ষার্থীর স্কুলের নাম;

৪. শিশুটি গৃহহীন বা কিশোর হলে, শিক্ষার্থীর সঙ্গে যোগাযোগের তথ্য এবং তার স্কুলের নাম;

৫. সমস্যা সংশ্লিষ্ট বাস্তব ঘটনাসহ প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত কার্যের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থী যে সমস্যার সম্মুখীন হয়েছে তার প্রকৃতি সম্পর্কিত একটি বিবরণ; এবং

৬. অভিযোগ দায়েরকালে আপনি বা স্কুল ডিস্ট্রিক্টের জানামতে বা প্রাপ্ত সমস্যাটির একটি প্রস্তাবিত সমাধান।

## সঠিক প্রক্রিয়ায় অভিযোগ সম্পর্কে শুনানির পূর্বে নোটিস প্রয়োজন

আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট (অথবা আপনার আইনজীবী বা স্কুল ডিস্ট্রিক্টের আইনজীবী) ওপরে উল্লিখিত তথ্যসহ সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দাখিল না করলে আপনি অথবা স্কুল ডিস্ট্রিক্ট সঠিক প্রক্রিয়ায় শুনানি নাও পেতে পারেন।

## অভিযোগের পর্যাপ্ততা

একটি সঠিক প্রক্রিয়ার অভিযোগ সম্পর্কে শুনানিগ্রহণের আগে বিষয়টিকে পর্যাপ্ত বলে বিবেচিত হতে হবে। সঠিক প্রক্রিয়ায় দাখিল করা অভিযোগ পর্যাপ্ত মনে করা হবে (ওপরে উল্লিখিত শর্তাবলি পূরণ করলে), যদি না, সঠিক প্রক্রিয়ায় অভিযোগ গ্রহণকারী পক্ষ (আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট), অভিযোগ প্রাপ্তির ১৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে লিখিতভাবে শুনানি অফিসার ও অন্য পক্ষকে অবহিত করেন যে, অভিযোগ গ্রহণকারী পক্ষ মনে করে সঠিক প্রক্রিয়ায় অভিযোগ ওপরে উল্লিখিত শর্তাবলি পূরণ করেনি।

এই বিজ্ঞপ্তি পাওয়ার ৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে গ্রহণকারী পক্ষ (আপনি অথবা স্কুল ডিস্ট্রিক্ট) ধরে নেবেন যে সঠিক প্রক্রিয়ায় অভিযোগটি অপর্যাপ্ত। সঠিক প্রক্রিয়ায় অভিযোগ ওপরে উল্লিখিত শর্তাবলি পূরণ করেছে কিনা সে ব্যাপারে অবশ্যই নিরপেক্ষ শুনানি অফিসার সিদ্ধান্ত নেবেন এবং অবিলম্বে লিখিতভাবে আপনাকে ও স্কুল ডিস্ট্রিক্টকে তা অবহিত করবেন।

## অভিযোগ সংশোধন

আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট অভিযোগে পরিবর্তন আনতে পারবেন কেবল যদি :

১. অন্যপক্ষ লিখিতভাবে এই পরিবর্তন অনুমোদন করে এবং যদি এর মাধ্যমে নিচে উল্লিখিত নিষ্পত্তি বৈঠকের মাধ্যমে সঠিক প্রক্রিয়ায় অভিযোগ নিষ্পত্তির কোন সুযোগ থাকে; অথবা

২. সঠিক প্রক্রিয়ায় শুনানি শুরুর অন্তত ৫ দিন আগে, শুনানি অফিসার পরিবর্তনের জন্য অনুমতি প্রদান করেন।

অভিযোগকারী পক্ষ (আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট) যদি সঠিক প্রক্রিয়ায় অভিযোগে কোন পরিবর্তন আনেন, তবে নিষ্পত্তি বৈঠকের সময়সীমা (অভিযোগপ্রাপ্তির পর ১৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে) এবং নিষ্পত্তির মেয়াদ (অভিযোগপ্রাপ্তির পর ৩০ ক্যালেন্ডার দিবসের মধ্যে), অভিযোগ সংশোধনী দাখিলের দিন থেকে নতুন করে শুরু হবে।

## সঠিক প্রক্রিয়ায় অভিযোগের প্রতি লোকাল এডুকেশনাল এজেন্সি (এল.ই.এ.) বা স্কুল ডিস্ট্রিক্টের জবাব

*আগাম লিখিত নোটিস* শিরোনামে যেমনটি বর্ণিত সেভাবে স্কুল ডিস্ট্রিক্ট যদি আপনার সঠিক প্রক্রিয়ায় অভিযোগে উল্লিখিত বিষয় সম্পর্কে আপনাকে আগাম কোন লিখিত নোটিস না পাঠায়, তবে সঠিক প্রক্রিয়া অভিযোগপ্রাপ্তির ১০ ক্যালেন্ডার দিবসের মধ্যে স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই আপনাকে একটি উত্তর পাঠাবে, যাতে অন্তর্ভুক্ত থাকবে:

১. সঠিক প্রক্রিয়ায় অভিযোগে উত্থাপিত বিষয়ে স্কুল ডিস্ট্রিক্ট কেন ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করছে বা ব্যবস্থা নিতে অস্বীকার করেছে তার একটি ব্যাখ্যা;

২. আপনার সন্তানের সি.এস.ই. বা সি.পি.এস.ই. অন্য সেসব বিকল্প বিবেচনা করেছে এবং কেন সেসব বিকল্প প্রত্যাখ্যান করা হয়েছে তার একটি বিবরণ;

৩. স্কুল ডিস্ট্রিক্ট প্রস্তাবিত বা প্রত্যখ্যাত ব্যবস্থার ভিত্তি হিসেবে যেসব মূল্যায়ন পদ্ধতি, যাচাই, রেকর্ড বা রিপোর্ট ব্যবহার করেছে তার প্রত্যেকটির একটি বিবরণ; এবং

৪. স্কুল ডিস্ট্রিক্টের প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য কার্যকারণের একটি বিবরণ।

ওপরের ১-৪ ক্রমিকে উল্লিখিত তথ্য প্রদান করা হলেও তা আপনার সঠিক প্রক্রিয়ায় অভিযোগ অপর্যাপ্ত বলে ঘোষণা থেকে স্কুল ডিস্ট্রিক্টকে বিরত রাখতে পারবে না।

সঠিক প্রক্রিয়ায় অভিযোগে অন্য পক্ষের জবাব

ঠিক ওপরের উপ-শিরোনাম *সঠিক প্রক্রিয়ায় অভিযোগের ক্ষেত্রে এল.ই.এ. বা স্কুল ডিস্ট্রিক্টের জবাব-এ* যেমনটা বর্ণনা করা হয়েছে তা ছাড়া, সঠিক প্রক্রিয়ায় অভিযোগ গ্রহণকারী অবশ্যই, অভিযোগ প্রাপ্তির ১০ ক্যালেন্ডার দিবসের মধ্যে অন্য পক্ষকে একটি উত্তর পাঠাবে, যাতে সুনির্দিষ্টভাবে অভিযোগের বিষয়গুলো উল্লেখ করা হবে।

## মডেল ফরম

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০৯

স্টেট অভিযোগ বা সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দাখিলে আপনাকে সহায়তার জন্য এন.ওয়াই.এস.ই.ডি. অবশ্যই একটি মডেল ফরম প্রস্তুত করবে। যদিও, এন.ওয়াই.এস.ই.ডি. বা স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে এই মডেল ফরমই ব্যবহার করতে হবে এমন শর্তারোপ করবে না। আপনি স্টেট-এর মডেল ফরম বা অন্য যথোপযুক্ত ফরম ব্যবহার করতে পারেন, যদি এখানে সঠিক প্রক্রিয়ায় অভিযোগ বা স্টেট অভিযোগ দায়েরের জন্য প্রয়োজনীয় তথ্য থাকে। স্টেট মডেল ফরম http://www.p12.nysed.gov/specialed/ এই ওয়েবসাইটে পাওয়া যেতে পারে। স্কুল ডিস্ট্রিক্টের মাধ্যমে এই ফরমের কপি আপনি পেতে পারেন। অথবা এন.ওয়াই.এস.ই.ডি., পি-১২ এডুকেশন: অফিস অব স্পেশাল এডুকেশনের সঙ্গে 518-473-2878 এই নম্বরে যোগাযোগ করেও তা পাওয়া যেতে পারে।

## মধ্যস্থতা

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০৬; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(এইচ)

### সাধারণ

সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়েরের পূর্বে উত্থাপিত বিষয়সহ আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় যেকোন বিষয়ে মতবিরোধ নিষ্পত্তির জন্য স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে ও স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই মধ্যস্থতার সুযোগ দেবে। তাই, ***সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের*** শিরোনামে যেভাবে উল্লেখ করা হয়েছে সে অনুযায়ী আপনি সঠিক প্রক্রিয়া শুনানির অনুরোধ জানিয়ে একটি সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করুন বা না করুন, আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে মধ্যস্থতায় বাধা নেই।

### শর্তাবলি

পদ্ধতিসমূহ অবশ্যই নিশ্চিত করবে যে মধ্যস্থতা প্রক্রিয়া :

১. আপনার ও স্কুল ডিস্ট্রিক্ট জন্য একটি স্বেচ্ছাধীন বিষয়;

২. সঠিক প্রক্রিয়ায় শুনানির জন্য আপনার অধিকার প্রত্যাখ্যান বা বিলম্বিত করার জন্য ব্যবহৃত হচ্ছে না, অথবা আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় আপনার অন্যকোন অধিকার প্রত্যাখ্যান করা হচ্ছে না; এবং

৩. কার্যকর মধ্যস্থতা কৌশল সম্পর্কে প্রশিক্ষণ রয়েছে এমন কোন উপযুক্ত ও নিরপেক্ষ মধ্যস্থতাকারী দ্বারা পরিচালিত।

যেসব পিতামাতা ও স্কুল মধ্যস্থতা প্রক্রিয়া বেছে নেবেন না তাদের জন্য স্কুল ডিস্ট্রিক্ট এমন পদ্ধতি উদ্ভাবন করতে পারে যা আপনার জন্য সুবিধাজনক সময় ও স্থানে এমন কোন অনিচ্ছুক পক্ষের সঙ্গে সাক্ষাতের একটি সুযোগ তৈরি করবে:

১. যিনি কম্যুনিটি বিরোধ নিষ্পত্তি সেন্টারের সঙ্গে চুক্তিবদ্ধ রয়েছে; এবং

২. যিনি আপনার কাছে মধ্যস্থতা প্রক্রিয়ার সুফল ব্যাখ্যা ও এই প্রক্রিয়া ব্যবহারে উৎসাহিত করবে।

নিউ ইয়র্ক স্টেট সি.ডি.আর.সি. কর্তৃক প্রশিক্ষিত এবং বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবা আইন ও প্রবিধান সম্পর্কে অবহিত এমন যোগ্য মধ্যস্থতাকারী ব্যবহার করে। সি.ডি.আর.সি. নির্বিচারে বাছাই, পর্যায়ক্রমিক বা অন্যান্য নিরপেক্ষ ভিত্তিতে মধ্যস্থতাকারী বাছাই করে।

## মধ্যস্থতার আয়োজন

সি.ডি.আর.সি.-এর সঙ্গে স্কুল ডিস্ট্রিক্টের মাধ্যমে মধ্যস্থতার আয়োজন করা হয়। বৈঠকের ব্যয়সহ মধ্যস্থতা প্রক্রিয়ার ব্যয় বহনের দায়িত্ব স্টেটের।

মধ্যস্থতা প্রক্রিয়ায় প্রতিটি বৈঠক অবশ্যই নির্ধারিত ও সময়ানুগ হতে হবে এবং এমন একটি স্থানে হতে হবে যা আপনার ও স্কুল ডিস্ট্রিক্টের জন্য সুবিধাজনক।

## মধ্যস্থতা চুক্তি

মধ্যস্থতা প্রক্রিয়ার মাধ্যমে আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট যদি কোন বিরোধ নিষ্পত্তি করেন, তাহলে উভয় পক্ষ অবশ্যই আইনগতভাবে বাধ্যতামূলক একটি চুক্তিতে উপনীত হবেন, যা নিষ্পত্তির ঘোষণা হবে এবং :

১. উল্লেখ থাকবে যে মধ্যস্থতা প্রক্রিয়া চলাকালে সবধরনের আলোচনা গোপন থাকবে এবং তা পরবর্তীতে কোন সঠিক প্রক্রিয়ায় শুনানি বা আদালতের কার্যবিবরণীতে ব্যবহার করা যাবে না; **এবং**

২. স্কুল ডিস্ট্রিক্টকে বাধ্য করার কর্তৃত্বপ্রাপ্ত একজন স্কুল ডিস্ট্রিক্ট প্রতিনিধি ও আপনার দ্বারা স্বাক্ষরিত হবে।

একটি লিখিত ও স্বাক্ষরিত মধ্যস্থতা চুক্তি উপযুক্ত এখতিয়ার সম্পন্ন যুক্তরাষ্ট্রের যে কোনো স্টেট কোর্ট (এ ধরনের মামালায় স্টেট আইন অনুযায়ী শুনানি আয়োজনের কর্তৃত্ব রয়েছে এমন আদালত) বা ডিস্ট্রিক্ট কোর্টে বলবৎযোগ্য।

মধ্যস্থতা প্রক্রিয়া চলাকালে যেসব আলোচনা হয়েছে তা অবশ্যই গোপনীয়। এগুলো পরবর্তীতে কোন সঠিক প্রক্রিয়ায় শুনানি বা কোন ফেডারেল কোর্ট বা আই.ডি.ই.এ.-এর পার্ট বি'র আওতায় সহায়তা লাভকারী কোন স্টেট-এর স্টেট কোর্টের আইনী কার্যবিবরণীতে ব্যবহার করা যাবে না।

## মধ্যস্থতাকারীর নিরপেক্ষতা

মধ্যস্থতাকারী:

১. স্টেট এডুকেশনাল এজেন্সির (এস.ই.এ.) অথবা আপনার সন্তানের শিক্ষা বা পরিচর্যার কাজে জড়িত এমন স্কুলের কর্মচারী হতে পারবে না; এবং

২. মধ্যস্থতাকারীর নিরপেক্ষতার সঙ্গে সাংঘর্ষিক এমন কোন ব্যক্তিগত বা পেশাগত স্বার্থ থাকবে না।

স্কুল ডিস্ট্রিক্ট বা স্টেট এজেন্সির কর্মচারী নন এমন একজন ব্যক্তি একজন যোগ্য মধ্যস্থতাকারী হওয়ার একমাত্র কারণ তিনি মধ্যস্থতাকারীর দায়িত্ব পালনের জন্য এজেন্সি বা স্কুল ডিস্ট্রিক্ট থেকে অর্থ পান।

## সঠিক প্রক্রিয়ায় অভিযোগ ও শুনানি স্থগিত থাকাকালে শিক্ষার্থী ভর্তি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১৮; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(এম)

*প্রতিবন্ধী শিক্ষার্থীদের শাসন করার পদ্ধতি* শীর্ষক শিরোনামের নিচে যেমন বলা হয়েছে তেমনটি ছাড়া, একটি সঠিক প্রক্রিয়া অভিযোগ একবার অন্য পক্ষের কাছে পাঠানোর পর নিষ্পত্তি প্রক্রিয়ার মেয়াদ চলাকালে এবং কোন নিরপেক্ষ সঠিক প্রক্রিয়া শুনানি বা আদালতের কার্যবিবরণীর জন্য অপেক্ষাকালে, আপনি ও আপনার স্কুল ডিস্ট্রিক্ট অথবা আপনি ও স্টেট রিভিউ অফিসার অন্যকোনভাবে একমত না হলে, আপনার সন্তান অবশ্যই তার বর্তমান শিক্ষা অবস্থানে থাকবে।

যদি সঠিক প্রক্রিয়া কার্যবিবরণী একটি প্রাথমিক মূল্যায়নের জন্য সম্মতির সঙ্গে সম্পর্কযুক্ত হয় তবে, কার্যবিবরণী স্থগিত থাকাকালে আপনার সন্তানকে মূল্যায়ন করা হবে না।

যদি সঠিক প্রক্রিয়া অভিযোগের সঙ্গে সরকারি স্কুলে প্রাথমিক ভর্তির ব্যাপারে কোন আবেদনপত্র যুক্ত থাকে, তবে এধরনের সকল কার্যবিবরণী সম্পন্ন না হওয়া পর্যন্ত আপনার সম্মতি নিয়ে আপনার সন্তানকে অবশ্যই নিয়মিত সরকারি স্কুল প্রোগ্রামে যুক্ত করা হবে।

আপনার প্রি-স্কুল পড়ুয়া সন্তান যদি বর্তমানে বিশেষ শিক্ষাগত পরিষেবা এবং কর্মসূচি গ্রহণ না করে থাকে, তবে যে কোন শুনানি বা আপিল চলাকালে আপনি এবং স্কুল ডিস্ট্রিক্ট একমত হলে, সে বিশেষ শিক্ষাগত পরিষেবা এবং কর্মসূচি লাভ করবে।

সঠিক প্রক্রিয়ায় অভিযোগে যদি একজন শিশুর জন্য আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় প্রাথমিক পরিষেবার ব্যাপারে কোন আবেদনপত্র যুক্ত থাকে, যে কিনা আই.ডি.ই.এ. পার্ট সি (আগাম হস্তক্ষেপ পরিষেবা) থেকে আই.ডি.ই.এ. পার্ট বি-তে (প্রি-স্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস) স্থানান্তরিত করছে এবং যে শিক্ষার্থী বয়স তিন বছর হয়ে যাওয়ায় আর পার্ট সি-এর পরিষেবা পাওয়ার যোগ্য নয়, সেই শিক্ষার্থী পার্ট সি-এর যে পরিষেবা লাভ করছে, স্কুল ডিস্ট্রিক্টের তাকে আর সেই পরিষেবা প্রদানের প্রয়োজন নেই। আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় শিক্ষার্থীটিকে যদি যোগ্য বলে মনে হয় এবং শিক্ষার্থীটি প্রথমবারের মতো বিশেষ শিক্ষা ও সংশ্লিস্ট পরিষেবা প্রাপ্তির জন্য আপনি সম্মতি দেন, তাহলে কার্যবিবরণীর ফল অনিশ্চিত অবস্থায় রেখেই স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই ওইসব বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবা, যা বিরোধের অন্তর্ভুক্ত নয়, তা জোগান দেবে (সেগুলো, যেগুলোর ব্যাপারে আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট উভয়ে একমত হয়েছেন)।

## নিষ্পত্তি প্রক্রিয়া

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১০; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(জে)

### নিষ্পত্তি বৈঠক

আপনার সঠিক প্রকিয়ায় অভিযোগের নোটিশ পাওয়ার ১৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে এবং সঠিক প্রক্রিয়ায় শুনানি শুরুর আগে, স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই আপনি ও সঠিক প্রক্রিয়ায় অভিযোগে আপনি যেসব বিষয় চিহ্নিত করেছেন সেগুলো সম্পর্কে যাদের সুনির্দিষ্ট জ্ঞান আছে এমন সি.এস.ই. বা সি.পি.এস.ই.'র সংশ্লিষ্ট সদস্য বা সদস্যদের মধ্যে একটি বৈঠক ডাকবে।

১. স্কুল ডিস্ট্রিক্টের পক্ষে সিদ্ধান্ত গ্রহণের কর্তৃত্ব রয়েছে এমন একজন প্রতিনিধি অবশ্যই অন্তর্ভুক্ত হবেন; এবং

২. আপনার সঙ্গে কোন আইনজীবী না থাকলে স্কুল ডিস্ট্রিক্টেরও কোন আইনজীবী নাও অন্তর্ভুক্ত হতে পারেন।

বৈঠকে অংশগ্রহণের জন্য সি.এস.ই. বা সি.পি.এস.ই.'র সংশ্লিষ্ট সদস্যদের নির্ধারণ করবেন আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট।

আপনার জন্য এই বৈঠকের উদ্দেশ্য হলো, আপনার সঠিক প্রক্রিয়ায় অভিযোগ এবং যেসব বিষয় অভিযোগের ভিত্তি তৈরি করেছে তা নিয়ে আলোচনা, যাতে স্কুল ডিস্ট্রিক্ট বিরোধ নিষ্পত্তির সুযোগ পায়।

নিষ্পত্তি বৈঠক প্রয়োজন হবে না যদি:

১. বৈঠক পরিহারের ব্যাপারে আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট লিখিতভাবে সম্মত হন; বা

২. আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট যদি *মধ্যস্থতা* শিরোনামের আওতায় বর্ণিত মধ্যস্থতা প্রক্রিয়া ব্যবহারে সম্মত হন।

## নিষ্পত্তির মেয়াদ

সঠিক প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির ৩০ ক্যালেন্ডার দিবসের মধ্যে স্কুল ডিস্ট্রিক্ট যদি আপনার সন্তুষ্টিমত সঠিক প্রক্রিয়ায় অভিযোগের নিষ্পত্তি না করে (নিষ্পত্তি প্রক্রিয়ার মেয়াদ চলাকালে) তাহলে সঠিক প্রক্রিয়া শুনানির উদ্ভব হতে পারে।

নিষ্পত্তি মেয়াদের ৩০ ক্যালেন্ডার দিবস সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর চূড়ান্ত সিদ্ধান্ত জারির সময়সীমা, স্কুল-বয়সী শিক্ষার্থীদের জন্য ৪৫ ক্যালেন্ডার দিবস ও প্রি-স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য ৩০ ক্যালেন্ডার দিবস। তবে নিম্নে উল্লিখিত কারণে ৩০ ক্যালেন্ডার দিবস নিষ্পত্তির মেয়াদ সমন্বয়ের ক্ষেত্রে কিছুটা ব্যতিক্রম ঘটতে পারে।

যেখানে আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট উভয়ে নিষ্পত্তি প্রক্রিয়া পরিহার বা মধ্যস্থতা ব্যবহারের ব্যাপারে একমত হন; আপনি কোন বৈঠকে যোগদানে সম্মত না হওয়া পর্যন্ত নিষ্পত্তি বৈঠকে আপনার যোগদানে ব্যর্থতা, নিষ্পত্তি প্রক্রিয়া ও সঠিক প্রক্রিয়া শুনানির সময়সীমাকে বিলম্বিত করবে। আপনি যদি কোন নিষ্পত্তি বৈঠকে যোগদান না করার সিদ্ধান্ত নেন তবে আপনার নিরপেক্ষ শুনানি বাতিল করে দিতে পারেন।

পর্যাপ্ত প্রচেষ্টা এবং এমন প্রচেষ্টার বিবরণ তৈরির পরও যদি স্কুল ডিস্ট্রিক্ট নিষ্পত্তি বৈঠকে আপনাকে অংশগ্রহণ করাতে না পারেন তবে নিষ্পত্তি মেয়াদের ৩০ ক্যালেন্ডার দিবসের পর আপনার সঠিক প্রক্রিয়ায় অভিযোগ বাতিল করার অনুরোধ জানাবে। স্কুল ডিস্ট্রিক্ট পারস্পরিক সম্মতির ভিত্তিতে যে সময় ও স্থানে এ ধরনের বৈঠক আয়োজনের উদ্যোগ নিয়েছিল তার বিবরণ লিখিত আকারে রেকর্ড থাকবে, যেমন :

১. টেলিফোন কল করা বা চেষ্টা করা হয়েছে এর বিস্তারিত রেকর্ড এবং ওইসব কলের ফলাফল;

২. আপনার কাছে পাঠানো চিঠি এবং কোন উত্তর পেয়ে থাকলে তার রেকর্ড; এবং

৩. আপনার বাড়ি বা কর্মস্থলে সফর এবং এসব সফরের ফলাফলের বিস্তারিত রেকর্ড।

আপনার সঠিক প্রক্রিয়ায় অভিযোগ প্রাপ্তির ১৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে স্কুল ডিস্ট্রিক্ট যদি নিষ্পত্তি বৈঠক আয়োজন বা নিষ্পত্তি বৈঠকে অংশগ্রণে ব্যর্থ হয়, তবে আপনি কোন শুনানি অফিসারকে, স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য সঠিক প্রক্রিয়ায় শুনানির ৪৫ ক্যালেন্ডার দিবস সময়সীমা (অথবা প্রিস্কুল বয়সীদের জন্য সঠিক প্রকিয়া শুনানির ৩০ ক্যালেন্ডার দিবস সময়সীমা) শুরু হয়েছে বলে নির্দেশ প্রদানের কথা বলতে পারেন।

### ৩০ ক্যালেন্ডার দিবস নিষ্পত্তি মেয়াদের সমন্বয়

আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট যদি নিষ্পত্তি বৈঠক পরিহারের ব্যাপারে লিখিতভাবে একমত হন, তবে এর পরের দিন থেকে সঠিক প্রক্রিয়া শুনানির জন্য স্কুল বয়সীদের ক্ষেত্রে ৪৫ ক্যালেন্ডার দিবস সময়সীমা (অথবা প্রি-স্কুল বয়সীদের জন্য ৩০ ক্যালেন্ডার দিবস) শুরু হবে।

মধ্যস্থতা বা নিষ্পত্তি বৈঠক শুরুর পর এবং ৩০ ক্যালেন্ডার দিবস নিষ্পত্তি মেয়াদের আগে, যদি কোন সমঝোতা চুক্তি সম্ভব নয় বলে আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট লিখিতভাবে একমত হন, তবে এর পরের দিন থেকে স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য ৪৫ ক্যালেন্ডার দিবস এবং প্রিস্কুল বয়সীদের জন্য ৩০ ক্যালেন্ডার দিবস সময়সীমা শুরু হবে।

৩০ ক্যালেন্ডার দিবস নিষ্পত্তি মেয়াদের পর আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট যদি মধ্যস্থতা প্রক্রিয়া ব্যবহারের ব্যাপারে একমত হন, তাহলে উভয় পক্ষ কোন সমঝোতা চুক্তিতে উপনীত না হওয়া পর্যন্ত মধ্যস্থতা অব্যাহত রাখার ব্যাপারে লিখিতভাবে একমত হতে পারেন। তবে, যদি আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট যে কেউ মধ্যস্থতা প্রক্রিয়া থেকে সরে দাড়ান তাহলে এর পরদিন থেকে সাঠিক শুনানি প্রক্রিয়ার ৪৫ ক্যালেন্ডার দিবস ও ৩০ ক্যালেন্ডার দিবসের সময়সীমা শুরু হবে।

### লিখিত চুক্তি

নিষ্পত্তি বৈঠকে যদি বিরোধের ব্যাপারে কোন নিষ্পত্তিতে পৌঁছানো যায়, তাহলে আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট একটি আইনগতভাবে বাধ্যতামুলক এমন একটি চুক্তিতে উপনীত হবেন যা :

১. আপনি ও স্কুল ডিস্ট্রিক্টকে বাধ্য করানোর ক্ষমতা রয়েছে এমন কর্তৃত্ব সম্পন্ন স্কুল ডিস্ট্রিক্ট প্রতিনিধির স্বাক্ষরিত হতে হবে; <u>এবং</u>

২. উপযুক্ত এখতিয়ার সম্পন্ন যুক্তরাষ্ট্রের যে কোনো স্টেট কোর্ট (এ ধরনের মামালায় স্টেট আইন অনুযায়ী শুনানি আয়োজনের কর্তৃত্ব রয়েছে এমন আদালত) বা ডিস্ট্রিক্ট কোর্টে বলবৎযোগ্য।

### চুক্তি পর্যালোচনার মেয়াদ

নিষ্পত্তি বৈঠকের ফলস্বরূপ আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট যদি কোন চুক্তিতে উপনীত হন, তাহলে আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট যখন চুক্তিতে স্বাক্ষর করেছেন তার পর তিন কার্যদিবসের মধ্যে যে কোন পক্ষ (আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট) চুক্তিটি বাতিল করতে পারেন।

## নিরপেক্ষ সঠিক প্রক্রিয়ায় শুনানি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১১; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.১(এক্স), ২০০.৫(আই) এবং (জে)

### সাধারণ

একটি সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়েরের পর, *সঠিক প্রক্রিয়ায় অভিযোগ* ও *নিষ্পত্তি প্রক্রিয়া* শিরোনামে যেমনটা বর্ণনা করা হয়েছে, বিরোধে জড়িত আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই একটি নিরপেক্ষ সঠিক প্রক্রিয়ায় শুনানির সুযোগ পাবেন। পর্যায়ক্রমিক তালিকা থেকে স্কুল ডিস্ট্রিক্ট নিরপেক্ষ শুনানি অফিসার নিয়োগ করবে। শুনানির আয়োজন করবেন নিরপেক্ষ শুনানি অফিসার।

### নিরপেক্ষ শুনানি অফিসার (আই.এইচ.ও.)

একজন আই.এইচ.ও.-এর ন্যূনতম অবশ্যই :

১. সন্তানের শিক্ষা বা যত্নের সঙ্গে জড়িত স্কুল বা স্টেট শিক্ষা সংস্থার কর্মচারী হতে পারবেন না। যদিও, একজন শুনানি অফিসার হিসেবে কাজ করার জন্য এজেন্সি কাউকে অর্থ প্রদান করলেই সে কর্মচারী হয়ে যায় না;

২. শুনানি কর্মকর্তার উদ্দেশ্যের সঙ্গে সাংঘার্ষিক এমন কোন ব্যক্তিগত বা পেশাগত স্বার্থ থাকবে না শুনানিতে;

৩. আই.ডি.ই.এ.-এর বিধিমালা ও আই.ডি.ই.এ. সম্পর্কিত ফেডারেল এবং নিউ ইয়র্ক স্টেট প্রবিধানসমূহ এবং ফেডারেল ও স্টেট কোর্ট কর্তৃক আই.ডি.ই.এ.-এর আইনগত ব্যাখ্যা সম্পর্কে অবহিত ও জ্ঞান থাকতে হবে; এবং

৪. শুনানি আয়োজন, এবং যথাযথ, মানসম্মত আইনি চর্চার সঙ্গে সঙ্গতিপূর্ণ সিদ্ধান্তগ্রহণ ও লিপিবদ্ধ করার মতো জ্ঞান ও যোগ্যতা থাকতে হবে।

প্রত্যেক স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই আই.এইচ.ও. হিসেবে দায়িত্ব পালন করেন এমন ব্যক্তিদের একটি তালিকা রাখবে।

### সঠিক প্রক্রিয়ায় শুনানির বিষয়বস্তু

সঠিক প্রক্রিয়ায় শুনানির অনুরোধ করেছেন এমন কোন পক্ষ (আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট), অন্য পক্ষের সম্মতি ছাড়া, সঠিক প্রক্রিয়ায় অভিযোগের নোটিসে উল্লেখ করা হয়নি এমন কোন বিষয় উত্থাপন করতে পারবেন না।

### কোন শুনানির অনুরোধ জানানোর সময়সীমা

অভিযোগে উল্লেখ করা হয়েছে এমন বিষয় সম্পর্কে আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট অবগত ছিলেন বা অবগত হওয়ার দিন থেকে অবশ্যই দুই বছরের মধ্যে, আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট সঠিক প্রক্রিয়ায় অভিযোগের ওপর একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ জানাতে পারেন।

### সময়সীমার ক্ষেত্রে ব্যতিক্রম

আপনি কোন সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করতে না পারলেও উপরোক্ত সময়সীমা আপানার ক্ষেত্রে প্রযোজ্য হবে না, কারণ :

১. আপনি অভিযোগে উত্থাপন করছেন এমন সমস্যা বা বিষয় নিষ্পত্তি হয়েছে বলে বিশেষ করে স্কুল ডিস্ট্রিক্ট ভুলভাবে উপস্থাপন করেছে; এবং

২. আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় আপনাকে দেয়া প্রয়োজন ছিল এমন কোন তথ্য স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক আটকে রাখা।

## শুনানির অধিকার

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১২; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (জে)

### সাধারণ

সঠিক প্রক্রিয়ায় শুনানি (শাস্তিমুলক পদ্ধতির সঙ্গে সম্পর্কিত শুনানিসহ) অথবা *সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল; নিরপেক্ষ পর্যবেক্ষণ* শীর্ষক উপ-শিরোনামে যেমনটা বলা হয়েছে তেমন আপিলের অধিকার রয়েছে কোন পক্ষের :

১. প্রতিবন্ধী শিশুদের সমস্যা সম্পর্কিত বিশেষ জ্ঞান বা প্রশিক্ষণ রয়েছে এমন কোন ব্যক্তি বা/এবং আইনজীবীর পরামর্শ গ্রহণ এবং তাকে সঙ্গে রাখা;

২. প্রমাণ উপস্থাপন এবং মুখোমুখি হওয়া, খুঁটিয়ে পরীক্ষা এবং স্বাক্ষীর উপস্থিতি;

৩. শুনানির অন্তত ৫ কার্যদিবসের আগে অন্য পক্ষের কাছে প্রকাশ করা হয়নি এমন কোন প্রমাণ শুনানিতে উপস্থাপন থেকে বিরত থাকা;

৪. শুনানির বিবরণ, লিখিত বা ইলেক্টনিক, আপনি যেমনটা চাইবেন, প্রতিটি শব্দের রেকর্ড লাভ ; এবং

৫. তদন্তের ফল ও সিদ্ধান্তের লিখিত বা আপনি যেভাবে চাইবেন, ইলেক্ট্রনিক বিবরণ লাভ ।

### অতিরিক্ত তথ্য প্রকাশ

সঠিক প্রক্রিয়া শুনানির অন্তত ৫ কার্যদিবস আগে, ততদিন পর্যন্ত সম্পন্ন সকল মূল্যায়ন এবং সেসব মূল্যায়নের ভিত্তিতে তৈরি, আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট শুনানিতে ব্যবহার করতে ইচ্ছুক এমন সুপারিশমালা পরস্পরের কাছে প্রকাশ করবেন।

অন্য পক্ষের সম্মতি ছাড়া সংশ্লিষ্ট মূল্যায়ন বা সুপারিশমালা শুনানিতে উপস্থাপনের ব্যাপারে নির্দেশনা মেনে চলতে ব্যর্থ হয়েছেন এমন যে কোন পক্ষকে বিরত রাখতে পারেন একজন আই.এইচ.ও.।

### শুনানিতে পিতামাতার অধিকার

আপনাকে অবশ্যই এই অধিকার দেয়া হবে:

১. আপনার সন্তানকে উপস্থিত রাখা;

২. জনসম্মুখে শুনানি প্রকাশ;

৩. শুনানির রেকর্ড, ঘটনা সম্পর্কে অনুসন্ধানের ফলে প্রাপ্ত তথ্য এবং সিদ্ধান্ত বিনামূল্যে আপনাকে প্রদান; এবং

৪. প্রয়োজন হলে বাক প্রতিবন্ধীর জন্য বিনামুল্যে একজন দোভাষী অথবা আপনার গোষ্ঠীর মাতৃভাষায় অনর্গল কথা বলতে পারেন এমন একজন দোভাষী পাওয়া।

## শুনানির সিদ্ধান্ত

### ৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১৩; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (জে)

শুনানি অফিসারের সিদ্ধান্ত

আপনার সন্তান এফ.এ.পি.ই. পাবে কিনা সে ব্যাপারে একজন আই.এইচ.ও.-এর সিদ্ধান্ত অবশ্যই হবে বাস্তব ক্ষেত্রভিত্তিক।

পদ্ধতিগত লঙ্ঘন হয়েছে বলে অভিযোগ রয়েছে এমন বিষয়ে, আপনার সন্তানের এফ.এ.পি.ই. না পাওয়ার বিষয়টি একজন আই.এইচ.ও. কেবল তখনই দেখতে পারেন, যদি এসব পদ্ধতিগত অপর্যাপ্ততা থাকে :

১. এফ.এ.পি.ই.-এর ব্যাপারে আপনার সন্তানের অধিকারে হস্তক্ষেপ হলে;

২. আপনার সন্তানের ব্যাপারে এফ.এ.পি.ই. বিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় আপনার অংশগ্রহণের সুযোগে ব্যাপকভাবে বাধা দান; বা

৩. কোন শিক্ষা সুবিধা থেকে বঞ্চিত হওয়া।

ব্যাখ্যা ক্লজ

উপরে উল্লিখিত কোন বিধির ব্যাখ্যা দ্বারাই আই.ডি.ই.এ. পার্ট বি-এর (৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০০ থেকে ৩০০.৫৩৬ পর্যন্ত) ফেডারেল আইনের পদ্ধতিগত সুরক্ষা অংশে বর্ণিত শর্তাবলি মান্য করতে কোন স্কুল ডিস্ট্রিক্টকে বাধ্য করা থেকে একজন আই.এইচ.ও.-কে বিরত রাখতে পারবে না।

*একটি সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের, সঠিক প্রক্রিয়ায় অভিযোগের মডেল ফরম, নিষ্পত্তি প্রক্রিয়া, নিরপেক্ষ সঠিক প্রক্রিয়া শুনানি, শুনানির অধিকার ও শুনানির সিদ্ধান্ত* (৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০৭ থেকে ৩০০.৫১৩) এসব শিরোনামের আওতায় বর্ণিত কোন বিধিই এস.আর.ও.-এর কাছে (দেখুন আপিল-চূড়ান্ত সিদ্ধান্ত শিরোনাম) সঠিক প্রক্রিয়ায় শুনানির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের ব্যাপারে আপনার অধিকারকে প্রভাবিত করতে পারবে না।

সঠিক প্রক্রিয়ায় শুনানির জন্য পৃথক আবেদন

ইতোমধ্যে দায়ের করা সঠিক প্রক্রিয়ায় অভিযোগের চেয়ে ভিন্ন কোন সঠিক প্রক্রিয়া অভিযোগ দায়ের থেকে আপনাকে বিরত রাখতে আই.ডি.ই.এ. পার্ট বি-এর (৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫০০ থেকে ৩০০.৫৩৬পর্যন্ত) আওতায় বর্ণিত ফেডারেল আইনের কার্যবিধিগত নিরাপত্তা অংশে বর্ণিত কোন কিছুই ব্যাখ্যা করা যাবে না।

.

## চূড়ান্ত সিদ্ধান্ত; আপিল; নিরপেক্ষ পর্যালোচনা

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১৪; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (কে) এবং পার্ট ২৭৯

### শুনানি সিদ্ধান্তের চূড়ান্ত

শুনানিতে জড়িত কোন পক্ষ (আপনি বা স্কুল ডিস্টিক্ট) স্টেট রিভিউ অফিসের এন.ওয়াই.এস.ই.ডি.-তে আপিল না করলে সঠিক প্রক্রিয়ায় শুনানির একটি সিদ্ধান্তই (শুনানি সংশ্লিষ্ট কোন শাস্তিমূলক পদ্ধতিসহ) চূড়ান্ত।

### আইএইচও সিদ্ধান্তের বিরুদ্ধে স্টেট-স্তরের আপিল

আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট যদি স্টেট রিভিউ অফিসার (এসআরও) কর্তৃক দেয়া সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য অনুরোধ না জানান, তাহলে আইএইচও-এর সিদ্ধান্তই চূড়ান্ত। যদি আপনি এসআরও-কাছে আইএইচও সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে চান, তবে রিভিউ করার ইচ্ছা ব্যক্ত করে সে ইচ্ছার বিজ্ঞপ্তি (ফরম্ 'এ') স্কুল ডিস্ট্রিক্টে নোটিশ অব পিটিশন (ফরম্ 'বি') জমা দেয়ার কমপক্ষে ১০দিন আগে এবং আইএইচও সিদ্ধান্তের ২৫ দিনের মধ্যে তা জমা দিতে হবে৷ দরখাস্ত অবশ্যই আইএইচও-র সিদ্ধান্তের তারিখ থেকে ৩৫ দিনের মধ্যে স্কুল ডিস্ট্রিক্টে হাতে হাতে জমা দিতে হবে৷ যদি আইএইচও সিদ্ধান্ত আবেদনকারীকে ডাকযোগে জানানো হয়ে থাকে, তাহলে ডাক সীলমোহর-এর তারিখ থেকে দিনের হিসাব করার সময় থেকে পরবর্তী ৪ দিন বাদ দিতে হবে। এসআরও:

১। ৩০ ক্যালেন্ডার দিবসের মধ্যে চুড়ান্ড সিদ্ধান্ত নেবে। আপনার অথবা স্কুল ডিস্ট্রিক্টের অনুরোধে এসআরও ৩০ দিনের পরেও সময় বাড়িয়ে দিতে পারে। কিন্তু এই বাড়ানো অবশ্যই নির্দিষ্ট সময়ের জন্যে হবে।

২। অনুসন্ধানে পাওয়া তথ্য এবং সিদ্ধান্তেরে লিখিত কপি ডাকযোগে অথবা আপনার ইচ্ছা অনুযায়ী ইলেক্ট্রনিক মাধ্যমে আপনার অথবা আপনার অ্যাটর্নি এবং ডিওই-র কাছে ৩০ দিন সময়ের মধ্যে পাঠিয়ে দেবে।

এসআরও=তে আপিল করার নিয়ম http://www.sro.nysed.gov/- ওয়েবসাইটে পাওয়া যাবে।

যদি কোন আপিল হয়, তাহলে এসআরও যে সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল হয়েছে এবং যেসব তথ্য পাওয়া গিয়েছে সেগুলোর একটি নিরপেক্ষ পর্যালোচনা অবশ্যই করবে। যেসব কর্মকর্তা পর্যালোচনা পরিচালনা করবেন তাদের অবশ্যই প্রয়োজন:

১. শুনানির পুরো রেকর্ড পরীক্ষা করা;
২. সঠিক প্রক্রিয়ার শর্তাবলির সঙ্গে শুনানির গোটা পদ্ধতি সঙ্গতিপূর্ণ ছিল বলে নিশ্চিত করা;
৩. প্রয়োজনে বাড়তি প্রমান চাওয়া। বাড়তি প্রমাণ লাভের জন্য কোন শুনানি হয়ে থাকলে, ইতোপূর্বে ***শুনানির অধিকার*** শীর্ষক শিরোনামের আওতায় বর্ণিত শুনানির অধিকার প্রয়োগ করা হবে;
৪. রিভিউ কর্মকর্তা নিজস্ব ক্ষমতা বলে কোন এক বা উভয় পক্ষকে মৌখিক বা লিখিত যুক্তি পেশের সুযোগ দেবেন;
৫. পর্যালোচনা সমাপ্তির ব্যাপারে স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণ করবেন; এবং
৬. তদন্তের ফলে বেরিয়ে আসা ফল ও সিদ্ধান্তের একটি লিখিত বা আপনি চাইলে ইলেক্ট্রনিক কপি আপনাকে এবং স্কুল ডিস্ট্রিক্টকে প্রদান করবেন।

### পর্যালোচনা সিদ্ধান্তের চূড়ান্ত

নিম্নে বর্ণিত উপায়ে, আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট আইনগত ব্যবস্থা না নিলে এস.আর.ও.-এর দেয়া সিদ্ধান্তই চূড়ান্ত।

## শুনানি ও পর্যালোচনার সময়সীমা ও সুবিধাজনক সময়

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১৫; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(জে) এবং ২০০.১৬(এইচ)

নিষ্পত্তি বৈঠকের মেয়াদ শেষে ৩০ ক্যালেন্ডার দিবস পার হওয়ার পর, স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য ৪৫ ক্যালেন্ডার দিবস বা প্রি-স্কুল শিক্ষার্থীদের জন্য ৩০ ক্যালেন্ডার দিবসের মধ্যে, অথবা *নিষ্পত্তি মেয়াদের ৩০ ক্যালেন্ডার দিবস সমন্বয়* শীর্ষক উপ-শিরোনামে যেমনটা বলা হয়েছে সে অনুযায়ী সমন্বয়ের সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর, স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য ৪৫ ক্যালেন্ডার দিবস বা প্রিস্কুল শিক্ষার্থীদের জন্য ৩০ ক্যালেন্ডার দিবসের বেশি যেন না হয়, সে বিষয়টি স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই নিশ্চিত করবে:

১. শুনানিতে একটি চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হওয়া গিয়েছিল; এবং

২. স্কুল ডিস্ট্রিক্ট ও আপনাকে সিদ্ধান্তের কপি পাঠানো হয়েছিল।

পর্যালোচনা অনুরোধ পাওয়ার পর ৩০ ক্যালেন্ডার দিবস অতিক্রান্ত হওয়ার আগেই এস.আর.ও নিশ্চিত করবেন :

১. পর্যালোচনায় একটি চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হওয়া গিয়েছিল; এবং

২. স্কুল ডিস্ট্রিক্ট ও আপনাকে সিদ্ধান্তের কপি পাঠানো হয়েছিল।

আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট যদি সময়সীমা সুনির্দিষ্টভাবে বাড়ানোর অনুরোধ জানান, তবে একজন আই.এইচ.ও. বা একজন এস.আর.ও. উপরে উল্লিখিত সময়সীমার (শুনানি সিদ্ধান্তের সময়সীমা স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য ৪৫ ক্যালেন্ডার দিবস বা প্রি-স্কুল শিক্ষার্থীদের জন্য ৩০ ক্যালেন্ডার দিবস এবং এস.আর.ও.-এর সিদ্ধান্তের সময়সীমা ৩০ ক্যালেন্ডার দিবস) বাইরেও সুনির্দিষ্ট মেয়াদে সময় বাড়াতে পারেন।

মৌখিক যুক্তিতর্কের প্রতিটি শুনানি ও পর্যালোচনা, আপনি বা আপনার সন্তানের জন্য বেশ সুবিধাজনক কোন সময় বা স্থানে হতে হবে।

## আইনগত ব্যবস্থা এবং এসব ব্যবস্থা গ্রহণের সময়সীমা

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১৬; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫(কে)

### সাধারণ

স্টেট পর্যায়ে তদন্তের ফল ও সিদ্ধান্তের সঙ্গে যে কোন পক্ষ (আপনি বা স্কুল) একমত না হলে সঠিক প্রক্রিয়ায় শুনানির (শাস্তিমূলক পদ্ধতি সংশ্লিষ্ট শুনানিসহ) বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের অধিকার রয়েছে। বিরোধের পরিমাণ বিবেচনা ছাড়াই উপযুক্ত এখতিয়ার সম্পন্ন যুক্তরাষ্ট্রের যে কোনো স্টেট কোর্ট (এ ধরনের মামালায় স্টেট আইন অনুযায়ী শুনানি আয়োজনের কর্তৃত্ব রয়েছে এমন আদালত) বা ডিস্ট্রিক্ট কোর্টে এই ব্যবস্থা নেয়া যাবে।

### সময়ের সীমাবদ্ধতা

এস.আর.ও.-এর সিদ্ধান্ত প্রদানের দিন থেকে আইনি ব্যবস্থা গ্রহণের পূর্ব পর্যন্ত পক্ষটি (আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট) চার মাস সময় পাবেন।

অতিরিক্ত পদ্ধতি

যে কোন মামলার ক্ষেত্রে, আদালত :

১. প্রশাসনিক কার্যবিবরণীর রেকর্ড গ্রহণ করবেন;

২. আপনার অনুরোধ অথবা স্কুল ডিস্ট্রিক্টের অনুরোধে অতিরিক্ত প্রমাণের ব্যাপারে শুনানি করবেন; এবং

৩. প্রমাণের সংখ্যাধিক্যের ওপর সিদ্ধান্তের ভিত্তিতে এবং কোর্ট প্রকৃত বিষয় নির্ধারণ করবে বলে অব্যাহতি অনুমোদন।

ডিস্ট্রিক্ট কোর্টের আইনগত এখতিয়ার

বিরোধের পরিমাণ বিবেচনা ছাড়াই আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় মামলার ব্যাপারে রুল প্রদানের ক্ষমতা রয়েছে যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট কোর্টের।

আইনি ব্যাখ্যার বিধান

যুক্তরাষ্ট্রের সংবিধান, প্রতিবন্ধী আমেরিকান আইন ১৯৯০, ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের টাইটেল ফাইভ, অথবা প্রতিবন্ধী শিশুদের অধিকার রক্ষা বিষয়ক ফেডারেল আইনে দেয়া অধিকার, পদ্ধতি এবং প্রতিকারের কোন কিছুই আই.ডি.ই.এ.-এর পার্ট বি দ্বারা সীমাবদ্ধ বা সীমিত হবে না। তবে, অব্যাহতি চেয়ে এসব আইন এবং আই.ডি.ই.এ.-এর পার্ট বি'তেও যা বলা হয়েছে সে মতে অব্যাহতি চেয়ে আইনী ব্যবস্থা গ্রহণের পূর্বে, পক্ষটি আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় মামলা দায়ের করলে, ওপরে বর্ণিত সঠিক প্রক্রিয়া পদ্ধতি যতদূর প্রয়োজন অবশ্যই ততদূর পর্যন্ত নিঃশেষিত হবে। এর অর্থ এই যে, আই.ডি.ই.এ.-এর আইনকে অধিক্রমণ করে এমন অন্যান্য আইনেও যেসব প্রতিকার রয়েছে সেগুলো আপনি পেতে পারেন, তবে সাধারণভাবে, অন্যান্য আইনে অব্যাহতি লাভের জন্য সরাসরি আদালতে যাওয়ার আগে আপনি আই.ডি.ই.এ.'তে উল্লেখিত (যেমন, সঠিক প্রক্রিয়া অভিযোগ, নিষ্পত্তি বৈঠক ও নিরপেক্ষ সঠিক প্রক্রিয়া শুনানি পদ্ধতি) প্রশাসনিক প্রতিকার অনুসরণ করবেন।

## আইনজীবীর ফি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫১৭

সাধারণ

যদি আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় কোন পদক্ষেপ বা আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়, আপনি যদি লড়াই চালিয়ে যান, কোর্ট তার ক্ষমতা বলে ব্যয়ের অংশ হিসেবে আপনার ওপর যৌক্তিক আইনজীবীর ফি ধার্য করতে পারেন।

যদি আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় কোন পদক্ষেপ বা আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়, কোর্ট তার ক্ষমতা বলে ব্যয়ের অংশ হিসেবে আইনি লড়াইয়ে অবতীর্ণ স্কুল ডিস্ট্রিক্ট বা এন.ওয়াই.এস.ই.ডি.-এর ওপর যৌক্তিক আইনজীবীর ফি ধার্য করতে পারেন, যা আপনার আইনজীবীর পরিশোধ করতে হবে, যদি আইনজীবী : (ক) এমন কোন অভিযোগ বা আদালতে মামলা দাখিল করা হয়েছে যা আদালতের দৃষ্টিতে তুচ্ছ, অযৌক্তিক বা ভিত্তিহীন; বা (খ) আইনের আশ্রয় গ্রহণের পর স্পষ্টভাবে মামলাটি তুচ্ছ, অযৌক্তিক বা ভিত্তিহীন হওয়ার পরও আইনি লড়াই চালিয়ে যাওয়া। অথবা

যদি আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় কোন পদক্ষেপ বা আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়, কোর্ট তার ক্ষমতাবলে ব্যয়ের অংশ হিসেবে আইনি লড়াইয়ে অবতীর্ণ এস.ই.এ. বা স্কুল ডিস্ট্রিক্ট বা এন.ওয়াই.এস.ই.ডি-এর ওপর যৌক্তিক আইনজীবীর ফি ধার্য করতে পারেন, যা আপনি বা আপনার আইনজীবী কর্তৃক পরিশোধিত হবে, যদি সঠিক প্রক্রিয়া শুনানি বা পরবর্তীতে আদালতের মামলা যদি কাউকে অপদস্ত, অযৌক্তিকভাবে বিলম্বিত করা বা মামলা বা আইনি পদক্ষেপের ব্যয় অপ্রয়োজনীয়ভাবে বৃদ্ধির মতো কোন অসঙ্গত উদ্দেশ্যে দাখিল করা হয়।

ফি প্রদান

কোর্ট নিম্নলিখিত উপায়ে যৌক্তিক আইনজীবীর ফি প্রদান করে :

১. যে কম্যুনিটিতে মামলা বা শুনানি শুরু হবে সেখানকার পরিষেবার মান ও অবস্থা অনুযায়ী বিদ্যমান হারের ভিত্তিতে ফি নির্ধারিত হবে। প্রদান করা এই ফি হিসাবকালে কোন বোনাস বা গুণিতক যুক্ত করা যাবে না।

২. আপনাকে মীমাংসার একটি লিখিত প্রস্তাব দেয়ার পর আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় যে পরিষেবা দেয়া হয়েছে তার জন্য ফি প্রদান বা সংশ্লিষ্ট ব্যয়ের অর্থ ফেরত প্রদান করা হবে না, যদি :

   ক. আইনি পদ্ধতি বিষয়ক ফেডারেল আইনের রুল ৬৮তে বেঁধে দেয়া সময়ের মধ্যে, অথবা একটি সঠিক প্রক্রিয়া শুনানি বা স্টেট পর্যায়ে পর্যালোচনার ক্ষেত্রে, আইনি প্রক্রিয়া শুরুর পূর্বে ১০ ক্যালেন্ডার দিবসের পর যে কোন সময়ে প্রস্তাবটি দেয়া হয়ে;
   খ. ১০ ক্যালেন্ডার দিবসের মধ্যে প্রস্তাব গৃহীত না হলে; এবং
   গ. শেষ পর্যন্ত আপনি যে অব্যাহতি পাচ্ছেন তা একটি মীমাংসার প্রস্তাব প্রদানের চেয়ে অধিকতর অনুকূল নয় বলে কোর্ট বা প্রশাসনিক শুনানি অফিসার যদি বুঝতে পারেন।
   এসব বিধিনিষেধ সত্ত্বেও, আপনি যদি আইনি লড়াই চালিয়ে যান এবং মীমাংসা প্রস্তাব প্রত্যাখ্যানের ক্ষেত্রে আপনি অত্যন্ত যৌক্তিক হন তবে আইনজীবীর ফি ও সংশ্লিষ্ট ব্যয় আপনাকে প্রদান করা হতে পারে।

৩. সি.এস.ই বা সি.পি.এস.ই. সংশ্লিষ্ট কোন বৈঠকের জন্য ফি প্রদান করা হবে না, যদি না কোন প্রশাসনিক কার্যবিবরণী বা আইনি ব্যবস্থার কারণে এই বৈঠক অনুষ্ঠিত হয়। *মধ্যস্থতা* শিরোনামে বর্ণিত মধ্যস্থতা কাজের জন্যও কোন ফি প্রদান করা হবে না।

*নিষ্পত্তি বৈঠক* শিরোনামে বর্ণিত কোন নিষ্পত্তি বৈঠক, প্রশাসনিক শুনানি বা আইনি ব্যবস্থার ফলে ডাকা বৈঠক বলে বিবেচিত হবে না। এবং প্রশাসনিক শুনানি বা আইনি ব্যবস্থাকে এই আইনজীবীর ফি বিধির উদ্দেশ্য বলেও বিবেচনা করা হবে না।

কোর্ট আই.ডি.ই.এ. পার্ট বি-এর আওতায় যতটা মানানসই হয় সেই পরিমাণে আইনজীবীর ফি হ্রাস করতে পারেন, যদি কোর্ট দেখেন যে :

১. আইনি ব্যবস্থা বা কার্যবিবরণী চলাকালে আপনি বা আপনার আইনজীবী অপ্রয়োজনীয়ভাবে বিরোধের চূড়ান্ত নিষ্পত্তিকে বিলম্বিত করছেন;

২. আইনজীবীর ফি-এর পরিমাণ যদি একই দক্ষতা, খ্যাতি ও অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীর একই ধরনের সেবার ক্ষেত্রে কম্যুনিটিতে বিদ্যমান ঘণ্টা-হারের চেয়ে অযৌক্তিকভাবে বেশি ধার্য করা হয়;

৩. আইনি ব্যবস্থা ও কার্যবিবরণীর প্রকৃতি বিবেচনায় ব্যয় করা সময় ও দেয়া আইনগত সেবা যদি অত্যধিক হয়; বা

৪. *সঠিক প্রক্রিয়া অভিযোগ* শিরোনামে যেমনটা বলা হয়েছে, আপনাকে প্রতিনিধিত্বকারী আইনজীবী যদি স্কুল ডিস্ট্রিক্টকে সঠিক প্রক্রিয়া অনুরোধ নোটিশে যথাযথ তথ্য প্রদান না করে।

কোর্ট যদি দেখেন, আই.ডি.ই.এ. পার্ট বি-এর পদ্ধতিগত সুরক্ষা বিধানের কোন লঙ্ঘন হয়েছে বা স্টেট বা স্কুল ডিস্ট্রিক্ট অযৌক্তিকভাবে আইনগত পদক্ষেপ বা কার্যবিবরণীর চূড়ান্ত নিষ্পত্তি বিলম্বিত করছে, তবে ফি নাও কমাতে পারেন।

## স্কুল কর্মীদের কর্তৃত্ব

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫৩০; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০১.২ – ২০১.৭

### একেকটি ঘটনা বিচার করে স্থির সিদ্ধান্তে পৌঁছা

কোন ভর্তি পরিবর্তনের বিষয় নির্ধারণের জন্য স্কুলের শিক্ষার্থী আচরণবিধি লঙ্ঘন করেছে এমন কোন প্রতিবন্ধী সন্তানের ক্ষেত্রে শাস্তি সংশ্লিষ্ট নিম্নলিখিত শর্তাবলি অনুযায়ী হয়েছে কিনা সে ব্যাপারে স্কুল কর্মীরা কোন বিশেষ পরিস্থিতিকে 'কেস-বাই কেস' ভিত্তিতে বিবেচনা করতে পারেন।

### সাধারণ

প্রতিবন্ধী শিক্ষার্থীদের শাস্তি প্রদানের পদ্ধতি অবশ্যই শিক্ষা কমিশনারের প্রবিধান পার্ট ২০১ ও শিক্ষা আইনের ধারা ৩২১৪ অনুযায়ী হতে হবে। স্কুলের আচরণবিধি লঙ্ঘনের জন্য আপনার সন্তানকে সাময়িক বহিষ্কার বা অপসারণের কর্তৃত্ব স্কুলের থাকলেও আপনার ও আপনার সন্তানেরও কিছু অধিকার আছে গোটা প্রক্রিয়ায়।

### সকল শিক্ষার্থীর ক্ষেত্রে যেসব অধিকার প্রযোজ্য

১. ৫ স্কুল দিবস বা কম সময়ের জন্য সাময়িক বহিষ্কারের প্রস্তাব করা হলে অবিলম্বে তা সম্ভব হলে ফোনে জানাতে হবে এবং ২৪ ঘণ্টার মধ্যে লিখিত নোটিস পেতে হবে। এই নোটিসে ঘটনা, প্রস্তাবিত সাময়িক বহিষ্কার ও আপনার সন্তানের অধিকারের বিবরণ থাকবে। স্কুল প্রিন্সিপ্যালের সঙ্গে একটি অনানুষ্ঠানিক সাক্ষাতের জন্য অনুরোধ জানানোর অধিকার রয়েছে আপনার। সাময়িক বহিষ্কারের পূর্বেই এই সাক্ষাৎ অনুষ্ঠিত হবে। তা না হলে স্কুলে আপনার সন্তানের উপস্থিতি বিপদের ঝুঁকি সৃষ্টি করতে পারে (আপনার সন্তান সাময়িক বহিষ্কার থাকা অবস্থায় যখন অনানুষ্ঠানিক সাক্ষাৎ অনুষ্ঠিত হবে।)

২. সাময়িক বহিষ্কার যদি টানা পাঁচ স্কুল দিবসের চেয়ে বেশি সময়ের জন্য হয়, তখন একজন সুপারিন্টেনডেন্টের শুনানির জন্য আপনার সুযোগের ব্যাপারে লিখিত নোটিস লাভ করবেন, যাতে আপনার সন্তানের পরামর্শ করা, প্রশ্ন করা ও সাক্ষ্য প্রদানের অধিকারের বিষয়টি উল্লেখ থাকবে।

৩. আপনার সন্তান যদি বাধ্যতামূলক স্কুল বয়সী হয়, তাহলে অ-প্রতিবন্ধী শিক্ষার্থীর মতই সাময়িক বহিষ্কার বা অপসারণের প্রথম দশ দিন সময়ে বিকল্প শিক্ষা নির্দেশনা লাভ করবে।

### প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য যেসব অধিকার প্রযোজ্য

স্কুল কর্মীরা অপ্রতিবন্ধী শিশুদের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থার মতোই, শিক্ষার্থী আচরণবিধি লঙ্ঘনের জন্য একজন প্রতিবন্ধী শিশুকেও তার বর্তমান ভর্তি থেকে অনধিক ১০ স্কুল দিবসের জন্য যথাযথ কোন অন্তবর্তীকালীন বিকল্প শিক্ষা পরিসর (আই.এ.ই.এস.), বা অন্যকোন পরিসরে সরিয়ে নিতে পারেন বা সাময়িক বহিষ্কার করতে পারেন। যা অবশ্যই সন্তানের সি.এস.ই. বা সি.পি.এস.ই. নির্ধারণ করবেন।
আলাদা কোন অসদাচরণের জন্য স্কুল কর্মীরা একই স্কুল বছরের মধ্যে অনধিক ১০ দিনের জন্য অতিরিক্ত অপসারণ অরোপ করতে পারে। এসব অপসারণে ভর্তি পরিবর্তনের বিষয়টি উল্লেখ থাকবে। (সংজ্ঞার জন্য দেখুন, *শাস্তিমূলক অপসারণ হিসেবে ভর্তি পরিবর্তন)*।

একই স্কুল বছরে কোন প্রতিবন্ধী শিশু তার বর্তমান ভর্তি থেকে মোট ১০ দিনের জন্য অপসারিত হয়. তবে সেই স্কুল বছরে অতিরিক্ত দিবস অপসারণকালে স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই নিম্নলিখিত উপ-শিরোনাম *পরিষেবা*-য় বর্ণিত প্রয়োজনীয় পরিষেবা সরবরাহ করবে।

## অতিরিক্ত কর্তৃত্ব

শিক্ষার্থী আচরণবিধি লঙ্ঘনের কোন আচরণ যদি শিশুর প্রতিবন্ধিত্বের প্রকাশ না ঘটায় (দেখুন, *প্রকাশ নির্ধারণ*) এবং শাস্তিমূলক ভর্তি পরিবর্তন যদি টানা ১০ স্কুল দিবস ছাড়িয়ে যায়, তবে স্কুল কর্মীরা সেই প্রতিবন্ধী শিশুদের ওপর অপ্রতিবন্ধী সন্তানের মতো একই ধরন ও মেয়াদে শাস্তিমূলক পদ্ধতি প্রয়োগ করতে পারেন। এছাড়া, নিচে *পরিষেবা* শিরোনামে যেমনটা বলা হয়েছে, সেই শিশুকে স্কুল অবশ্যই সেসব পরিষেবা দেবে। এই পরিষেবার ক্ষেত্রে আই.এ.ই.এস. সন্তানের সি.এস.ই. বা সি.পি.এস.ই. নির্ধারণ করবেন।

## পরিষেবা

সন্তানের বর্তমান ভর্তি থেকে অপসারণ করা হয়েছে এমন কোন প্রতিবন্ধী শিশুকে অবশ্যই যে পরিষেবা প্রদান করতে হবে তা, কোন আই.এই.এস.-এর মধ্যে প্রদান করা যেতে পারে।

বর্তমান ভর্তি থেকে ১০ স্কুল দিবস বা তার চেয়ে কম সময়ের জন্য অপসারণ করা হয়েছে এমন কোন প্রতিবন্ধী শিশুকে স্কুল ডিস্ট্রিক্ট সেই স্কুল বছরে কেবল সেসব পরিষেবা প্রদান করবে, যা একইভাবে অপসারিত অপ্রতিবন্ধী শিশুদের প্রদান করা হয়।

নিউ ইয়র্ক স্টেটে, শিক্ষাথী যদি বাধ্যতামূলক স্কুল বয়সী হয় তবে একই স্কুল বছরে ১০ দিনের কম সময়ের জন্য সাময়িক বহিষ্কার হওয়া প্রতিবন্ধী শিক্ষার্থীকে স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই বিকল্প নির্দেশনা প্রদান করবে। এসব পরিষেবা যদি অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রদান করা হয়, তবে শিক্ষার্থী যদি বাধ্যতামূলক স্কুল বয়সী নাও হয়, তবুও বিকল্প নির্দেশনা প্রদান করতে হবে।

কোন স্কুল বছরে প্রথম ১০ দিন সাময়িক বহিষ্কারকালে প্রতিবন্ধী শিক্ষাথীদের শিক্ষা পরিষেবা নির্দেশনা, অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের অনুরূপ হবে। নিউ ইয়র্ক স্টেটে, একজন প্রাথমিক শিক্ষার্থীকে প্রতিদিন অন্তত ১ঘণ্টা ও মাধ্যমিক শিক্ষার্থীর জন্য প্রতিদিন অন্তত ২ ঘণ্টা করে বিকল্প নির্দেশনা প্রদান করতে হবে। বাধ্যতামূলক স্কুল বয়সী নয় এমন কোন শিক্ষার্থী সাময়িক বহিষ্কৃত হলে, স্কুল ডিস্ট্রিক্ট শিক্ষার্থীকে বিকল্প নির্দেশনা প্রদানের প্রয়োজন নেই। যদি না, তারা অপ্রতিবন্ধী শিক্ষর্থীদের একই নির্দেশনা দিয়ে থাকেন।

১০ স্কুল দিবসের অধিক সময়ের জন্য বর্তমান ভর্তি থেকে অপসারণ করা হয়েছে এমন কোন প্রতিবন্ধী শিশু অবশ্যই :

১. অন্য পরিসরে এবং সন্তানের আই.ই.পি. সম্পর্কিত লক্ষ্য নির্ধারণের বৈঠকে অগ্রগতি হওয়া সত্ত্বেও শিশু যাতে সাধারণ শিক্ষা কারিকুলামে অংশগ্রহণ অব্যাহত রাখতে পারে, সেজন্য অব্যাহতভাবে শিক্ষা পরিষেবা লাভ করবে; এবং

২. একই ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে সেজন্য আচরণগত লঙ্ঘনের দিকে লক্ষ্য রেখে প্রণীত যুৎসই কোন 'কার্যকর আচরণগত মূল্যায়ন' এবং 'আচরণগত হস্তক্ষেপ পরিষেবা ও পরিবর্তন' পরিষেবা লাভ করবে।

একই স্কুল বছরে কোন প্রতিবন্ধী শিশু ১০ স্কুল দিবসের জন্য বর্তমান ভর্তি থেকে অপসারিত হলে এবং বর্তমান অপসারণ যদি টানা ১০ স্কুল দিবস বা তার চেয়ে কম হয় এবং অপসারণ যদি ভর্তির পরিবর্তন না হয় (নিচের সংজ্ঞা দেখুন) তাহলে শিক্ষার্থীর আই.ই.পি. সম্পর্কিত লক্ষ্য নির্ধারণের বৈঠকে অগ্রগতি হওয়া সত্ত্বেও কারিকুলামে

অংশগ্রহণ অব্যাহত রাখার জন্য কি পরিমাণ পরিষেবা প্রদান করতে হবে তা, শিক্ষার্থীর অন্তত একজন শিক্ষকের সঙ্গে আলোচনা করে স্কুল কর্মী নির্ধারণ করবেন।

অপসারণ যদি ভর্তির পরিবর্তন হয় (নিচের সংজ্ঞা দেখুন) তবে, অন্য পরিসর এবং সন্তানের আই.ই.পি. সম্পর্কিত লক্ষ্য নির্ধারণের বৈঠকে অগ্রগতি হওয়া সত্ত্বেও শিক্ষার্থী যাতে সাধারণ শিক্ষা কারিকুলামে অংশগ্রহণ অব্যাহত রাখতে পারে, সেজন্য যথাযথ পরিষেবা নির্ধারণ করবেন শিক্ষার্থীর সি.এস.ই. বা সি.পি.এস.ই।

## প্রকাশ নির্ধারণ

শিক্ষার্থীর আচরণবিধি লঙ্ঘনের কারণে প্রতিবন্ধী সন্তানের ভর্তি পরিবর্তনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের ১০ স্কুল দিবসের মধ্যে (টানা ১০ স্কুল দিবস বা কম সময়ের জন্য অপসারণ এবং ভর্তি পরিবর্তন ছাড়া) স্কুল ডিস্ট্রিক্ট, পিতামাতা ও সি.এস.ই. বা সি.পি.এস.ই.-এর সংশ্লিষ্ট সদস্যরা (পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট যেমনটা নির্ধারণ করবেন) অবশ্যই সন্তানের আই.ই.পি. শিক্ষকের পর্যবেক্ষণ এবং পিতামাতার দেয়া যে কোন প্রাসঙ্গিক তথ্যসহ শিক্ষার্থীর ফাইলের সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা করে নির্ধারণ করবেন :

১. প্রশ্ন সাপেক্ষ আচরণটি সন্তানের প্রতিবন্ধী অবস্থার কারণে ঘটেছে, বা এটা প্রত্যক্ষ এবং জোড়ালো সম্পর্কযুক্ত কিনা; <u>অথবা</u>

২. প্রশ্নসাপেক্ষ আচারণটি সন্তানের আই.ই.পি. বাস্তবায়নে স্কুল ডিস্ট্রিক্টের ব্যর্থতার প্রত্যক্ষ ফল কিনা।

আচরণটি উপরোক্ত যে কোন একটি কারণে ঘটতে পারে বলে স্কুল ডিস্ট্রিক্ট, পিতামাতা ও সন্তানের সি.ই.এস. বা সি.পি.এস.ই. সংশ্লিষ্ট সদস্যরা নির্ধারণ করেন, তবে আচরণটি সন্তানের প্রতিবন্ধী অবস্থার প্রকাশ বলে নির্ধারিত হবে।

প্রশ্নসাপেক্ষ আচরণটি স্কুল ডিস্ট্রিক্টের আই.ই.পি. বাস্তবায়নে ব্যর্থতার ফল বলে স্কুল ডিস্ট্রিক্ট, পিতামাতা ও সন্তানের সি.ই.এস. বা সি.পি.এস.ই. সংশ্লিষ্ট সদস্যরা যদি নির্ধারণ করেন, তবে এই ঘাটতির প্রতিকারের জন্য স্কুল ডিস্ট্রিক্টি অবিলম্বে ব্যবস্থা নেবে।

## আচরণ সন্তানের প্রতিবন্ধী অবস্থার প্রকাশ কিনা নির্ধারণ

আচরণটি শিক্ষার্থীর প্রতিবন্ধী অবস্থার প্রকাশ বলে স্কুল ডিস্ট্রিক্ট, পিতামাতা ও সন্তানের সি.ই.এস. বা সি.পি.এস.ই. সংশ্লিষ্ট সদস্যরা নিশ্চিত হলে, সি.ই.এস. বা সি.পি.এস.ই. নিচের যে কোন একটি ব্যবস্থা গ্রহণ করবেন :

১. যে আচরণের কারণে ভর্তি পরিবর্তনের উদ্ভব ঘটেছে অতীতে সে ব্যাপারে স্কুল ডিস্ট্রিক্ট কোন 'কার্যকর আচরণগত মূল্যায়ন' না করলে একটি 'কার্যকর আচরণগত মূল্যায়ন' পরিচালনা এবং সন্তানের জন্য একটি আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা বাস্তবায়ন; <u>অথবা</u>

২. ইতোমধ্যে যদি কোন আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা তৈরি হয়ে থাকে তবে আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনাটি পর্যালোচনা এবং প্রয়োজনমত পরিবর্তন।

তবে *বিশেষ পরিস্থিতি* উপশিরোনামে যেমনটা বলা হয়েছে, তা ছাড়া, স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই শিক্ষার্থীটিকে যেখান থেকে অপসারণ করা হয়েছে সেই ভর্তি স্থানে ফেরত পাঠাবে। আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনায় পরিবর্তনের অংশ হিসেবে পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট যদি ভর্তি পরিবর্তনে সম্মত হন তবে ভিন্ন কথা।

### বিশেষ পরিস্থিতি

আচরণটি শিশুর প্রতিবন্ধী অবস্থার প্রকাশ হোক বা না হোক, স্কুল কর্মীরা একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ ৪৫ স্কুল দিবসের জন্য একটি আই.এ.ই.এস.-এ (শিশুর সি.এস.ই. বা সি.পি.এস.ই. কর্তৃক নির্ধারিত হবে) সরিয়ে নিতে পারেন, শিক্ষার্থী যদি :

১. এন.ওয়াই.এস.ই.ডি. বা স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত এলাকার কোন স্কুলে অস্ত্র বহন করে (নিচের সংজ্ঞা দেখুন) অথবা স্কুল, স্কুল আঙিনা বা স্কুলের কোন অনুষ্ঠানে অস্ত্র নিয়ে গিয়েছিল;

২. এন.ওয়াই.এস.ই.ডি. বা স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত কোন স্কুল, স্কুল আঙ্গিনা বা স্কুলের কোন অনুষ্ঠানে অবৈধ মাদক (নিচের সংজ্ঞা দেখুন) নিয়ে গিয়েছিল বা ব্যবহার করে, অথবা কোন নিয়ন্ত্রিত বস্তু (নিচের সংজ্ঞা দেখুন) বিক্রি বা বিক্রিতে সহায়তা করে বলে জানা গেলে;

৩. এন.ওয়াই.এস.ই.ডি. বা স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত কোন স্কুল, স্কুল আঙ্গিনা বা স্কুলের কোন অনুষ্ঠানে অন্যকোন ব্যক্তির গুরুতর রক্তাক্ত জখম (নিচের সংজ্ঞা দেখুন) সৃষ্টির কারণ ঘটিয়েছে।

### সংজ্ঞা

*নিয়ন্ত্রিত পদার্থ* অর্থ, নিয়ন্ত্রিত পদার্থ আইন (২১ ইউ.এস.সি. ৮১২ (সি)) এর সেকশন ২০২ (সি)-এর দফার ১, ২, ৩, ৪ ও ৫ ধারায় চিহ্নিত অন্যান্য বস্তু।

*অবৈধ মাদক* অর্থ কোন নিয়ন্ত্রিত বস্তু যা একজন লাইসেন্সধারী স্বাস্থ্য রক্ষা পেশাদারের তত্ত্বধানে ব্যবহৃত বা বৈধভাবে অধিকারে রাখা এমন কোন নিয়ন্ত্রিত বস্তু নয়; অথবা উপরোক্ত আইনে অন্যান্য কর্তৃপক্ষ বা ফেডারেল আইনে অন্য কোন বিধানের আওতায় যা বৈধভাবে অধিকারে রাখা বা ব্যবহার করা হয়।

*গুরুতর রক্তাক্ত জখম* অর্থ সেই 'গুরুতর রক্তাক্ত ক্ষত' বুঝাবে যুক্তরাষ্ট্র কোডের ১৮ নম্বর টাইটেলের ১৩৬৫ সেকশনের প্রথম সাব সেকশন (এইচ)-এর অনুচ্ছেদে (৩) যেমনটা বলা হয়েছে।

*অস্ত্র বলতে* বুঝাবে সেই অর্থ বুঝাবে যা 'বিপজ্জনক অস্ত্র' বলতে যুক্তরাষ্ট্র কোডের ১৮ নম্বর টাইটেলের ৯৩০ সেকশনের প্রথম সাব সেকশন (জি)-এর অনুচ্ছেদে (২) যেমনটা বলা হয়েছে।

### প্রজ্ঞাপন

শিক্ষাথী আচরণবিধি লঙ্ঘনের দায়ে কোন শিশুর ভর্তি পরিবর্তনের মতো কোন অপসারণের সিদ্ধান্ত যেদিন নেয়া হবে সেই দিনই স্কুল স্কুল ডিস্ট্রিক্ট সিদ্ধান্তের ব্যাপারে পিতামাতাকে অবহিত করবে এবং পিতামাতাকে একটি কার্যবিধিগত নিরাপত্তা নোটিশ দেবে।

## শাস্তিমূলক অপসারণের কারণে ভর্তির পরিবর্তন

### ৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫৩৬; ৮এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০১.২

কোন প্রতিবন্ধী শিক্ষাথীকে তার বর্তমান ভর্তি থেকে অপসারণ করা ভর্তির পরিবর্তন বলে গণ্য হবে যদি:

১. এই অপসারণ একটানা ১০ স্কুল দিবসের অধিক হয়; <u>অথবা</u>

২. শিক্ষাথীকে ক্রমাগতভাবে অপসারিত করা হয়, যা একটি ধারার সূত্রপাত করে, কারণ:

ক. ঐ ধারাবাহিক অপসারণের পরিমাণ এক শিক্ষাবর্ষে ১০ স্কুল দিবসের অধিক হয়;

খ. পূর্ববতী যেসব ঘটনার কারণে ক্রমাগত অপসারণ সংঘটিত হয়েছিল, সেসব ঘটনার সাথে শিক্ষাথীর বর্তমান আচরণ উল্লেখযোগ্যভাবে সাদৃশ্যপূর্ণ হয় ; <u>এবং</u>

গ. প্রতিটি অপসারণের দৈর্ঘ্য, শিক্ষার্থী অপসারিত হওয়ার সর্বমোট সংখ্যা, এক অপসারণ হতে আরেক অপসারণের নৈকট্যসহ অতিরিক্ত কিছু উপাদানের কারণে।

অপসারণের বিন্যাসের কারণে ভর্তির পরিবর্তন হয় কিনা তা নির্ধারিত হয় স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক প্রত্যেকটি ঘটনার স্বতন্ত্র মূল্যায়নের মাধ্যমে, এবং চ্যালেঞ্জ করা হলে, সঠিক প্রক্রিয়া এবং বিচার বিভাগীয় কার্যধারার মাধ্যমে নিরীক্ষিত হয়।

## পারিপার্শ্বিকতা নির্ণয়

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫৩১; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০১.১০

সি.এস.আই. অথবা সি.পি.এস.আই. অবশ্যই অপসারণের জন্য আই.এ.ই.এস. নির্ণয় করবেন, যেগুলো হল ভর্তির পরিবর্তন, এবং উপরে উল্লিখিত *অতিরিক্ত ক্ষমতা* এবং *বিশেষ পরিস্থিতি* শিরোনামের অধীনে অপসারণ ।

## আপিল

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫৩২; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০১.১১

### সাধারণ

প্রতিবন্ধী শিক্ষার্থীর পিতামাতা একটি সঠিক প্রক্রিয়ায় শুনানির অনুরোধ জানিয়ে একটি সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করতে পারেন যদি তারা ভিন্নমত পোষণ করেন:

১. শাস্তিমূলক ব্যবস্থাসমূহের অধীনে ভর্তি সংক্রান্ত কোন সিদ্ধান্ত; অথবা

২. উপরে বর্ণিত বহিঃপ্রকাশ নির্ধারণের সাথে।

স্কুল ডিস্ট্রিক্ট যদি বিশ্বাস করে যে, শিক্ষার্থীর বর্তমান ভর্তি বহাল রাখা হলে এর ফলস্বরূপ ঐ শিক্ষার্থী ও অন্যদের ক্ষতিসাধিত হওয়ার সমূহ আশঙ্কা আছে, তাহলে তারা সঠিক প্রক্রিয়ায় শুনানির অনুরোধ জানিয়ে সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করতে পারেন।

### নিরপেক্ষ শুনানি অফিসারের ক্ষমতা

*নিরপেক্ষ শুনানি অফিসার* উপ-শিরোনামের অধীনে উল্লিখিত শর্তাবলি পূরণকারী শুনানি অফিসার অবশ্যই সঠিক প্রক্রিয়ায় শুনানি পরিচালনা করবেন এবং সিদ্ধান্ত নেবেন। শুনানি অফিসার:

১. যদি আই.এইচ.ও. নির্ধারণ করেন যে অপসারণটি ছিল *স্কুল কর্মীদের ক্ষমতা* শিরোনামের অধীনে বর্ণিত শর্তাবলির লঙ্ঘন, অথবা শিক্ষার্থীটির আচরণ ছিল তার প্রতিবন্ধিতার বহিঃপ্রকাশ; তাহলে যে ভর্তি থেকে ঐ প্রতিবন্ধী শিক্ষার্থী অপসারিত হয়েছে, সেখানে তাকে ফেরত পাঠাতে পারেন; অথবা

২. যদি আই.এইচ.ও. নির্ধারণ করেন যে, শিক্ষার্থীর বর্তমান ভর্তি বহাল রাখা হলে এর ফলস্বরূপ ঐ শিক্ষার্থী ও অন্যদের ক্ষতিসাধিত হওয়ার সমূহ আশঙ্কা আছে, তাহলে অনূর্ধ্ব ৪৫ স্কুল দিবসের জন্য একটি যথাযথ আই.এ.ই.এস.-তে ঐ প্রতিবন্ধী শিক্ষার্থীর ভর্তি পরিবর্তন করতে পারেন।

যদি স্কুল ডিস্ট্রিক্ট বিশ্বাস করে যে ঐ শিক্ষার্থীকে তার আদি ভর্তিতে ফিরিয়ে আনা হলে এর ফলস্বরূপ ঐ শিক্ষার্থী ও অন্যদের ক্ষতিসাধিত হওয়ার সমূহ আশঙ্কা আছে, তাহলে এই শুনানি প্রক্রিয়ার পুনরাবৃত্তি ঘটানো যেতে পারে।

যখন কোন পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট অনুরূপ শুনানির অনুরোধ জানিয়ে সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করেন, তখন *সঠিক প্রক্রিয়ায় অভিযোগ পদ্ধতি, সঠিক প্রক্রিয়ায় অভিযোগের ওপর শুনানি* এবং *সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল; নিরপেক্ষ নিরীক্ষা* শিরোনামের অধীনে বর্ণিত শর্তাবলি পূরণকারী একটি শুনানি অবশ্যই অনুষ্ঠিত হতে হবে, নিম্নলিখিত ক্ষেত্র ব্যতীত:

১. স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই একটি ত্বরিত সঠিক প্রক্রিয়ায় শুনানির ব্যবস্থা করবেন, যা অবশ্যই শুনানির অনুরোধ লাভের ২০ স্কুল দিবসের মধ্যে অনুষ্ঠিত হবে, এবং শুনানির পরবর্তী ১০ স্কুল দিবসের মধ্যে অবশ্যই তার ফল নির্ধারিত হবে।

২. পিতামাতা লিখিতভাবে সভার দাবি পরিত্যাগ না করলে, অথবা মধ্যস্থতার পন্থা অবলম্বনে সম্মত না হলে, সঠিক প্রক্রিয়ায় অভিযোগের নোটিস লাভের সাত পঞ্জিকা দিবসের মধ্যে অবশ্যই একটি নিষ্পত্তি বৈঠক অনুষ্ঠিত হবে। সঠিক প্রক্রিয়ায় অভিযোগ লাভের **১৫** পঞ্জিকা দিবসের মধ্যে পিতামাতার সন্তুষ্টি অনুসারে বিষয়টির নিষ্পত্তি না হলে শুনানি চলতে পারে।

অন্যান্য সঠিক প্রক্রিয়ায় শুনানির বিরুদ্ধে যেভাবে তারা আপিল করতে পারেন, সেই একই পদ্ধতিতে কোন ত্বরিত সঠিক প্রক্রিয়ায় শুনানির বিরুদ্ধেও যেকোন পক্ষ আপিল করতে পারেন (ওপরের *আপিল* দ্রষ্টব্য)।

## আপিল চলাকালে ভর্তি

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫৩৩; ৮ এন.ওয়াই.সি.সি.আর. সেকশন ২০১.১০

যখন, ওপরে বর্ণিত উপায়ে, পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট শাস্তিমূলক বিষয় সংশ্লিষ্ট কোন সঠিক প্রক্রিয়ায় অভিযোগ দায়ের করেন, তখন শিক্ষার্থীটি অবশ্যই (যদি না পিতামাতা এবং এন.ওয়াই. এস.ই.ডি. অন্যভাবে সম্মত হন) আই.এ.ই.এস.-তে থাকবে আই.এইচ.ও.-এর সিদ্ধান্ত মীমাংসিত না হওয়া, অথবা ***স্কুল কর্মকর্তাদের ক্ষমতা*** শিরোনামের অধীনে বিধানকৃত এবং বর্ণিত অপসারণের সময়সীমা উত্তীর্ণ না হওয়া পর্যন্ত, যেটি আগে ঘটবে।

## বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবার জন্য এখনও অনুপযুক্ত শিক্ষার্থীদের জন্য সুরক্ষা

৩৪ সি.আর.আর. সেকশন ৩০০.৫৩৪; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০১.৫

### সাধারণ

যদি কোন শিক্ষার্থী বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবা লাভের যোগ্য বলে বিবেচিত না হয় এবং শিক্ষার্থীর আচরণবিধি লঙ্ঘন করে, কিন্তু স্কুল ডিস্ট্রিক্টের জানা থাকে যে (নিচে যেভাবে নির্ধারিত হয়েছে) ,শিক্ষার্থীটি প্রতিবন্ধী, তাহলে ঐ শিক্ষার্থী এই নোটিসে বর্ণিত যেকোন সুরক্ষা দাবি করতে পারে।

### শাস্তিমূলক বিষয়াদির জন্য অবগতির ভিত্তি

কোন একজন শিক্ষার্থী যে একজন প্রতিবন্ধী শিক্ষার্থী, সে বিষয়ে স্কুল ডিস্ট্রিক্ট জ্ঞাত ছিলেন বলে অনুমিত হবে যদি, যে আচরণের কারণে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হয়েছে, তা সংঘটিত হবার পূর্বেই:

১. ঐ শিক্ষার্থীর পিতামাতা লিখিতভাবে যথাযথ শিক্ষা সংক্রান্ত সংস্থার তত্ত্বাবধানকারী বা প্রশাসনিক কর্মকর্তার নিকট অথবা শিক্ষার্থীর কোন শিক্ষকের নিকট এই মর্মে তাদের উদ্বেগ প্রকাশ করে থাকেন যে, শিক্ষার্থীটির বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবাদির প্রয়োজন আছে ;

২. পিতামাতা আই.ডি.ই.এ. পার্ট বি-এর অধীনে বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবা লাভের যোগ্যতা সংক্রান্ত মূল্যায়নের জন্য অনুরোধ করে থাকেন; অথবা

৩. ঐ শিক্ষার্থীর শিক্ষক অথবা অন্যকোন স্কুল ডিস্ট্রিক্ট কর্মকর্তা, স্কুল ডিস্ট্রিক্টের বিশেষ শিক্ষার পরিচালক অথবা স্কুল ডিস্ট্রিক্টের অন্যকোন তত্ত্বাবধায়ক কর্মকর্তার নিকট ঐ শিক্ষার্থী কর্তৃক প্রকাশিত আচরণের কোন বিন্যাস সম্পর্কে তার সুনির্দিষ্ট উদ্বেগ প্রকাশ করে থাকেন।

ব্যতিক্রম

কোন স্কুল ডিস্ট্রিক্ট অনুরূপভাবে জ্ঞাত ছিলেন বলে অনুমিত হবে না যদি:

১. ঐ শিক্ষার্থীর পিতামাতা কোন মূল্যায়নের অনুমতি না দেন অথবা বিশেষ শিক্ষা পরিষেবা প্রত্যাখ্যান করেন; <u>অথবা</u>

২. ঐ শিক্ষার্থীর মূল্যায়ন হয়ে থাকে এবং সে আই.ডি.ই.এ.-এর পার্ট বি এর অধীনে একজন প্রতিবন্ধী শিক্ষার্থী হিসাবে পরিগণিত না হয়।

অবগতির কোন ভিত্তি না থাকলে প্রযোজ্য হবে এমন শর্তাবলি যদি ঐ শিক্ষার্থীর বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পূর্বে স্কুল ডিস্ট্রিক্ট এই মর্মে জ্ঞাত না থাকেন যে, ঐ শিক্ষার্থী উপরে বর্ণিত *শাস্তিমূলক বিষয়াদির জন্য অবগতির* ভিত্তি এবং *ব্যতিক্রম* উপ-শিরোনামের অধীনে একজন প্রতিবন্ধী শিক্ষার্থী, তাহলে অনুরূপ আচরণ প্রদর্শনকারী অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে যেরূপ গৃহীত হয়, সেই একইরূপ শাস্তিমূলক পদক্ষেপ ঐ শিক্ষার্থীর ক্ষেত্রেও গৃহীত হবে।

তবে, ঐ শিক্ষার্থী শাস্তিমূলক ব্যবস্থার অধীনে থাকাকালীন সময়ে যদি মূল্যায়নের জন্য অনুরোধ করা হয়, তাহলে ত্বরিত গতিতে এই মূল্যায়ন চালাতে হবে।

ঐ মূল্যায়ন শেষ না হওয়া পর্যন্ত ঐ শিক্ষার্থী স্কুল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শিক্ষা ভর্তিতেই বহাল থাকবে, যার অন্তর্ভুক্ত হতে পারে স্থগিতাদেশ অথবা শিক্ষা পরিষেবা ব্যতিরেকে বহিষ্কার।

স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক পরিচালিত মূল্যায়ন হতে প্রাপ্ত তথ্য, এবং পিতামাতার দেয়া তথ্য বিবেচনা করে যদি নির্ধারিত হয় যে, ঐ শিক্ষার্থী একজন প্রতিবন্ধী শিক্ষার্থী, তাহলে স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই আই.ডি.ই.এ.-এর পার্ট বি-এর সাথে সঙ্গতি রেখে ওপরে বর্ণিত শাস্তিমূলক শর্তাবলিসহ বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবা সরবরাহ করবে।

## আইন প্রয়োগকারী এবং বিচার বিভাগীয় কর্তৃপক্ষের কাছে প্রেরণ এবং পদক্ষেপ গ্রহণ

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.৫৩৫

আই.ডি.ই.এ.-এর পার্ট বি:

১. যথাযথ কর্তৃপক্ষের নিকট কোন প্রতিবন্ধী শিক্ষার্থী কর্তৃক অপরাধ সংঘটিত হবার সংবাদ প্রদানে কোন সংস্থাকে বাধা দান করে না; অথবা

২. স্টেটের আইন প্রয়োগকারী এবং বিচার বিভাগীয় কর্তৃপক্ষসমূহকে প্রতিবন্ধী শিক্ষার্থী কর্তৃক সংঘটিত অপরাধের ক্ষেত্রে ফেডারেল এবং স্টেট আইন প্রয়োগের দায়িত্ব হতে নিবৃত্ত করে না ।

রেকর্ড প্রেরণ

যদি স্কুল ডিস্ট্রিক্ট কোন প্রতিবন্ধী শিক্ষার্থী কর্তৃক কোন অপরাধ সংঘটিত হবার সংবাদ প্রদান করে, তাহলে স্কুল ডিস্ট্রিক্ট:

১. অবশ্যই নিশ্চিত করবে যে, যে কর্তৃপক্ষের নিকট ঐ সংস্থা সংবাদ দান করেছে, সেই কর্তৃপক্ষের বিবেচনার জন্য শিক্ষার্থীর বিশেষ শিক্ষা এবং শাস্তিমূলক ব্যবস্থা সংক্রান্ত রেকর্ডসমূহের অনুলিপি প্রেরিত হয়েছে; এবং

২. কেবলমাত্র এফ.ই.আর.পি.এ. কর্তৃক অনুমোদিত সীমা পর্যন্ত শিক্ষার্থীর বিশেষ শিক্ষা এবং শাস্তিমূলক ব্যবস্থা সংক্রান্ত রেকর্ডসমূহের অনুলিপি প্রেরিত হয়েছে।

## যেসব প্রতিবন্ধী শিক্ষার্থী সরকারি বিমার আওতাভুক্ত

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.১৫৪ (ডি); ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (বি)

কোন স্কুল ডিস্ট্রিক্ট, পিতামাতা অথবা সন্তানের সরকারি সুবিধা বা বিমা কর্মসূচি ব্যবহার করতে পারে যা বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিসেবার মূল্য পরিশোধে জন্য অনুমোদিত।

স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই:

১. প্রথম বারের জন্য আপনার অথবা আপনার সন্তানের সরকারি সুবিধা অথবা বিমা ব্যবহারের আগে আপনার লিখিত সম্মতি নিতে হবে (যা **পিতামাতার সম্মতি – সংজ্ঞার** অধীনস্থ অনুচ্ছেদের সাথে সঙ্গতিপূর্ণ); এবং

২. প্রথম বারের জন্য আপনার অথবা আপনার সন্তানের সরকারি সুবিধা বা বিমা ব্যবহার এবং পরবর্তীতে প্রতি বছর ব্যবহারের আগে আপনাকে লিখিতভাবে জানাতে হবে। এই লিখিত নোটিফিকেশনে অবশ্যই উল্লেখ থাকবে:

a) আপনার সন্তানের এফ.এ.পি.ই. গ্রহণের ব্যাপারে আপনাকে সরকারি সুবিধাদির জন্য বাধ্যতামূলক স্বাক্ষরদান করতে অথবা এতে তালিকাভুক্ত হতে নাও পারে;

b) আপনাকে নিজের তরফ হতে কোন খরচ, যেমন কোন পরিষেবা লাভের জন্য দাবি উত্থাপনে প্রয়োজনীয় কোন বিয়োগযোগ্য বা যৌথভাবে পরিশোধযোগ্য অঙ্ক বহনে বাধ্য নাও হতে পারে;

c) সরকারি সুবিধা অথবা বিমা কর্মসূচির অধীনে কোন শিশুর সুবিধা ব্যবহার নাও করতে হতে পারে যদি সেই ব্যবহার:

- প্রাপ্য জীবনব্যাপী সুরক্ষা বা অন্যান্য বিমা সুবিধা হ্রাস করে;
- পরিষেবার জন্য আপনার পরিবারকে মূল্য পরিশোধে বাধ্য করে যা অন্যথায় সরকারি সুবিধা অথবা বীমা কর্মসূচির দ্বারা পূরণ করা যেতো এবং যা আপনার শিক্ষার্থীর স্কুলে থাকাকালীন সময় ব্যতীত অন্য সময়ের জন্য প্রয়োজন;
- সুবিধাদি বা বিমার প্রিমিয়াম বৃদ্ধি করে বা এর ধারাবাহিকতায় বিঘ্ন ঘটায়; অথবা
- বাসগৃহ এবং কম্যুনিটি ভিত্তিক ছাড়,কম্যুনিটি ভিত্তিক স্বাস্থ্য–সংক্রান্ত মোট খরচ লাভের যোগ্যতা হারানোর ঝুঁকি সৃষ্টি করে।

d) আপনার সরকারি সুবিধাদি অথবা বিমা গ্রহণে অস্বীকৃতি অথবা সেটি প্রত্যাহার করে নেয়া স্কুল ডিস্ট্রিক্টকে বিনা খরচে আপনাকে সকল আইইপি পরিসেবা প্রদান নিশ্চিত করার দায়িত্ব থেকে অব্যাহতি দেয় না; এবং

e) আপনি যেকোন সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন।

# যেসব প্রতিবন্ধী শিক্ষার্থী বেসরকারি বিমার আওতাভুক্ত

**৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.১৫৪(e) ; ৮ এন.ওয়াই.সি.আর.আর. সেকশন ২০০.৫ (বি)(৯)**

আপনার সন্তানকে এফ.এ.পি.ই. প্রদানের জন্য প্রয়োজনীয় পরিষেবার ক্ষেত্রে, স্কুল ডিস্ট্রিক্ট আপনার বেসরকারি বীমার সুবিধা ব্যবহার করতে পারে কেবলমাত্র যদি আপনি ***পিতামাতার সম্মতি – সংজ্ঞা*** শিরোনামের অধীন সেকশনের সাথে সঙ্গতি রেখে আপনার সম্মতি দান করেন।

যতবার স্কুল ডিস্ট্রিক্ট আপনার বেসরকারি বীমার সুবিধা ব্যবহারের প্রস্তাব দেবে, ততবারই তাকে অবশ্যই:

- আপনার সম্মতি গ্রহণ করতে হবে; এবং
- আপনাকে এই মর্মে অবহিত করতে হবে যে, আপনার বেসরকারি বিমায় অভিগম্যতা দানে আপনার অস্বীকৃতি স্কুল ডিস্ট্রিক্টকে, বিনামুল্যে আপনাকে প্রয়োজনীয় সকল পরিষেবা দান করার দায়িত্ব হতে অব্যাহতি দান করে না।

আপনার সুবিধা অথবা বিমা (বিয়োগযোগ্য বা যৌথভাবে পরিশোধযোগ্য) ব্যবহারের জন্য, অন্যথায় আপনাকে পরিশোধ করতে হতো এমন ব্যয় নির্বাহ করতে স্কুল ডিস্ট্রিক্ট তার আই.ডি.ই.এ.-এর পার্ট বি-এর অধীন তহবিল ব্যবহার করতে পারে।

## সাধারণ

৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.১৪৮

যদি স্কুল ডিস্ট্রিক্ট আপনার সন্তানের জন্য এফ.এ.পি.ই. সহজলভ্য করে দেয়া সত্ত্বেও আপনি আপনার সন্তানকে কোন বেসরকারি স্কুল, অথবা ফ্যাসিলিটিতে ভর্তি করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার প্রতিবন্ধী সন্তানের শিক্ষার, বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবাসহ, বা সুবিধাদির খরচ বহন করতে আই.ডি.ই.এ.-এর পার্ট বি স্কুল ডিস্ট্রিক্টকে বাধ্য করে না। তবে, যে স্কুল ডিস্ট্রিক্টে বেসরকারি স্কুলটি অবস্থিত, তা আপনার সন্তানকে অবশ্যই ৩৪ সি.এফ.আর. সেকশন ৩০০.১৩১ থেকে ৩০০.১৪৪-এর অধীনে তাদের পিতামাতা কর্তৃক বেসরকারি স্কুলে ভর্তি হওয়া শিক্ষার্থীদের সম্বন্ধে বিদ্যমান পার্ট বি-এর বিধানসমূহে যে জনগোষ্ঠীর প্রয়োজন বিবেচিত হয়েছে, সেই জনগোষ্ঠীতে অন্তর্ভুক্ত করবে।

বেসরকারি স্কুলে ভর্তির জন্য ব্যয় পরিশোধ

যদি আপনার সন্তান ইতোপূর্বে কোন স্কুল ডিস্ট্রিক্টের কর্তৃতের অধীনে কোন বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবা গ্রহণ করে থাকে, এবং ঐ স্কুল ডিস্ট্রিক্টের অনুমতি বা রেফারেল ব্যতীত আপনি আপনার সন্তানকে কোন বেসরকারি প্রি-স্কুল, প্রাথমিক স্কুল অথবা মাধ্যমিক স্কুলে ভর্তি করতে চান, এবং যদি কোন আদালত বা কোন আই.এইচ.ও. দেখেন যে ঐ সংস্থা ঐরূপ ভর্তির পূর্বে সময়োচিত পদ্ধতিতে আপনার সন্তানের জন্য এফ.এ.পি.ই.-এর ব্যবস্থা করতে পারেনি এবং ঐ বেসরকারি স্কুলে ভর্তি করাই যথার্থ, তাহলে ঐ আদালত বা কোন শুনানি কর্মকর্তা ঐরূপ ভর্তির জন্য ইতোপূর্বে ব্যয়িত অর্থ আপনার বরাবরে পরিশোধের জন্য ঐ সংস্থাকে বাধ্য করতে পারেন। এমনকি ঐ ভর্তিতে এন.ওয়াই.এস.ই.ডি. এবং স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক প্রদানকৃত শিক্ষার ক্ষেত্রে প্রযোজ্য স্টেট স্ট্যান্ডার্ড বজায় না থাকলেও একজন আই.এইচ.ও. অথবা আদালত আপনার ভর্তিকে যথার্থ বলে ঘোষণা করতে পারেন।

ব্যয়-পরিশোধের সীমাবদ্ধতা

ওপরের অনুচ্ছেদে উল্লেখিত ব্যয়-পরিশোধের অঙ্কহ্রাস পেতে বা অস্বীকৃত হতে পারে:

১. যদি: (এ) আপনার সন্তানকে স্কুল থেকে ছাড়িয়ে আনার পূর্বে সর্বশেষ যে সি.এস.ই. অথবা সি.পি.এস.ই. সভায় আপনি উপস্থিত ছিলেন, তাতে আপনি আপনার উদ্বেগ এবং সরকারি খরচে আপনার সন্তানকে বেসরকারি স্কুলে ভর্তি করার জন্য আপনার ইচ্ছা প্রকাশ করা সহ, সি.এস.ই. অথবা সি.পি.এস.ই.-কে জানিয়ে না থাকেন যে, আপনার সন্তানকে এফ.এ.পি.ই. প্রদানের জন্য স্কুল ডিস্ট্রিক্টের প্রস্তাবকৃত ভর্তি আপনি প্রত্যাখ্যান করছেন; অথবা (বি) আপনি আপনার সন্তানকে সরকারি স্কুল থেকে ছাড়িয়ে আনার কমপক্ষে ১০ কার্যদিবস (কার্যদিবসে বন্ধ ঘোষিত যেকোন দিবস সহ) পূর্বে স্কুল ডিস্ট্রিক্টকে এই তথ্য সম্পর্কে লিখিত নোটিশ না দিয়ে থাকেন;

২. যদি, আপনি আপনার সন্তানকে সরকারি স্কুল থেকে ছাড়িয়ে আনার পূর্বে স্কুল ডিস্ট্রিক্ট আপনার সন্তানের মূল্যায়নের জন্য তার অভিপ্রায় জানিয়ে (মূল্যায়নের যথার্থ এবং যুক্তিসঙ্গত উদ্দেশ্য বর্ণনাকারী বক্তব্যসহ) আপনাকে লিখিত নোটিশ দেয়, কিন্তু আপনি ঐ মূল্যায়নের জন্য আপনার সন্তানকে উপস্থিত না করে থাকেন; অথবা

৩. আপনার পদক্ষেপ যুক্তিসঙ্গত ছিল না, এই মর্মে আদালত কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের ভিত্তিতে।

তবে, ব্যয়-পরিশোধের অঙ্ক:

১. নোটিশ প্রদানে ব্যর্থতার কারণে হ্রাস বা অস্বীকার করা যাবে না যদি: (এ) স্কুল আপনাকে ঐরূপে নোটিশ প্রদান করা হতে নিবৃত্ত করে; (বি) যদি ওপরে বর্ণিত নোটিশ প্রদানের দায়িত্ব সম্পর্কে আপনাকে নোটিশ প্রদান করা না হয়ে থাকে; অথবা (গ) ওপরে বর্ণিত শর্তাবলি পালনের ফলস্বরূপ আপনার সন্তানের শারীরিক ক্ষতি হবার সম্ভাবনা থাকে; এবং

২. আদালত বা আই.এইচ.ও.-এর দিকনির্দেশনা অনুসারে, নোটিশ প্রদানে পিতামাতার অপারগতার কারণে হ্রাস অথবা অস্বীকার নাও করা হতে পারে যদি: (ক) নিরক্ষর হন অথবা ইংরেজি লিখতে না পারেন; অথবা (খ) ওপরে বর্ণিত শর্তাবলি পালনের ফলস্বরূপ শিক্ষার্থীর মারাত্মক আবেগীয় ক্ষতি হবার সম্ভাবনা থাকে।

## রিসোর্সেস

ইউ.এস.ডি.ও.ই.- আই.ডি.ই.এ. সাইট- (ফেডারেল প্রবিধান কোডের পার্ট ৩০০ অন্তর্ভুক্ত)
http://idea.ed.gov/

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট - http://www.nysed.gov/home.html

পি-১২: অফিস অব স্পেশাল এডুকেশন - http://www.vesid.nysed.gov/specialed/

শিক্ষা কমিশনারের প্রবিধানের পার্ট ২০০ এবং ২০১ -
http://www.p12.nysed.gov/specialed/lawsregs/part200.htm

অফিস অব স্পেশাল এডুকেশনের আপডেট-
http://www.p12.nysed.gov/specialed/timely.htm

স্পেশাল এডুকেশন কোয়ালিটি অ্যাসুরেন্স রিজোন্যাল অফিস-
সাধারণ তথ্য- http://www.p12.nysed.gov/specialed/quality/home.html
অফিসের অবস্থান- http://www.p12.nysed.gov/specialed/quality/qaoffices.htm
(পরবর্তী পৃষ্ঠায় আরো তালিকা আছে)

বিশেষ শিক্ষা কোয়ালিটি অ্যাসুরেন্স রিজোন্যাল অফিস:

সেন্ট্রাল

NYS Education Department
Special Education Quality Assurance
Hughes State Office Building
333 E. Washington Street, Suite 210
Syracuse, NY 13202
**(315) 428-4556**
(315) 428-4555(fax)

ইস্টার্ন

**Albany Site**
NYS Education Department
Special Education Quality Assurance
89 Washington Avenue 309 EB
Albany, NY 12234
**(518) 486-6366**
(518) 486-7693 (fax)

**Malone Site**
(VR District Office)
NYS Education Department
Special Education Quality Assurance
209 West Main Street, Suite 3
Malone, NY 12953-9501
**(518) 483-3530**
(518) 483-3552 (fax)

হাডসন ভ্যালি

**Albany Site**
NYS Education Department
Special Education Quality Assurance
89 Washington Avenue, Room 309 EB
Albany, NY 12234
**(518) 473-1185**
(518) 402-3582(fax)

**Peekskill Site**
NYS Education Department
Special Education Quality Assurance
1 Park Place – 3rd Floor
Peekskill, NY 10566
**(914) 940-2900**
(914) 402-2180(fax)

নিউ ইয়র্ক সিটি

NYS Education Department
Special Education Quality Assurance
55 Hanson Place, Room 545
Brooklyn, NY 11217-1580
**(718) 722-4544**
(718) 722-2032 (fax)

লং আইল্যান্ড

NYS Education Department
Special Education Quality Assurance
Perry B. Duryea, Jr. State Office Building
Room# 2A-5
Hauppauge, NY 11788
**(631) 952-3352**
(631) 952-3834(fax)

ওয়েস্টার্ন

**(NYS School for the Blind)**
NYS Education Department
Special Education Quality Assurance
2A Richmond Avenue
Batavia, NY 14020
**(585) 344-2002**
(585) 344-2422 (fax)

ডিস্ট্রিক্ট বহির্ভূত ইউনিট

**Albany Site**
NYS Education Department
Special Education Quality Assurance
89 Washington Avenue, Room 309 EB
Albany, NY 12234
**(518) 473-1185**
(518) 486-7693 (fax)

**Mid-Hudson Site**
NYS Education Department
Special Education Quality Assurance
1 Park Place – 3rd Floor
Peekskill, NY 10566
**(914) 940-2900**
(914) 402-2180(fax)

# নিউ ইয়র্ক সিটি সংযোজন

## প্রসিডিউরাল সেফগার্ড নোটিস (পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি)

### 2020 অক্টোবর

## ভাষা বোধগম্যতার (ল্যাংগুয়েজ অ্যাকসেস্) পরিষেবা

অনুরোধের ভিত্তিতে, স্পেশাল এডুকেশন মিটিংয়ে পিতামাতার দোভাষী পরিষেবা চাওয়ার, এবং IEP, মূল্যায়ন ও বিজ্ঞপ্তিসমূহের অনুবাদকৃত সংস্করণ পাবার অধিকার আছে। আপনি আপনার সন্তানের IEP টিমের কাছে ভাষাগত সহায়তার জন্য অনুরোধ করতে পারেন। এছাড়াও আপনি schools.nyc.gov/IEPHello সাইটে ভিজিট করে অথবা 718-935-2013 ফোন করে আপনার সন্তানের IEP অনুবাদ করার অনুরোধ করতে পারেন। যদি আপনার ভাষাগত সহায়তা (ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস) পরিষেবা বিষয়ে উদ্বেগ থাকে, অনুগ্রহ করে DOE ওয়েবসাইটে (schools.nyc.gov/connect-with-us) বর্ণিত ত্বরায়ন বা এসকেলেশন প্রক্রিয়া অনুসরণ করতে পারেন। যদি স্কুল অথবা ডিস্ট্রিক্ট পর্যায়ে আপনার উদ্বেগ প্রশমিত না হয়, তাহলে আপনি একটি অভিযোগ জমা দিতে পারেন। একটি অভিযোগ কীভাবে জমা দিতে হবে সেবিষয়ে ব্যাখ্যা করা হয়েছে, DOE-এর ওয়েবসাইটে - (schools.nyc.gov/school-life/school-environment/get-help/parent-complaints-and-appeals).

## স্কুলবয়সী (বয়স 5-21) সময়রেখা

### প্রাথমিক মূল্যায়ন

আপনার সন্তানের প্রতিবন্ধিতা আছে কিনা তা নির্ধারণের জন্য যদি তাকে মূল্যায়ন করা হচ্ছে এবং তারা বর্তমানে স্পেশাল এডুকেশন কর্মসূচি (প্রোগ্রাম) অথবা পরিষেবা (সার্ভিস) গ্রহণ করছে না, তাহলে আপনার সন্তানকে মূল্যায়ন করার সজ্ঞাত সম্মতি পাবার 60 স্কুল দিবসের (গ্রীষ্মকালে কার্যদিবসে) মধ্যে, NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) অবশ্যই আপনার সন্তানকে মূল্যায়ন করবে, একটি ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এর বৈঠক বা মিটিং আয়োজন করবে, এবং যেকোনো শুপারিশকৃত স্পেশাল এডুকেশন কর্মসূচি (প্রোগ্রাম) এবং পরিষেবার (সার্ভিস) ব্যবস্থা গ্রহণ করবে। যদি IEP নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED) অনুমোদিত নন-পাবলিক স্কুলে স্থানান্তর সুপারিশ করে, তাহলে প্রোগ্রাম সুপারিশ থেকে ঐ প্রোগ্রাম ও পরিষেবার (সার্ভিস) ব্যবস্থা গ্রহণ করার জন্য DOE-এর অতিরিক্ত 30 স্কুল দিবস (গ্রীষ্মকালে কার্যদিবসে) রয়েছে।

### পুনঃমূল্যায়ন

আপনার সন্তান যদি বর্তমানে স্পেশাল এডুকেশন কর্মসূচি (প্রোগ্রাম) গ্রহণ করছে এবং একটি পুনঃমূল্যায়ন অনুরোধ করা হয়েছে, তাহলে আপনার সন্তানকে মূল্যায়ন করার জন্য পুনঃমূল্যায়নের অনুরোধ পাবার পর থেকে, একটি IEP মিটিং ধার্য করা এবং যেকোনো সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিসের ব্যবস্থা করার জন্য DOE-এর 60 স্কুল দিবস (গ্রীষ্মকালে কার্যদিবসে) রয়েছে। যদি IEP একটি অনুমোদিত নন-পাবলিক স্কুলে স্থানান্তর সুপারিশ করে, তাহলে প্রোগ্রাম সুপারিশ থেকে ঐ প্রোগ্রাম ও পরিষেবার (সার্ভিস) ব্যবস্থা গ্রহণ করার জন্য DOE-এর অতিরিক্ত 30 স্কুল দিবস (গ্রীষ্মকালে কার্যদিবসে) রয়েছে।

### P-1 চিঠি

যদি আপনার সন্তানকে একটি স্পেশাল ক্লাস সুপারিশ করা হয় এবং আপনি সম্মতি দেয়ার 60 স্কুল দিবসের মধ্যে স্থানান্তরের (প্রাথমিক মূল্যায়নের জন্য) অথবা বর্তমান শিক্ষা বছরের চলাকালে অথবা 15 অগাস্টের মধ্যে পুনঃমূল্যায়নের জন্য অনুরোধের একটি অফার না পেয়ে থাকেন, তাহলে আপনার সন্তান NYSED অনুমোদিত নন-পাবলিক দিনের স্কুলের একটি প্রোগ্রামে উপস্থিত হবার অধিকার আছে এই মর্মে আপনি একটি চিঠি পাবেন। ঐ শিক্ষা বছরের জন্য এই ভর্তি DOE-এর খরচে হবে। এই নোটিসের সাথে NYSED-অনুমোদিত নন-পাবলিক দিনের স্কুল প্রোগ্রামগুলোর একটি তালিকাও থাকবে।

### সময়রেখার প্রত্যাশাসমূহ

আপনি যদি অযৌক্তিকভাবে আপনার সন্তানের মূল্যায়ন, IEP এবং/অথবা ভর্তি প্রক্রিয়া দেরি করেন, তাহলে এই দেরির সাথে এই সময়রেখা সামঞ্জস্য করা হতে পারে। এই মূল্যায়নের পিরিয়ড চলাকালে কোনো বিশেষ পরিস্থিতিতে যদি আপনি স্কুল ডিস্ট্রিক্ট পরিবর্তন করেন তাহলে সময়রেখা হয়তো বর্ধিত করা হতে পারে।

## প্রিস্কুলের (বয়স 3-5) সময়রেখা

### প্রাথমিক মূল্যায়ন

আপনার সন্তানের মূল্যায়ন পরিচালনার জন্য প্রিস্কুল মূল্যায়নকারী এজেন্সি বেছে নেয়ার অধিকার আপনার আছে। অধিকাংশ মূল্যায়নকারী সাইটগুলো বেসরকারি প্রতিষ্ঠান, তবে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসেও প্রিস্কুল মূল্যায়নের ব্যবস্থা আছে। যখন আপনি প্রাথমিক মূল্যায়নের সম্মতিতে স্বাক্ষর করবেন, তখন প্রিস্কুল মূল্যায়নকারী এজেন্সিকে আপনার প্রথম মূল্যায়নের অ্যাপয়েন্টমেন্টের 20 স্কুল দিবসের মধ্যে আপনার সন্তানের মূল্যায়ন অবশ্যই সম্পন্ন করতে হবে।

আপনি প্রাথমিক মূল্যায়নের সম্মতিতে যে তারিখ স্বাক্ষর করেছেন সেদিন থেকে 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে CPSE-কে অবশ্যই একটি CPSE মিটিং ধার্য

করতে হবে। যেহেতু আপনি স্বাক্ষর না করলে এই সময়সূচির সূচনা হবে না, সেই কারণে আপনার প্রথম মূল্যায়নের অ্যাপয়েন্টমেন্ট যথাশীঘ্র সম্ভব ঠিক করে নেয়া গুরুত্বপূর্ণ। যদি আপনার সন্তান যোগ্য হয়, পরিষেবাগুলো অবশ্যই লভ্য হতে হবে CPSE মিটিংয়ের তারিখ থেকে 30 স্কুল দিবসের মধ্যে অথবা প্রাথমিক মূল্যায়নে সম্মতির স্বাক্ষর করার 60 স্কুল দিবসের মধ্যে, যেটা আগে হবে অথবা প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য বয়স অনুযায়ী যোগ্য হবার প্রথম দিন।

## পুনঃমূল্যায়ন

আপনার সন্তানকে প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী হিসেবে শনাক্ত করার পর, আপনি যে কোনো সময় পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারবেন। যেহেতু আপনি ও CPSE উভয়ে লিখিতভাবে সম্মত না দিলে, তাহলে বছরে একের বেশি CPSE মিটিং হয় না, CPSE সেহেতু একটি পুনর্মূল্যায়নের ব্যবস্থা করবে। পুনর্মূল্যায়নের অনুরোধ জানানোর 60 স্কুল দিবসের মধ্যে CPSE এই বৈঠক বা মিটিংয়ের আয়োজন করবে এবং IEP-তে যেসব প্রোগ্রাম ও সার্ভিসের কথা বলা আছে, সেগুলোর ব্যবস্থা করবে।

## স্বনির্ভর শিক্ষাগত মূল্যায়ন

এই প্রসিডিউরাল সেফগার্ড নোটিসের (পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি) স্বনির্ভর শিক্ষাগত মূল্যায়ন (ইন্ডিপেন্ডেন্ট এডুকেশনাল ইভাল্যুয়েশন) সেকশনে যেভাবে বর্ণিত আছে, সেই অনুযায়ী, DOE দ্বারা আপনার সন্তানের যে মূল্যায়ন করা হয়েছে তাতে যদি আপনি অসম্মত হয়ে থাকেন, তাহলে আপনার সন্তানের স্বনির্ভর শিক্ষাগত মূল্যায়নটি পাবার অধিকার আপনার রয়েছে। নিউ ইয়র্ক সিটিতে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোনো কর্মী কর্তৃক IEE পরিচলনা করা নাও হতে পারে, যেহেতু এটি (সিটি চার্টারের চ্যাপ্টার 68) স্বার্থের দ্বন্দ্ব বিষয়ক আইন দ্বারা নিষিদ্ধ করা হয়েছে।

## প্রমোশন লাভের মানদণ্ড

IEP-যুক্ত শিক্ষার্থীরা চ্যান্সেলরের প্রবিধান A-501-এ রূপরেখাকৃত (schools.nyc.gov/about-us/policies/chancellors-regulations/volume-a-regulations/2) NYCDOE-এর প্রমোশন নীতির আওতাধীন। শিক্ষার্থীদের অগ্রগতি তাদের স্কুলের সংজ্ঞায়িত প্রমোশনের মাপকাঠি অনুযায়ী মূল্যায়ন করা হয়। শিক্ষার্থী যেন তার জ্ঞান ও সক্ষমতা প্রদর্শন করার অনেক সুযোগ পায় তা নিশ্চিত করতে, স্কুল তার অগ্রগতি মূল্যায়নে একাধিক মান ব্যবহার করে।

3 - 8 গ্রেডের IEP-যুক্ত শিক্ষার্থীদের ছোট একটি দলের জন্য, IEP টিম হয়তো তাদের IEP-এর জন্য পরিবর্তিত প্রমোশনের শর্তাবলী সুপারিশ করতে পারেন। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের প্রায় সকল IEP-তে প্রমোশনের সাধারণ মানদণ্ড উল্লেখ করা উচিত। শুধুমাত্র বিরল পরিস্থিতিতে 3 - 8 গ্রেডের প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পরিবর্তিত প্রমোশনের মানদণ্ড থাকবে। আপনার সন্তানকে ELA এবং/অথবা গণিতে (ম্যাথ) সাধারণ নাকি পরিবর্তিত প্রমোশনের মানদণ্ডে ধার্য করা হয়েছে, তা IEP সুনির্দিষ্টভাবে উল্লেখ করবে।

3 - 8 গ্রেডের IEP-যুক্ত শিক্ষার্থীদের যখন যথাযথ স্পেশাল এডুকেশনে বিষয়ক সহায়তা ও পরিষেবা, বিশেষ সুবিধা, এবং বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষানির্দেশনা প্রদান করার পরও, যদি তাদের অগ্রগতির হার এবং প্রতিবন্ধিতার প্রভাব এতই গুরুতর যে তারা স্কুলের প্রমোশনের মানদণ্ড পূরণ করতে অসক্ষম হয়, তখন তাদের ELA এবং/অথবা গণিতে (ম্যাথ) পরিবর্তিত প্রমোশনের মানদণ্ডে ধার্য করা হয়। পরিবর্তিত প্রমোশনের মানদণ্ড সহ শিক্ষার্থীদের প্রমোশনের সিদ্ধান্ত নেয়ার সময় IEP-তে উল্লেখিত ELA এবং গণিতের (ম্যাথ) মানদণ্ড অনুযায়ী ধার্য করা হবে। 9 গ্রেডে প্রমোশন পেতে হলে শিক্ষার্থীদের 8 গ্রেডে অবশ্যই চারটি মূল কোর্সে (ELA, ম্যাথ, সায়েন্স, এবং সোশ্যাল স্টাডিজ) পাশ করতে হবে।

যদি আপনার সন্তানকে সাধারণ কিংবা পরিবর্তিত প্রমোশনের মানদণ্ডে ধার্য করা হয়, তাহলে নির্ধারিত পাঠ্য বিষয়গুলোতে আপনার সন্তানকে আবশ্যকভাবে সামার স্কুলে অংশগ্রহণ করতে হবে, এই মর্মে জুন মাসে আপনাকে অবহিত করা হবে। সামার স্কুলের শেষে, অগাস্ট মাসে আপনি প্রমোশন সিদ্ধান্তের একটি চূড়ান্ত চিঠি পাবেন। যদি আপনি প্রমোশনের চূড়ান্ত সিদ্ধান্তে অসম্মত হয়ে থাকেন, তাহলে অগাস্টের শেষ সপ্তাহে প্রিন্সিপালের কাছে, *লিখিতভাবে,* একটি আবেদন জমা দিতে পারেন। সুপারিনটেনডেন্ট আপিল পর্যালোচনা করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। প্রিন্সিপ্যাল আপনাকে প্রমোশনের চূড়ান্ত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করবেন।

DOE স্কুলসমূহে এনরোলকৃত যেসব IEP-যুক্ত শিক্ষার্থী বিকল্প মূল্যায়নে অংশ নেয়, তাদের প্রমোশনের মানদণ্ডে মাপা হয় না।

## স্পেশাল এডুকেশন প্যারেন্ট সেন্টারসমূহ

নিউ ইয়র্ক সিটির বিভিন্ন স্থানে স্পেশাল এডুকেশন প্যারেন্ট সেন্টারসমূহ রয়েছে। এই সেন্টারগুলো প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়ের পিতামাতাদের তথ্য, সংস্থান বা রিসোর্স, এবং উল্লিখিত বিষয়সমূহে কৌশল প্রদান করে:

1. স্পেশাল এডুকেশন প্রক্রিয়া (রেফার‍্যাল, ব্যক্তিগত মূল্যায়ন এবং ইন্ডিভিজুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম প্রস্তুত এবং উত্তরণ পরিকল্পনা) সংক্রান্ত তথ্যসহ, তাদের সন্তানের শিক্ষাগত প্রোগ্রামগুলোতে অর্থবহ সম্পৃক্ততা প্রসার করে;
2. তাদের ছেলেমেয়েদের প্রতিবন্ধিতা বুঝতে সহায়তা করে;
3. পিতামাতা এবং স্কুল ডিস্ট্রিক্টের মাঝে বিরোধের আশু সমাধান প্রচার ও প্রসার করে;
4. মীমাংসা অধিবেশন এবং স্পেশাল এডুকেশন মধ্যস্থতা ব্যবহার প্রচার ও প্রসার করে;
5. নিরপেক্ষ শুনানি এবং স্টেট অভিযোগ প্রক্রিয়া সহ, প্রক্রিয়াগত ন্যায়বিচার পাওয়ার অধিকার বুঝতে সহায়তা করা;
6. কার্যকরীভাবে যোগাযোগ করতে পিতামাতার দক্ষতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি করা; এবং
7. কোনো বিষয়ে প্রবক্তা হতে অন্য স্কুল এবং অন্য স্বার্থসংশ্লিষ্টদের সাথে একযোগে কাজ করা এবং তাদের ছেলেমেয়েদের শিক্ষাগত প্রোগ্রামে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা।

সহায়তার জন্য অনুগ্রহ করে আপনার নিকটস্থ প্যারেন্ট সেন্টারে যোগাযোগ করুন।

| নাম | ঠিকানা | যোগাযোগের ব্যক্তির নাম | ফোন# | ফ্যাক্স # | ইমেইল ঠিকানা | দ্রষ্টব্য |
|---|---|---|---|---|---|---|
| প্যারেন্ট টু প্যারেন্ট NY, Inc./ স্ট্যাটেন আইল্যান্ড স্পেশাল এডুকেশনাল প্যারেন্ট সেন্টার | 1050 Forest Hill Rd. #108<br>Staten Island, NY 10314 | জোয়্যান ভিটালে (Joanne Vitale), ডিরেক্টর | (718) 494-4872 | (718) 494-4805 | joanne.d.vitale@opwdd.ny.gov | • স্ট্যাটেন আইল্যান্ডে বসবাসকারীদের পরিষেবা দেয়<br>• ওয়েবসাইট: https://parenttoparentnyinc.org/home.html |
| INCLUDEnyc (পূর্বে রিসোর্সেস ফর চিলড্রেন উইথ স্পেশাল নিডস নামে পরিচিত)<br>ইউনাইটেড উই স্ট্যান্ড অভ NY-এর সাথে অংশীদারিত্বে | 116 E 16th Street<br>5th Floor<br>New York, NY 10003 | রিচ ওভার্টন (Rich Overton), ম্যানেজার অভ প্রোগ্রাম অপারেশনস্<br><br>রেনে বেক্যেরা (Renee Becerra), পিতামাতার তথ্য ও প্রশিক্ষণ সমন্বয়কারী বা কোঅর্ডিনেটর | (212) 677-4660 (ইংরেজি)<br><br>(212) 677-4668 (স্প্যানিশ) | (212) 254-4070 | roverton@includenyc.org<br>rbecerra@includenyc.org<br>info@includenyc.org. | • কুইন্স, ব্রুকলিন, দ্যা ব্রংক্স এবং ম্যানহাটানের বাসিন্দাদের পরিষেবা প্রদান করে<br>• ওয়েবসাইট: www.includenyc.org |

## আইনি পরিষেবা (লিগ্যাল সার্ভিস) এবং অ্যাডভোকেসি এজেন্সিসমূহ

নিরপেক্ষ শুনানি বা হিয়ারিংয়ে শিক্ষার্থীদের বিনামূল্যে প্রতিনিধিত্ব করার জন্য লভ্য আইনি পরিষেবা এবং অ্যাডভোকেসি এজেন্সিসমূহের একটি তালিকা নিচে দেয়া হলো। প্রতিটি এজেন্সির তাদের পরিষেবাগুলোর জন্য যেকোনো আবেদন গ্রহণ অথবা প্রত্যাখ্যান করার সুযোগ রয়েছে।

| নাম | ঠিকানা | যোগাযোগের ব্যক্তির নাম | ফোন# | ফ্যাক্স # | ইমেইল ঠিকানা | দ্রষ্টব্য |
|---|---|---|---|---|---|---|
| লিগ্যাল সার্ভিসেস - NYC | | | (917) 661-4500<br>সিটি জুড়ে আইনি সহায়তার হটলাইন | | | • NYC -এর বাসিন্দাদের পরিষেবা দেয়<br>• আয় অনুযায়ী যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে |
| লিগ্যাল সার্ভিসেস - ব্রুকলিন | 105 Court Street, 4th Fl.<br>Brooklyn, NY 11201 | | (718) 237-5500 | (718) 855-0733 | | • ব্রুকলিনের বাসিন্দাদের পরিষেবা দেয়<br>• আয় অনুযায়ী যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে |
| লিগ্যাল সার্ভিসেস - ব্রংক্স | 349 E. 149th St., 10th Fl.<br>Bronx , NY 10451 | | (718) 928-3700 | (718) 402-7566 | | • ব্রংক্সের বাসিন্দাদের পরিষেবা দেয়<br>• আয় অনুযায়ী যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে |
| লিগ্যাল সার্ভিসেস - ম্যানহাটান (আপার) | 1 West 125th St., 2nd Fl.<br>New York, NY 10027 | | (646) 442-3100<br>(212) 348-4093 | | | • ম্যানহাটানের বাসিন্দাদের পরিষেবা দেয়<br>• আয় অনুযায়ী যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে |
| লিগ্যাল সার্ভিসেস - ম্যানহাটান (লোয়ার) | 40 Worth St., Ste., 606<br>New York, NY 10027 | | (917) 661-4500 | | | • ম্যানহাটানের বাসিন্দাদের পরিষেবা দেয়<br>• আয় অনুযায়ী যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে |
| লিগ্যাল সার্ভিসেস - কুইন্স | 89-00 Sutphin Blvd.<br>5th Floor<br>Jamaica, NY 11435 | | (347) 592-2200 | (718) 526-5051<br>(718) 657-8581 | | • কুইন্সের বাসিন্দাদের পরিষেবা দেয়<br>• আয় অনুযায়ী যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে |
| লিগ্যাল সার্ভিসেস - স্ট্যাটেন আইল্যান্ড | 36 Richmond Terrace, Ste. 205<br>Staten Island, NY 10301 | | (718) 233-6480 | (718) 448-2264 | | • স্ট্যাটেন আইল্যান্ডে বসবাসকারীদের পরিষেবা দেয়<br>• আয় অনুযায়ী যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে |
| নিউ ইয়র্ক লয়ার্স ফর দ্যা পাবলিক ইন্টারেস্ট | 151 W. 30th St., 11th Fl.<br>New York, NY 10001 | | (212) 244-4664 | (212) 244-4570 | | • পাঁচ বরোর সবগুলোর বাসিন্দাদের পরিষেবা দেয়<br>• হঠাৎ করে উপস্থিত হওয়া যাবে না (কোনো ওয়াক-ইন নয়)<br>• www.nylpi.org |

| নাম | ঠিকানা | যোগাযোগের ব্যক্তির নাম | ফোন# | ফ্যাক্স # | ইমেইল ঠিকানা | দ্রষ্টব্য |
|---|---|---|---|---|---|---|
| মোবিলাইজেশন ফর জাস্টিস | 100 William Street<br>6th floor<br>New York, NY 10038 | | (212) 417-3786 | (212) 417-3890 | specialed@mfjlegal.org | • পাঁচ বরোর সবগুলোর বাসিন্দাদের পরিষেবা দেয়<br>• স্বল্প-আয়ের পিতামাতাদের জন্য ফ্রি<br>http://mobilizationforjustice.org/projects/warren-j-sinsheimer-childrens-rights-program/ |
| NY লিগ্যাল অ্যাসিস্ট্যান্ট গ্রুপ | 7 Hanover Sq., 18th Fl.<br>New York, NY 10004 | | (212) 613-5000 | | info@nylag.org | www.nylag.org |
| অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন | 151 W. 30th St., 5th Fl.<br>New York, NY 10001 | | (212) 947-9779<br><br>হেল্পলাইন:<br>(866) 427-6033 | (212) 947-9790 | info@advocatesforchildren.org | www.advocatesforchildren.org<br>www.insideschools.org |
| সিনার্জিয়া ইনক্ (Sinergia, Inc.) | 2082 Lexington Ave.<br>3rd Floor<br>New York, NY 10035 | | (212) 643-2840 | (212) 643-2871 | | www.sinergia.org |

**দ্রষ্টব্য:** NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন তালিকাভুক্ত এজেন্সিসমূহের লভ্যতা অথবা কাজ সম্পর্কিত কোনো অনুমোদন অথবা দায়বদ্ধতা গ্রহণ করে না।